একটি নির্দিষ্ট বিজ্ঞু থেকে আলোর বি২ছুরণের সাহায্যে ভূ-গোলকের গ্র্যাটিকুলস্ অন্দ্বকনের দ্বারা যে অভিক্ষেপের সৃষ্টি হয়, তাকে দৃশ্যানুগ অভিক্ষেপ বলে। এক্ষেত্রে একটি উৎস বিজ্ঞু থেকে আলো উৎসারিত হয় এবং এই আলোর রশ্মিগুলি স্ব২ছ ভূ-গোলকের মধ্য দিয়ে একটি তলে পতিত হয়ে ভূ-গোলকের অক্ষরেখা ও দ্রাঘিমারেখাগুলিকে ওই তল পরিস্ফুট করে তোলে। আলোর ধর্ম অনুযায়ী এই অভিক্ষেপ গঠিত হয় বলে একে Geometric Projection বা জ্যামিতিক অভিক্ষেপও বলে। আলোর উৎস এক্ষেত্রে ভূ-গোলকের মধ্যে বা বাইরে থাকতে পারে।

5.8.9 সেমি-পার্স্পেকটিভ অভিক্ষেপ (Semi-perspective projection)

অভিক্ষেপের সময় যখন একশ্রেণীর ছেদরেখাগুলিকে জ্যামিতিকভাবে এবং অন্যশ্রেণীর ছেদরেখাগুলিকে

একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য অন্যভাবে অন্ধকন করা হয়, তখন তাকে সেমি পার্স্পেকটিভ অভিক্ষেপ বলে।

5.8.10 অ-দৃশ্যানুগ অভিক্ষেপ (Non - perspective projection)

একটি নির্দিষ্ট নীতির সাহায্যে কোন নির্দিষ্ট উদ্দেশ্য পরিপূর্ণ করতে যখন কোন অভিক্ষেপ আলোর সাহায্য ছাড়াই অন্ধকন করা হয়, তখন তাকে অ-দৃশ্যানুগ অভিক্ষেপ বলে।

5.8.11 কন্‌ভেনশনাল অভিক্ষেপ (Conventional projection)

যখন কোন নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য আলোর উৎস বা অভিক্ষি৫ তলের সাহায্য ছাড়াই সম্পুর্ণরুপে গাণিতিকভাবে কোন অভিক্ষেপ অন্ধকন করা হয়, তখন তাকে কন্‌ভেনশনাল অভিক্ষেপ বলে।

5.8.12 সমক্ষেত্রফল বিশিষ্ট অভিক্ষেপ (Equal area projection)

যে সকল অভিক্ষেপে মেরুবিচ্ছু এবং যে কোন অক্ষরেখা অথবা দুটি অক্ষরেখার মধ্যবর্তী ক্ষেত্রফল ভূ-গোলকের মেরুবিচ্ছু এবং যে কোন অক্ষরেখা অথবা দুটি অক্ষরেখার মধ্যবর্তী ক্ষেত্রফলের সমান, তাদের সমক্ষেত্রফল বিশিষ্ট অভিক্ষেপ বলে। এই অভিক্ষেপে রেডিয়াল স্কেল এবং ট্যানজেনসিয়াল স্কেল পরস্পরের অনোন্যক অর্থাৎ রেডিয়াল স্কেল যে হারে হ্রাস পায়, ট্যানজেনসিয়াল স্কেল সেই হারে বেড়ে যায় এবং এইভাবে অভিক্ষেপে ক্ষেত্রফল সর্বত্র সঠিক রাখা হয়।

তবে এই প্রক্রিয়ায় স্কেলের সামঞ্জস্য রাখতে গিয়ে আকৃতি ও দূরত্বের বিচ্যুতি ঘটে।

5.8.13 সমাকৃতি অভিক্ষেপ (Orthomorphic or conformal projection)

যেসকল অভিক্ষেপে মানচিত্রের বা ইহার কোন অংশের আকৃতি ভূ-গোলকের বা তার কোন অংশের অনুরূপ হয়, তাদের সমাকৃতি অভিক্ষেপ বলে। একটি অনুরূপ বা সমাকৃতি মানচিত্র অভিক্ষেপ হল, যেখানে মানচিত্রের বিচ্ছুতে স্কেলের বিচ্যুতি সমান হবে অর্থাৎ যে কোন বিচ্ছুতে রেডিয়াল স্কেল এবং ট্যানজেনসিয়াল স্কেল পরস্পর সমান হবে। এইপ্রকার মানচিত্র অভিক্ষেপে কোনরূপ কৌণিক বিচ্যুতি হয় না অর্থাৎ কোণ সংরক্ষিত হয়।

5.8.14 সম-দূরবর্তী অভিক্ষেপ (Equi-distant projection)

সম-দূরবর্তী মানচিত্র অভিক্ষেপ হল সেই প্রকারের অভিক্ষেপ যেখানে কোন একটি বা দুটি বিচ্ছু থেকে সকল অভিমুখে দূরত্ব ভূ-গোলকে সংশ্লিষ্ট বিচ্ছু থেকে সকল অভিমুখে দূরত্বের সমান হয়। অর্থাৎ ভূ-গোলক ও অভিক্ষেপে দূরত্ব সর্বদা সঠিক রাখা হয়। এই অভিক্ষেপে দ্রাঘিমারেখা বরাবর স্কেল অর্থাৎ

রেডিয়াল স্কেল সর্বত্র সমান। কিন্তু অক্ষরেখা বরাবর স্কেল অর্থাৎ ট্যানজেনসিয়াল স্কেল এর বিচ্যুতি ঘটে। স্কেলের এই বিচ্যুতির জন্য আয়তন ঠিক রাখা যায় না।

5.8.15 অ্যাজিমুথাল (Azimuthal) অভিক্ষেপ (Azimuthal projection)

একটি অ্যাজিমুথ (Azimuth) হল একটি প্রকৃত দিগংশ। অ্যাজিমুথাল অভিক্ষেপ হল সেই অভিক্ষেপ যেখানে একটি বা দুটি বিন্দু থেকে সকল অভিমুখে অ্যাজিমুথ ভূ-গোলকের সন্দেগ সঠিকভাবে নির্দেশিত হয়। অন্যভাবে বলা যায়, অভিক্ষেপের উৎপত্তি বিন্দুতে অর্থাৎ কেন্দ্রে যে কোন সরলরেখা বা দ্রাঘিমারেখার মধ্যে উৎপন্ন কোণ জেনারেটিং ভূগোলক - এ অনুরূপ মহাবৃত্ত ও দ্রাঘিমারেখার মধ্যে কোণের সন্দেগ সঠিকভাবে সমান হলে তাকে অ্যাজিমুথাল অভিক্ষেপ বলে।

5.8.16 মূল স্কেল (Principal scale)

ইহা হল জেনারেটিং ভূ-গোলকের স্কেল। ইহা নমিন্‌ল স্কেল (nominal scale) নামেও পরিচিত।

5.8.17 প্রকৃত স্কেল (Actual scale)

অভিক্ষেপের উপর প্রকৃতই বিদ্যমান স্কেল হল প্রকৃত স্কেল। generating ভূ-গোলকের স্কেল অনুযায়ী মানচিত্র আঁকা হয়। কিন্তু সব অক্ষরেখা ও দ্রাঘিমারেখা বরাবর ঐ স্কেল বজায় থাকে না। স্কেলের বিচ্যুতির পরিমাণ অনুযায়ী প্রকৃতপক্ষে অভিক্ষেপের যে বিন্দুতে যে স্কেল হয়, তাহাই হল প্রকৃত স্কেল।

5.8.18 স্কেল ফ্যাক্‌টর (Scale factor)

ইহা হল মূল স্কেলের হর এবং প্রকৃত স্কেলের হরের অনুপাত।

5.8.19 রেডিয়াল স্কেল (Radial scale)

ইহা দ্রাঘিমারেখা (meridian) বরাবর স্কেল।

5.8.20 ট্যানজেনসিয়াল স্কেল (Tangential scale)

ট্যানজেনসিয়াল স্কেল হল অক্ষরেখা (parallel) বরাবর স্কেল।

5.8.21 মধ্য দ্রাঘিমারেখা (Central meridian)

অভিক্ষেপে গ্রাটিকুল graticule এর সমগ্র দ্রাঘিমাংশগত বিস্তৃতিকে যে দ্রাঘিমারেখা সমান দু'ভাগে বিভক্ত করে, তাকে মধ্য দ্রাঘিমারেখা বলে। ইহা হল অভিক্ষেপের সর্বমধ্য দ্রাঘিমারেখা যা প্রধানত

সরলরেখায় অঙ্কিত হয় এবং অক্ষরেখা অঙ্কনের জন্য স্কেল অনুসারে সঠিকভাবে বিভক্ত করা হয়। এর স্কেল ঠিক থাকে।

5.8.22 প্রমাণ অক্ষরেখা (Standard parallel)

ভূ-গোলকের যে অক্ষরেখা শাঙ্কব বা বেলন তলের সঙ্গে স্পর্শক হয়ে থাকে তাকে প্রমাণ অক্ষরেখা বলে। ইহা সর্বদা তলের সঙ্গে স্পর্শক (tangent) হয় এবং স্কেল সঠিক হয়।

5.8.23 গ্রাটিকিউল (Graticule)

পরস্পর ছেদকারী অক্ষরেখা এবং দ্রাঘিমা রেখার জালিকাকে সাধারণত গ্র্যাটিকিউল বলে।

5.9 মানচিত্র অংকন কালীন অনুসরণযোগ্য বিষয় সমূহ হল.

1. 0° দ্রাঘিমা রেখা থেকে পূর্ব গোলার্ধের দ্রাঘিমারেখার মান পূর্বদিকে বা অভিক্ষেপের ডানদিকে বাড়ে। একইভাবে পশ্চিম গোলার্ধের মান পশ্চিমদিকে বা বামদিকে বাড়ে।

2. অক্ষরেখার মান নিরক্ষরেখা থেকে মেরুর দিকে বাড়ে। মেরুস্পর্শী জেনিথাল (Polar Zenithal) অভিক্ষেপে অভিক্ষেপের কেন্দ্রে এই মান সর্বাধিক হয়। কেন্দ্র থেকে অক্ষরেখার মান বাইরের দিকে অর্থাৎ নিরক্ষরেখার দিকে কমতে থাকে। এই প্রকার অভিক্ষেপ ও শাঙ্কব অভিক্ষেপে লক্ষ্য করবেন যে দৈর্ঘ্য বড় এরূপ অক্ষরেখার মান দৈর্ঘ্যে ছোট অক্ষরেখা মানের চেয়ে কম হবে। অর্থাৎ ছোট অক্ষরেখা হলে তার মান বেশী হবে ও বড় অক্ষরেখা হলে তার মান কম হবে। বেলন সমক্ষেত্রফল (Cylindrical equal Area) অভিক্ষেপে সব অক্ষরেখার দৈর্ঘ্য সমান। তাই নিরক্ষরেখাকে লক্ষ্য করে তার উত্তরে বা দক্ষিণে মান ক্রমশ বাড়াতে থাকবেন।



চিত্র 5.8

3. জেনিথাল (Zenithal) অভিক্ষেপে (Polar case) সমগ্র উত্তর গোলার্ধ আঁকলে 0^0 দ্রাঘিমা রেখা নীচে হবে ও 180^0 দ্রাঘিমা রেখা উপরের দিকে হবে, ভূ-গোলক লক্ষ্য করলে দেখবেন পূর্ব গোলার্ধে দ্রাঘিমা রেখার মান anti clockwise অভিমুখে বাড়ছে ও পশ্চিম গোলার্ধের মান ঘড়ির কাঁটার দিক অনুযায়ী বাড়ছে। (চিত্র 5.8)



চিত্র 5.9

সমগ্র দক্ষিণ গোলার্ধ আঁকলে 0° দ্রাঘিমা রেখা উপরে হবে ও 180° দ্রাঘিমা রেখা নীচের দিকে হবে, কারণ তখন দেখবেন পূর্ব গোলার্ধের মান ঘড়ির কাঁটার দিকে বাড়ছে ও পশ্চিম গোলার্ধের মান ঠিক তার বিপরীত দিকে বাড়ছে। (চিত্র 5.9ৰ

4. ভূগোলকের আংশিক অভিক্ষেপের ক্ষেত্রে উল্লিখিত নিয়ম মানা যাবে না। তখন অভিক্ষেপকে সামনে রেখে তার মাঝখানের দ্রাঘিমারেখা অনুযায়ী ডানদিকে বা বাঁদিকে মান লেখা হবে এবং উত্তর গোলার্ধ ও দক্ষিণ গোলার্ধের অক্ষরেখা অংকনের ক্ষেত্রে মনযোগ দেবেন। উত্তর গোলার্ধের অক্ষরেখাগুলি উত্তর মেরুর দিকে অবতল এবং দক্ষিণ গোলার্ধের অক্ষরেখাগুলি দক্ষিণ মেরুর দিকে অবতল (চিত্র 5.10)। নীচের ছবি দেখুন।



চিত্র ঃ 5.10 আংশিক অভিক্ষেপ্রে ক্ষেদ্রোঘিমারেখা ও অক্ষরেখার বিন্যাস

দ্রাঘিমারেখার মান লেখার ক্ষেত্রে পূর্বেই বলা হয়েছে যে 0° এর ডানদিকে হবে পূর্ব গোলার্ধ ও বাঁদিকে হবে পছিম গোলার্ধ। আংশিক অভিক্ষেপের ক্ষেত্রে 0° দ্রাঘিমা রেখার পরিপ্রেক্ষিতে নিয়মটি ঠিক আছে। কিন্তু যদি 180° দ্রাঘিমা রেখা অভিক্ষেপে আঁকতে হয় তখন পূর্ব গোলার্ধের মান 180° দ্রাঘিমা রেখার বাঁদিকে ও পছিম গোলার্ধের মান এর ডান দিকে লিখতে হবে (চিত্র 5.11) এবং অভিক্ষেপের দুই প্রান্তে এদের মান সবচেয়ে কম হবে। 180° দ্রাঘিমা রেখাকে সামনে রেখে ভূগোলক লক্ষ্য করলে দেখবেন যে পূর্ব গোলার্ধ বাম দিকে ও পছিম গোলার্ধ ডান দিকে রয়েছে। উঃ গোলার্ধ বা দঃ গোলার্ধের পরিবর্তনে এই নিয়মের বিচ্যুতি হয় না। এছাড়া **zenithal অভিক্ষেপ কেন, যে কোন প্রকার অভিক্ষেপের ক্ষেত্রে এই একই নিয়ম প্রযোজ্য।** অর্থাৎ যে কোন অভিক্ষেপে অংকিত দ্রাঘিমা রেখাগুলির কোন একই দ্রাঘিমারেখা যদি 180° হয় তাহলে এই নিয়ম প্রযোজ্য, এমন নয় যে 180° দ্রাঘিমারেখাকে অভিক্ষেপের মাঝখানেই অবস্থিত হতে হবে।



চিত্র ঃ 5.11

5. অভিক্ষেপ আঁকার পর তার চারদিকে মোটা করে সীমানা টানবেন। উপরে অভিক্ষেপের নাম লিখবেন। নীচে অভিক্ষেপের স্কেল লিখবেন। সৌষ্ঠ্রর্য বৃদ্ধির জন্য রৈখিক স্কেল আঁকতে পারবেন। প্রশ্নপত্রে রৈখিক স্কেল আঁকার কথা বলা থাকলে অবশ্যই অভিক্ষেপের নীচে ঐ প্রকার স্কেলে এঁকে দেবেন, অন্যথায় না আঁকলেও হবে।

6. গ্র্যাটিকিউলস্ এর মান লেখার ক্ষেত্রে ভুল হওয়ার সম্ভাবনা বেশী থাকে, এজন্য বারবার করে এঁকে দেখে নেবেন যে মানগুলি ঠিক ঠিক লেখা হয়েছে কিনা।

5.10 প্রশ্নাবলী হু.

1. মানচিত্র বলতে কি বোঝায়? মানচিত্রের প্রয়োজনীয়তা কি?
2. মানচিত্র অভিক্ষেপ কাকে বলে? এই অভিক্ষেপ কেন করা হয়?
3. কেন ভূগোলককে পৃথিবীর ক্ষুদ্র সংস্করণ বলা হয়? ইহা পৃথিবীর কি কি ধর্ম বজায় রাখে।
4. মানচিত্র অভিক্ষেপে কি কি ধর্ম (Properties) বজায় রাখা হয়? কোন একটি অভিক্ষেপে কেন সব ধর্ম বজায় থাকে না।
5. দৃশ্যানুগ ও অদৃশ্যানুগ অভিক্ষেপের মধ্যে পার্থক্য করুন।
6. মূল মধ্যরেখা ও মধ্য দ্রাঘিমা রেখার মধ্যে প্রভেদ কোথায়?
7. অভিক্ষেপ তলের প্রকারভেদ করুন ও তার বৈশিষ্ট্য উল্লেখ করুন।
8. প্রমাণ অক্ষরেখা কাকে বলে? সব অক্ষরেখা কি প্রমাণ অক্ষরেখা হতে পারে?

9. মহাবৃত্তের সংজ্ঞা দিন, কি কারণে সব অক্ষরেখা মহাবৃত্ত নয়।
10. অভিক্ষেপ অংকনের সময় কি কি বিষয়গুলির উপর গুরুত্ব দেবেন?

5.11 উত্তর মালা হ্ল.

1. 5.1	দ্রষ্টব্য
2. 5.2,	"
3. 5.2	"
4. 5.2.1	"
5. 5.7.8 ও 5.7.10	"
6. 5.4.4 ও 5.7.21	"
7. 5.7.4	"
8. 5.7 ও 5.7.22	"
9. 5.4	"
10. 5.8	"

একক 6 ❑ স্টিটরিওগ্রাফিক, সহজ শান্দ্বক ব ও বন্‌স্‌ অভিক্ষেপ

6.1 প্রস্তাবনা

উদ্দেশ্য

6.2 মে রুস্পর্শী জেনিথাল স্টিটরিওগ্রাফিক অভিক্ষেপ

6.2.1 নীতি

6.2.2 ত্রিকোণমিতিক গঠন

6.2.3 অনুশীলনী

6.2.4 অন্দ্বকনপ্রণালী

6.2.5 ধর্ম

6.2.6 সীমা বদ্ধতা

6.2.7 ব্যবহার

6.2.8 প্রশ্নাবলী

6.2.9 উত্তরসংকেত

6.3 সহজ শান্দ্বক ব অভিক্ষেপ

6.3.1 নীতি

6.3.2 ত্রিকোণমিতিক গঠন

6.3.3 অনুশীলনী

6.3.4 অন্দ্বকনপ্রণালী

6.3.5 ধর্ম

6.3.6 সীমা বদ্ধতা

6.3.7 ব্যবহার

6.3.8 প্রশ্নাবলী

6.3.9 উত্তরসংকেত

6.4 বন্‌স্‌ অভিক্ষেপ

6.4.1 নীতি

6.4.2 ত্রিকোণমিতিক গঠন

6.4.3 অনুশীলনী
6.4.4 অন্দ্বকনপ্রণালী
6.4.5 ধর্ম
6.4.6 সীমা বদ্ধতা
6.4.7 ব্যবহার
6.4.8 প্রশ্নাবলী
6.4.9 উত্তরসংকেত

6.1 প্রস্তাবনা

একক 5 এ আপনারা মানচিত্র অভিক্ষেপের উদ্দেশ্য, বিষয় বস্তু ও পরিধি জেনেছেন। বুঝতে পেরেছেন যে নানা রকম অভিক্ষেপের মাধ্যমে ভূগোলকের বিভিন্ন ধর্ম বজায় রাখা যায়। আর এজন্য অনেক অভিক্ষেপের গ্র্যাটিকুলসের প্যাটার্নের মধ্যে সাদৃশ্য থাকলেও ধর্মগত দিক থেকে নিজ নিজ বৈশিষ্ট্য ধরে রাখে, প্রত্যেক অভিক্ষেপেরই নিজস্ব অর্ন্তনিহিত গুন থাকে। ফলে বিশেষ কোন নির্দিষ্ট উদ্দেশ্য সাধনে তাদেরকে আঁকা হয়। আর এই কারণে প্রতিটি অভিক্ষেপই অনন্য। এই এককে সে রকম তিনটি অভিক্ষেপের বিষয়ে আলোচনা করা হয়েছে।

উদ্দেশ্য

আপনারা এই একক পাঠ করে

1. মেরুস্পর্শী জেনিথাল স্টিরিওগ্র্যাফিক, সহজ শান্দ্বকব ও বনস্ অভিক্ষেপের গঠন, অংকন করতে পারবেন।
2. মানচিত্র অংকনে দক্ষতা অর্জন করতে পারবেন।
3. ভূগোলকের সন্দ্বেগ এই সব অভিক্ষেপের সাদৃশ্য ও বৈসাদৃশ্য সম্বন্ধে জানতে পারবেন।
4. ভূগোলকের কোন অংশের মানচিত্র কোন অভিক্ষেপে বলা হয় তা জানতে পারবেন।
5. সর্বোপরি এই সব অভিক্ষেপের ধর্ম, ব্যবহার, ত্রুটি সম্বন্ধে জানতে পারবেন।

6.2 মেরুস্পর্শী জেনিথাল স্টিরিওগ্রাফিক অভিক্ষেপ (Polar Zenithal Stereographic Projection)

'স্টিরিওগ্রাফিক' (Stereographic) কথাটির অর্থ হল, সমতল পৃষ্ঠের উপর কোন কঠিন বস্তুর সীমা নির্দিষ্টকরণ। 'Stereographic' means delimitation of solid forms on a plane surface. এই

অভিক্ষেপে তত্তৎগতভাবে সমগ্র ভূগোলক অন্ধকন করা যায়, ব্যতিক্রম শুধু আলোর উৎসের কেন্দ্রটি। একমাত্র এই অভিক্ষেপই দুটি গোলার্ধই একই সন্দেগ দেখানো যায়।

6.2.1 নীতি (Principle)

ইহা একটি দৃশ্যানুগ (Perspective) অভিক্ষেপ এবং এক্ষেত্রে স্পর্শতল যে বিন্দুতে অবস্থান করে, আলোর উৎস ঠিক তার প্রতিপাদ বিন্দুতে থাকে। অক্ষরেখা গুলি এক একটি পূর্ণবৃত্ত এবং দ্রাঘিমারেখাগুলি সরলরেখায় অন্দ্বিকত হয়।

6.2.2 ত্রিকোণমিতিক গঠন (Trigonometrical construction)

(i) ভূগোলকের ব্যাসার্ধ $R = $ [illegible] / RF [illegible]

(ii) যে কোন অক্ষরেখা (ϕ) এর ব্যাসার্ধ ($r\phi$) নির্ণয় চিত্রে (6.1) NWSE জেনারেটিং ভূগোলক নির্দেশ করে যার ব্যাসার্ধ R এবং কেন্দ্র O, NL হল অভিক্ষেপ তল যা N বিন্দুতে স্পর্শক হয়েছে। ভূগোলকের উপর ϕ অক্ষরেখাতে P বিন্দু নেওয়া হল কেন্দ্রে ϕ কোণ উৎপন্ন করে। আলোর উৎস অভিক্ষেপতলের প্রতিপাদ বিন্দু S এ অবস্থিত এবং S বিন্দু থেকে উৎসারিত আলোকরশ্মি P হয়ে বিন্দু অভিক্ষেপতলকে P' বিন্দুতে ছেদ করে। সুতরাং P ও S এর সংযুক্তকারী সরলরেখার বর্ধিতঅংশ NL কে P' বিন্দুতে ছেদ করে ϕ অক্ষাংশ বিশিষ্ট অক্ষরেখার ব্যাসার্ধ NP' রূপে অভিক্ষি৫ হয়।

অতএব চিত্রানুসারে

$\angle POE = \phi$ এবং

$\angle NOP = 90^0 - \phi$

আবার $\angle NSP = \frac{1}{2} \angle NOP$ যেহেতু পরিধিস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেকব

বা $\frac{1}{2}(90^\circ - \phi)$



চিত্র নং ঃ 6.1

সুতরাং NSP' সমকোণী ত্রিভুজ থেকে

$$\frac{NP'}{NS} = \tan\frac{1}{2}(90^\circ - \phi)$$

বা, $NP' = 2R\tan\frac{1}{2}(90^\circ - \phi)$ [NS = 2R]

সুতরাং এই অভিক্ষেপে যে কোনো মানের অক্ষরেখার ব্যাসার্ধ $2R \tan \frac{1}{2}(90^\circ - \phi)$



চিত্র ঃ 6.2 মেরুস্পর্শী জেনিথাল স্টিরিওগ্রাফিক অভিক্ষেপ

6.2.3 অনুশীলনী

1 : 250,000,000 স্কেলে 10° ব্যবধানে Azimuthal Stereographic Projection (Polar case) এ উত্তর গোলার্ধের জন্য graticule অন্ধকন করুন।

হিসাবঃ

(i) ভূগোলকের ব্যাসার্ধ $R = \frac{640,000,000}{250,000,000}$ cm

$= 2.56$ cm

(ii) যে কোনো অক্ষরেখা ϕ এর ব্যাসার্ধ $r_\phi = 2R\tan\frac{1}{2}(90^\circ - \phi)$

ইহা সারণীর আকারে দেখানো হল ঃ

ϕ	$\frac{90°-\phi}{2}$	$\tan\frac{90°-\phi}{2}$	2R	$2R\tan\frac{90°-\phi}{2}$ (cm)
90°	0	0		0
80°	5°	0.08748		0.44794
70°	10°	0.17632		0.90279
60°	15°	0.26794		1.37189
50°	20°	0.36397		1.86352
40°	25°	0.46630	5.12 cm	2.38749
30°	30°	0.57735		2.95603
20°	35°	0.070020		3.58506
10°	40°	0.83909		4.29619
0°	45°	1		5.12

6.2.4 অন্ধকনপ্রণালী ঃ

(i) অন্ধকনের কাগজের কেন্দ্রে দুটি সরলরেখা সমকোণে টানুন।। এই রেখাগুলি 90° ব্যবধানে দ্রাঘিমারেখা নির্দেশ করে। ধরা যাক, এই রেখাদুটির কেন্দ্রবিচ্ছু হল N অর্থাৎ উত্তর মেরু।

(ii) মেরুকে কেন্দ্র করে প্রতিটি অক্ষরেখার ব্যাসার্ধের মান নিয়ে এককেন্দ্রিক পূর্ণবৃত্ত অন্ধকন করুন। এই বৃত্তগুলি প্রদত্ত ব্যবধানে অক্ষরেখা নির্দেশ করে।

(iii) চাঁদার কেন্দ্রকে সঠিকভাবে অভিক্ষেপের কেন্দ্রে স্থাপন করুন এবং প্রদত্ত কৌণিক ব্যবধানে বিচ্ছু দ্বারা চিহ্নিত করুন।

(iv) অভিক্ষেপের কেন্দ্র থেকে চিহ্নিত বিচ্ছুগুলিকে সরলরেখায় যোগ করুন এবং যদি প্রয়োজন হয় সীমান্ত অক্ষরেখা পর্যন্ত একে বর্ধিত করুন। এই সরলরেখা দ্রাঘিমারেখা নির্দেশ করে।

(v) নীচের মধ্য দ্রাঘিমারেখাকে 0° লিখুন, এবং anticlockwise অভিমুখে ডানদিকে পূর্ব গোলার্ধের দ্রাঘিমারেখার মান ও clockwise অভিমুখে বামদিকে পছিম গোলার্ধের দ্রাঘিমারেখার মান লিখুন। এভাবে Graticules এর জালিকা গঠন সম্পূর্ণ হল।

6.2.5 ধর্ম (Properties)

(i) ভূগোলকের ন্যায় অভিক্ষেপেও সঠিক দিগংশ বজায় থাকে।

(ii) এই অভিক্ষেপে আলোর উৎসের মধ্য দিয়ে এবং অভিক্ষেপ তলের স্পর্শকবিচ্ছুর মধ্য দিয়ে যে মহাবৃত্ত অতিক্রান্ত হয়, তা অভিক্ষেপে সরলরেখায় পতিত হয়। এই কারণে দ্রাঘিমারেখাগুলি সরলরেখা নির্দেশ করে এবং কেবলমাত্র এরাই মহাবৃত্ত।

(iii) Radial ও tangential স্কেলের বিচ্যুতি কেন্দ্র থেকে যতদূরে যাওয়া যায় ততই বেশী হয় যদিও Gnomonic অভিক্ষেপের মত ইহা অতো বেশী নয়। অভিক্ষেপের কেন্দ্রের নিকট স্কেলের বিচ্যুতি প্রায় নগন্য কিন্তু এর থেকে যতই দূরে যাওয়া যায়, বিচ্যুতির মাত্রা দ্রুততর হয়। বস্তুত স্কেলের বিচ্যুতির পরিমাণ মেরু থেকে দূরত্বের পরিমাণের সমানুপাতিক।

(iv) এই অভিক্ষেপ সমাকৃতি বৈশিষ্ট্য সম্পন্ন। একই বিচ্ছুতে Radial ও tangential স্কেল সমান বলে ইহা বজায় থাকে।

6.2.6 সীমাবদ্ধতা (Limitation)

স্পর্শকতল যে বিচ্ছুতে ছেদ করেছে তার প্রতিপাদবিচ্ছুকে অভিক্ষি৫ করা যায়না। যদি ধরে নেওয়া যায় ইহা সম্ভব তাহলে ওই বিচ্ছুটি অভিক্ষেপের মধ্যে সর্ববৃহৎ বৃত্তরূপে অভিক্ষি৫ হয় স্কেলের বিচ্যুতি অপরিসীম বলে।

6.2.7 ব্যবহার (Use)

(i) সাধারণত পৃথিবীর মানচিত্র এক একটি গোলার্ধে আঁকার জন্য ইহা ব্যবহৃত হয় এবং উ২চ ও মধ্য অক্ষাংশের পৃথক পৃথক দেশ অন্দ্বকনের জন্যও ব্যবহৃত হয়।

(ii) সমাকৃতি ধর্ম থাকে বলে এই অভিক্ষেপ প্রায়শই এক অভিক্ষেপ থেকে অপর অভিক্ষেপে অন্দ্বকন করার মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়। এই বৈশিষ্ট্যের জন্য Equatorial ও Oblique Zenithal Equal area এবং Equidistant অভিক্ষেপের ক্ষেত্রে গাণিতিক গণনার সাহায্য ব্যতিরেকে অন্দ্বকন করা যায়।

(iii) Generating globe এর যে কোন বৃত্ত এই অভিক্ষেপে বৃত্তরূপেই অবস্থান করে বলে field astronomy-র অনেক সমস্যা graphical solution এর মাধ্যমে সমাধান করা যায়।

6.2.8 প্রশ্নাবলী

নিম্নলিখিত স্কেল, ব্যবধান ও বিস্তৃতি অনুযায়ী জেনিথাল স্টিরিওগ্রাপিক জ্বমেরুস্পর্শীৰ অভিক্ষেপ অন্দ্বকন করুন।

1. বিস্তৃতি - 60° দঃ থেকে দক্ষিণ মেরু
   পূর্ব ও পছিম গোলার্ধ

ব্যবধান - 10°

স্কেল - 1 : 50,000,000

2. বিস্তৃতি - উত্তর - পূর্ব গোলার্ধে

ব্যবধান - 15°

স্কেল - 1 : 125×10^6

3. বিস্তৃতি - 50° উঃ থেকে 80° উঃ অক্ষাংশ
90° পঃ থেকে 90° পূঃ দ্রাঘিমাংশ, মূলমধ্যরেখাকে অতিক্রম করে।

ব্যবধান - 10°

স্কেল - 1 cm তে 600 km

4. বিস্তৃতি - অক্ষাংশ ঃ 50° দঃ থেকে 90° দঃ

দ্রাঘিমাংশ - 150° পূঃ থেকে 150° পঃ

ব্যবধান - 10°

স্কেল - ভূগোলকের ব্যস 32 cm

5. ইহা কোন শ্রেণীর অভিক্ষেপ? আলোর উৎস কোথায় থাকে?
6. এই অভিক্ষেপে অক্ষরেখার ব্যাসার্ধের জন্য সূত্র নির্ণয় করুন।
7. এই অভিক্ষেপকে কেন সমাকৃতি (orthomorphic) বলা হয়? কি ভাবে এই বৈশিষ্ট্য বজায় থাকে?
8. এই অভিক্ষেপের বিশেষ ব্যবহার সম্বন্ধে লিখুন।

6.2.9 উত্তর সংকেত হু.

1. থেকে 4 প্রদত্ত মান অনুযায়ী আঁকতে হবে
5. 6.2.1 দ্রষ্টব্য
6. 6.2.2 "
7. 6.2.5 (iii, iv) "
8. 6.2.7 "

6.3 সহজ শান্ধকব অভিক্ষেপ (Simple Conical Projection)

একটি প্রমাণ অক্ষরেখা বিশিষ্ট সরল শান্ধকব অভিক্ষেপ (Simple conical projection with one standard parallel)

এই অভিক্ষেপে শন্ধকু বিকাশশীল পৃষ্ঠ হিসেবে ভূ-গোলককে স্পর্শ করে। তাই এর নাম শান্ধকব অভিক্ষেপ। এটি একটি অ-দৃশ্যানুগ (Non-perspective) অভিক্ষেপ জ্বযদিও দৃশ্যানুগ শান্ধকব অভিক্ষেপ হয়ব। এখানে অক্ষরেখা গুলি দ্রাঘিমারেখা বরাবর সমদূরত্বে অবস্থান করে বলে একে সম-দূরবর্তী (Equidistant) অভিক্ষেপ বলে। অভিক্ষেপটিতে মেরুবিচ্ছু একটি বৃত্তচাপ রূপে, অক্ষরেখাগুলি এককেন্দ্রিক বৃত্তচাপরূপে এবং দ্রাঘিমারেখাগুলি কেন্দ্রবিমুখ সরলরেখারূপে অভিক্ষি৫ হয়।

6.3.1 নীতি (Principle)

এই অভিক্ষেপে একটি পূর্ণ-বৃত্তীয় শন্ধকু একটি নির্বাচিত অক্ষরেখা বরাবর ভূ-গোলককে স্পর্শ করে। এই অক্ষরেখাটিকে বলে প্রমাণ অক্ষরেখা (Standard parallel)। এই প্রমাণ অক্ষরেখার দৈর্ঘ্য ভূ-গোলকের দৈর্ঘ্যের সন্দেগ সমান। দ্রাঘিমারেখাগুলিকে টানার জন্য তাই একে সঠিকভাবে ভাগ করা হয়। অক্ষরেখাগুলির মধ্যে সমদূরত্ব রাখার জন্য মধ্য দ্রাঘিমা রেখাকে (Central meridian) সমানভাবে ভাগ করা হয়।

Standard parallel বা প্রমাণ অক্ষরেখার ব্যাসার্ধের উপর নির্ভর করে অন্য রেখাগুলির ব্যাসার্ধ তথা দৈর্ঘ্য পরিবর্তিত হয়। প্রমাণ অক্ষরেখা যদি নিরক্ষরেখার দিকে অবস্থান করে তবে শন্ধকুর শীর্ষবিচ্ছু মেরু থেকে অনেক উপরে অবস্থান করে।

6.3.2 ত্রিকোণমিতিক (Trigonometrical Construction)

সূত্রাবলী (Theory)

(i) ভূগোলকের ব্যাসার্ধ = $\frac{\text{[illegible]}}{\text{RF.[illegible]}}$

(ii) প্রমাণ অক্ষরেখা নির্বাচন= $\frac{\phi_1 + \phi_2}{2}$

(iii) প্রমাণ দ্রাঘিমারেখা নির্বাচন = $\frac{\theta_1 + \theta_2}{2}$

(iv) প্রমাণ অক্ষরেখার ব্যাসার্ধ = R $\cot\phi 0$

চিত্রে, (6,3,1) O কেন্দ্রবিশিষ্ট NWSE হল জেনারেটিং ভূগোলোক এবং NYZ শঙ্কুটি KP রেখা বরাবর ইহাকে স্পর্শ করেছে অর্থাৎ KP হল প্রমাণ অক্ষরেখা, যার ব্যাসার্ধ LP অভিক্ষিপ্ত হয়েছে N'P রূপে।



চিত্র ঃ 6.3

এখন N'OP সমকোণী ত্রিভুজ থেকে

$\frac{N'P}{OP}$ বা $\frac{N'P}{R}\cot\phi 0$

বা $N'P = R\cot\phi 0$

$\therefore$ প্রমাণ অক্ষরেখার ব্যাসার্ধ $(r\phi 0) = R\cot\phi$

(v) অক্ষরেখা অন্ধকনের জন্য মধ্য দ্রাঘিমারেখার

বিভাজন $\frac{\prod R}{180^\circ} \times$ int

বা $R \times (int.)^c$

(vi) দ্রাঘিমারেখা অন্ধকনের জন্য প্রমাণ অক্ষরেখার (ϕ_0) বিভাজন $\frac{2\prod R\cos\phi 0}{360^\circ} \times$ int

বা, $R\cos\phi_0\ (int.)^c$

6.3.3 অনুশীলনী— (Conventional projection)

1 : 30,000,000 স্কেলে এক প্রমাণ অক্ষরেখা বিশিষ্ট সহজ শান্ধক ব অভিক্ষেপে ভারতের মানচিত্র অন্ধকনের জন্য 4^0 ব্যবধানে গ্র্যাটিকিউল অন্ধকন করুন।

বিস্তার { অক্ষাংশগত - 8° উত্তর. থেকে 40° উত্তর.
দ্রাঘিমাগত - 68° পূর্ব. থেকে 100° পূর্ব.

হিসাব হল—

(i) ভূগোলকের ব্যাসার্ধ $R = \frac{640,000,000}{30,000,000}$ cm

$= 21.33333$ cm

(ii) প্রমাণ অক্ষরেখা নির্বাচন $= \frac{8^\circ+40^\circ}{2}$

$= 24^\circ$ উঃ

(iii) প্রমাণ দ্রাঘিমারেখা নির্বাচন = $\frac{68^\circ+100^\circ}{2}$

= 84° পূঃ

(iv) প্রমাণ অক্ষরেখার ব্যাসার্ধ $r\phi_0$ = 21.33333 cm cot 24°

= 21.33333cm × 2.24603

= 47.91544cm

(v) অক্ষরেখা অন্ধকনের জন্য মধ্য দ্রাঘিমারেখার বিভাজন R×(4°)^c

= 21.3333cm × (4°)^c

= 1.48934cm

(vi) দ্রাঘিমারেখা অন্ধকনের জন্য প্রমাণ অক্ষরেখার ($r\phi_0$) বিভাজন R cos24°×(4°)^c

= 21.33333cm. cos24° × (4°)^c

= 1.36057cm



চিত্র নং ঃ 6.4 সহজ শান্ধকব অভিক্ষেপে ভারত

6.3.4 অন্দ্বকনপ্রণালী

(i) পৃষ্ঠার একেবারে মাঝখানে উলম্বভাবে একটি সরলরেখা অন্দ্বকন করুন যা মধ্য দ্রাঘিমারেখা নির্দেশ করে।

(ii) মধ্য দ্রাঘিমারেখাকে ভাগ করার জন্য যে মান পাওয়া গেছে সেই অনুযায়ী ইহাকে যতগুলি অক্ষরেখা টানতে হবে ততগুলি ভাগে ভাগ করুন।

(iii) প্রমাণ অক্ষরেখার ব্যাসার্ধ অনুযায়ী মধ্য দ্রাঘিমারেখার উপর অভিক্ষেপের কেন্দ্র নির্দিষ্ট করুন।

(iv) অভিক্ষেপের কেন্দ্র থেকে মধ্য দ্রাঘিমারেখার উপর নির্নীত প্রতিটি বিচ্ছুর উপর এককেন্দ্রিক বৃত্তচাপ অন্দ্বকন করুন। ইহারা এক একটি অক্ষরেখা নির্দেশ করে।

(v) দ্রাঘিমারেখা অন্দ্বকন করার জন্য প্রমাণ অক্ষরেখাকে ভাগ করার জন্য প্রা৫ মানের সাহায্যে প্রয়োজনীয় দ্রাঘিমা অনুযায়ী মধ্য দ্রাঘিমারেখার উভয়দিকে ভাগ করুন এবং অভিক্ষেপের কেন্দ্র থেকে অক্ষরেখার বিভাজন বিচ্ছুর মধ্য দিয়ে সর্বশেষ অক্ষরেখা পর্যন্ত সরলরেখা অন্দ্বকন করুন, ইহারাই হল দ্রাঘিমারেখা। এইভাবে এক প্রমাণ অক্ষরেখা বিশিষ্ট সহজ শান্দ্বকব অভিক্ষেপে প্রদত্ত বিস্তৃতি অনুযায়ী গ্র্যাটিকিউল অন্দ্বকন সম্পূর্ণ হল।

● শাঙ্খব অভিক্ষেপে অক্ষাংশগত পরিসরের ঠিক মাঝখানের অক্ষরেখাকে প্রমাণ অক্ষরেখা রূপে সাধারণত নির্বাচন করা হয়। একইভাবে মধ্য দ্রাঘিমারেখাকেও নির্বাচন করা হয়। এই দুই রেখাকে ভিত্তি করে অভিক্ষেপ আঁকা হয়। কিন্তু গ্র্যাটিকূলের ব্যবধান এমনভাবে উল্খে থাকে যে তাতে গ্র্যাটিকূল আঁকা সমস্যা মনে হতে পারে। যেমন ধরা যাক, সহজ শান্দ্বকব অভিক্ষেপের জন্য 50° পূর্ব থেকে 100° পূঃ দ্রাঘিমার জন্য 10° ব্যবধানে দ্রাঘিমারেখা আঁকতে হবে। এক্ষেত্রে আঁকার জন্য দ্রাঘিমারেখা গুলি হল 50°, 60°, 70°, 80°, 90° ও 100°। কিন্তু এদের কোনটিই দ্রাঘিমারেখা নয়। মধ্য দ্রাঘিমা রেখা হবে 75° পূঃ এই রেখা থেকে 5° ব্যবধানে একদিকে 70° ও ডানদিকে 80° এই দ্রাঘিমারেখা টানা হলে তারপর থেকে 10° ব্যবধানে বাকী রেখা টানতে হবে। এই ধরণের সমস্যা প্রমাণ অক্ষরেখার ক্ষেত্রে হলে এই একই উপায় গ্রহণ করবেন। অভিক্ষেপে এই দুই রেখাকে ভগ্ন রেখায় (broken line) দেখবেন। চিত্র 6.3.7

বন্স (Bonne's), সাইনুময়ডাল (Sinusoidal) ও বহুশান্দ্বকব (Polyconic) অভিক্ষেপের ক্ষেত্রে ইহা প্রযোজ্য।



চিত্র নং ঃ 6.5 মধ্য দ্রাঘিমারেখার অবস্থান

6.3.5 ধর্ম (Properties)

(i) এই অভিক্ষেপে কেবলমাত্র প্রমাণ অক্ষরেখার স্কেল এবং সকল দ্রাঘিমারেখার স্কেল ভূ-গোলকের সন্দেগ সর্বদা সঠিক থাকে। প্রমাণ অক্ষরেখা ছাড়া ইহার উত্তর বা দক্ষিণে অন্যান্য অক্ষরেখার স্কেলের বিচ্যুতি ঘটে এবং ইহাদের দৈর্ঘ্য ভূ-গোলকের দৈর্ঘ্যের তুলনায় বেশী হয়।

(ii) দ্রাঘিমারেখার স্কেল সঠিক থাকে কারণ প্রত্যেকটি দ্রাঘিমারেখার দৈর্ঘ্য মধ্যদ্রাঘিমারেখার দৈর্ঘ্যের সমান। প্রতিটি বৃত্তচাপ এককেন্দ্রিক বৃত্ত হয়। অক্ষরেখাগুলির মধ্যে দূরত্ব সমান থাকে, ফলে দুটি অক্ষরেখার মধ্যবর্তী যে কোন দ্রাঘিমারেখার দূরত্ব সর্বত্র সমান।

(iii) দ্রাঘিমারেখার স্কেল সর্বত্র সমান থাকায় ইহা Equi-distant বা সম-দূরবর্তী ধর্ম বজায় রাখে

(iv) ইহা সমক্ষেত্রফল বা সমাকৃতি বিশিষ্ট অভিক্ষেপ নয়।

6.3.6 সীমাবদ্ধতা (Limitation)

(i) মেরুবিচ্ছু ভূগোলকে বিচ্ছুরূপে থাকলেও এই অভিক্ষেপে তা একটি বৃত্তচাপরূপে উপস্থাপিত হয়।

(ii) এই অভিক্ষেপে আকৃতির ভালোমত বিচ্যুতি ঘটে। তাই কেবলমাত্র স্বল্প পরিসরে অক্ষাংশের বিস্তৃতি অন্দ্বকন সুবিধাজনক।

(iii) এই অভিক্ষেপের সাহায্যে পৃথিবীর মানচিত্র অন্দ্বকন করা যায় না।

(iv) মহাদেশ অন্দ্বকনও এই অভিক্ষেপে যুক্তিযুক্ত নয়।

6.3.7 ব্যবহার (Use)

যে সমস্ত দেশ ছোট বিশেষত অক্ষাংশগত বিস্তৃতি কম, কিন্তু দ্রাঘিমাংশগত বিস্তৃতি বেশী, সেসব দেশ অন্দ্বকন করা যায়। সাধারণত মধ্য অক্ষাংশ বা নাতিশীতোষ্ণ অঞ্চলের দেশগুলি এই অভিক্ষেপে অন্দ্বকন করা যায়।

6.3.8 প্রশ্নাবলী

প্রদত্ত অক্ষাংশ ও দ্রাঘিমাংশের বিস্তৃতি, ব্যবধান ও স্কেল দ্বারা এক প্রমাণ অক্ষরেখা বিশিষ্ট সহজ শান্দ্বকব অভিক্ষেপ অংকন করুন।

(1) বিস্তৃতি হল অক্ষাংশ - 5° উঃ. 35° উঃ.
দ্রাঘিমাংশ - 65° পূঃ. 95° পূঃ.
ব্যবধান - 5°
স্কেল - 1 : 80,000,000

(2) বিস্তৃতি হল অক্ষাংশ - 10° দঃ. 50° উঃ.
দ্রাঘিমাংশ - 55° পঃ. 35° পূঃ.
ব্যবধান - 15°
স্কেল - 1 : 85,000,000

(3) বিস্তৃতি হল অক্ষাংশ - 20° দঃ. 60° দঃ.
দ্রাঘিমাংশ - 30° পঃ. 100° পঃ.
ব্যবধান - 10°
স্কেল - 1 cm এতে 640 km.

(4) সহজ শান্দ্বকব অভিক্ষেপের ধর্ম লিখুন, কোন কোন দেশের মানচিত্র এই অভিক্ষেপে অংকন করা যুক্তি যুক্ত ?

6.3.9 উত্তর সংকেত

1 থেকে 3 - আঁকতে হবে

4 - 6.3.6, 6.3.7 দ্রষ্টব্য

6.4 বন্‌স্‌ অভিক্ষেপ (Bonne's Projection)

Rigobert Bonne একজন ফরাসী কার্টোগ্রাফার এই অভিক্ষেপের রূপকার অক্ষরেখা। এককেন্দ্রিক বৃত্তচাপ হিসাবে এবং মেরু একটি বিন্দু হিসাবেই অভিক্ষিপ্ত হয়। মধ্য দ্রাঘিমারেখার উপর অক্ষরেখাগুলিকে সঠিকভাবে ভাগ করা হয়। দ্রাঘিমারেখাগুলি মধ্য দ্রাঘিমারেখার দিকে অবতল বক্ররেখারূপে অবস্থান করে।

6.4.1 নীতি (Principle)

এই অভিক্ষেপটি সহজ শান্ধকব অভিক্ষেপের পরিবর্তিত রূপ। এক্ষেত্রে একটি প্রমাণ অক্ষরেখা থাকে, তবে স্কেলের বিচ্যুতি ইহার উত্তর ও দক্ষিণে খুব বেশী হয়। সহজ শান্ধকব অভিক্ষেত্রে দ্রাঘিমারেখাগুলি সরলরেখা এবং এই সরলরেখারূপে দ্রাঘিমারেখাগুলি প্রমাণ অক্ষরেখার বিভাজন বিন্দুর মধ্য দিয়ে টানা হলেও অক্ষরেখা বরাবর স্কেলের এই ত্রুটিকে দূর করার জন্য Bonne's অভিক্ষেপে প্রতিটি অক্ষরেখাকে সঠিকভাবে ভাগ করা হয়। অর্থাৎ অক্ষরেখার স্কেল ঠিক রাখা হয় এবং এর উপর যে বিভাজন বিন্দু পাওয়া যায় তার মধ্যে দিয়ে মসৃণ বক্ররেখারূপে দ্রাঘিমারেখা অন্ধকন করা হয়। সুতরাং সহজ শান্ধকব অভিক্ষেপে কেবলমাত্র প্রমাণ অক্ষরেখাকে ভাগ করে দ্রাঘিমা রেখা টানা হয় কিন্তু এক্ষেত্রে প্রতিটি অক্ষরেখাকে ভাগ করে দ্রাঘিমারেখা টানা হয়। এই ব্যতিক্রমটুকু বাদ দিলে বন্‌স্‌ অভিক্ষেপের নীতি ও সহজ শান্ধকব অভিক্ষেপের নীতি একই। শুধুমাত্র অক্ষরেখা বরাবর স্কেলকে সঠিক রাখার দ্বারাই পরিবর্তনটি সাধিত হয়েছে এবং একে একটি সমক্ষেত্রফল অভিক্ষেপে রূপদান করা হয়েছে।

6.4.2 ত্রিকোণমিতিক গঠন (Trigonometrical Construction)

সূত্রাবলী (Theory)

(i) ভূগোলকের ব্যাসার্ধ (R) = [illegible] / R.F. [illegible]

(ii) প্রমাণ অক্ষরেখা নির্বাচন = $\frac{\phi_1 + \phi_2}{2}$

(iii) মধ্য দ্রাঘিমারেখা নির্বাচন = $\frac{\theta_1 + \theta_2}{2}$

(iv) প্রমাণ অক্ষরেখার ব্যাসার্ধ = $R \cot \phi_0$ ত্বশান্ধকব অভিক্ষেপের ন্যায়ৰ

(v) অক্ষরেখা অন্দবকনের জন্য মধ্য দ্রাঘিমারেখার বিভাজন $= \frac{\prod R}{180^o} \times (int.)^o$

বা $R(int.)^c$

(vi) দ্রাঘিমারেখা অন্দবকনের জন্য অক্ষরেখাগুলির বিভাজন $\frac{2\prod R\cos\phi_0}{360^o} \times (i)^\circ$

বা $R\cos\phi\,(i)^c$

6.4.3 অনুশীলনী

1: 50×10^6 স্কেলে 10^o ব্যবধানে অষ্ট্রেলিয়া মহাদেশের মানচিত্রের জন্য 10°S থেকে 50°S এবং 110°E থেকে 170°E বিস্তারের গ্র্যাটিকিউলস অভিক্ষেপে অন্দবকন করুন।

হিসাবহ্ণ

(i) ভূগোলকের ব্যাসার্ধ $R = \frac{640\times10^6}{50\times10^6}$ cm

$= 12.8$ cm

(ii) প্রমাণ অক্ষরেখা নির্বাচন $= \frac{10^o S + 50^o S}{2}$

$= 30^oS$

(iii) মধ্য দ্রাঘিমারেখা নির্বাচন $\frac{110^o+170^o}{2}$

$= 140^oE$

(iv) প্রমাণ অক্ষরেখার $(r\phi_0)$ ব্যাসার্ধ

$= R\cot 30^o$

$= 12.8$ cm $\times$ 1.73205

$= 22.17$ cm

(v) অক্ষরেখা অন্দবকনের জন্য মধ্য দ্রাঘিমারেখার বিভাজন দৈর্ঘ্য

$= R(10^o)^c$

$= 1.28$ cm $\times$ 174532

$= 2.23$ cm

(vi) দ্রাঘিমারেখা অন্দ্বকনের জন্য অক্ষরেখার বিভাজন দৈর্ঘ্য R cos(int)^{c} = 12.8cm cosϕ(10°)^{c}

ϕ	cos ϕ	R(i)cm	R cosϕ(i)^{c}(cm)
10°	0.9848	2.23	2.20
20°	0.93969	2.23	2.10
30°	0.86602	2.23	1.93
40°	0.76604	2.23	1.71
50°	0.64278	2.23	1.43

6.4.4 অন্দ্বকন প্রণালী ঃ

(i) অন্দ্বকনের কাগজের ঠিক মাঝখানে উজ্মস্বভাবে একটি সরলরেখা টানুন যা মধ্য দ্রাঘিমারেখা নির্দেশ করে।



চিত্র ঃ 6.6 বন্স্ অভিক্ষেপে অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ড

(ii) মধ্য দ্রাঘিমারেখাকে ভাগ করার জন্য যে মান পাওয়া গেছে সেই অনুযায়ী মধ্য দ্রাঘিমারেখাকে যতগুলি অক্ষরেখা টানতে হবে ততগুলি ভাগ করুন।

(iii) প্রমাণ অক্ষরেখার ব্যাসার্ধ অনুযায়ী মধ্য দ্রাঘিমারেখার উপর অভিক্ষেপের কেন্দ্র নির্দিষ্ট করুন।

(iv) অভিক্ষেপের কেন্দ্র থেকে মধ্য দ্রাঘিমারেখার উপর নির্ণীত প্রতিটি বিচ্ছুর উপর এককেন্দ্রিক বৃত্তচাপ আঁকুন। ইহারা এক একটি অক্ষরেখা নির্দেশ করে।

(v) দ্রাঘিমারেখা অন্ধকনের জন্য প্রত্যেক অক্ষরেখাকে বিভাজনের যে পৃথক মান পাওয়া গেছে সেই মান অনুযায়ী মধ্য দ্রাঘিমারেখার উভয় দিকেই অক্ষরেখাগুলির উপর বিচ্ছু স্থাপন করুন।

(vi) প্রত্যেক অক্ষরেখার নির্দিষ্ট মানের বিভাজন বিচ্ছুগুলিকে মসৃণ বক্ররেখার দ্বারা যুক্ত করা হল। ইহারা দ্রাঘিমারেখা নির্দেশ করে।

অতএব এইরূপে বন্‌স্ অভিক্ষেপে প্রদত্ত বিস্তার অনুযায়ী গ্র্যাটিকিউলস অন্ধকন সম্পূর্ণ হল।

বিশেষদ্রষ্টব্য ঃ

সহজ শান্ধকব ও Bonne's অভিক্ষেপে প্রমাণ অক্ষরেখার শীর্ষবিচ্ছু যে মেরু বিচ্ছুর উপরে অবস্থান করে সেই গোলার্ধের সাপেক্ষে সব অক্ষরেখা আঁকা হবে। এক্ষেত্রে বিপরীত গোলার্ধের অক্ষরেখাও প্রমাণ অক্ষরেখার সাপেক্ষে টানা হবে। ধরা যাক যদি 20° দঃ. থেকে 60° উঃ. অক্ষাংশের জন্য অভিক্ষেপ আঁকতে হয় তাহলে ওদের জন্য প্রমাণ অক্ষরেখা 20° উঃ. হলে দক্ষিণ গোলার্ধের সব অক্ষরেখাই উত্তর গোলার্ধের মত হবেই। নিরক্ষরেখাও একই রকমভাবে টানা হবে (চিত্র 6.7)।



চিত্র ঃ 6.7 গোলার্ধের পরিবর্তন ও অক্ষরেখার প্যাটার্ন

6.4.5 ধর্ম (Properties)

(i) ইহা একটি সমক্ষেত্রফল বিশিষ্ট অভিক্ষেপ। প্রতিটি অক্ষরেখা এক একটি এককেন্দ্রিক বৃত্তচাপ নির্দেশ করে, ফলে অক্ষরেখাগুলির মধ্য বর্তী দূরত্ব সর্বত্র সমান। প্রতিটি অক্ষরেখা ভূগোলকের সমান দৈর্ঘ্যের অর্থাৎ প্রতিটি অক্ষরেখা বরাবর স্কেল সমান। সুতরাং ভূগোলকের দুটি অক্ষরেখা বরাবর স্কেল সমান। সুতরাং ভূগোলকের দুটি অক্ষরেখার মধ্য বর্তী ক্ষেত্রফল অভিক্ষেপে ওই দুই অক্ষরেখার মধ্য বর্তী ক্ষেত্রফলের সমান। তাই ইহা একটি সমক্ষেত্রফল অভিক্ষেপ।

(ii) একমাত্র মধ্য দ্রাঘিমারেখা বরাবর স্কেল ঠিক থাকে এবং ইহার উভয়পার্শ্বে স্কেলের বিচ্যুতি ক্রমশ বাড়তে থাকে। দ্রাঘিমারেখাগুলির বক্রতার জন্য দুই প্রান্তে স্কেলের বিচ্যুতি সবথেকে বেশী। স্কেলের এই রূপ বিচ্যুতির জন্য ইহা সমাকৃতি অভিক্ষেপ নয়।

(iii) প্রতিটি অক্ষরেখা বরাবর স্কেল ঠিক থাকে এবং যেহেতু অক্ষরেখা গুলি এককেন্দ্রিক বৃত্তচাপ হয় এবং মধ্য দ্রাঘিমারেখা সঠিকভাবে বিভক্ত হয় সেহেতু সব বিন্দুতে অক্ষরেখাসমূহের সমকোণ অভিমুখে স্কেলও ঠিক থাকে।

(iv) সব দ্রাঘিমারেখার সন্দেগ প্রমাণ অক্ষরেখার এবং সব অক্ষরেখার সন্দেগ দ্রাঘিমারেখা পরস্পরকে সমকোণে ছেদ করে। তাই প্রমাণ অক্ষরেখা ও মধ্য দ্রাঘিমারেখা বরাবর এই দুই সংকীর্ণ অঞ্চল জুড়ে আকৃতি যুক্তি সন্দগত ভাবে বজায় থাকে। অভিক্ষেপের অন্যত্র আরও তির্যক ভাবে অক্ষরেখা ও দ্রাঘিমারেখার মধ্যে ছেদ ঘটে এবং দ্রাঘিমারেখাগুলি অনেক বড় দৈর্ঘ্যের হয়। অভিক্ষেপের কেন্দ্র থেকে দূরে তির্যকতা ও দ্রাঘিমারেখার দৈর্ঘ্য উভয়ই কোণাকুণি ভাবে বাড়তে থাকে। এর ফলস্বরূপ আকৃতির বিশাল বিচ্যুতি ঘটে, বিশেষত অভিক্ষেপের প্রান্তে।

6.4.6 সীমাবদ্ধতা যত্রুটি (Limitation)

এই অভিক্ষেপের গলদ বেশী হয় যদি দ্রাঘিমাংশের প্রসার বাড়েহ্ল, সুতরাং দ্রাঘিমাংশগত বিশাল পরিসরে এই অভিক্ষেপকে ব্যবহার করা উচিত নয়। অপরপক্ষে, অক্ষাংশগত বিস্তৃতির জন্য এর নির্ভুলতা ও দক্ষতা হ্রাস পায় না।

6.4.7 ব্যবহার (Use)

অক্ষাংশগত বিস্তৃতি সম্পন্ন দেশ ও মহাদেশ এই অভিক্ষেপে আঁকা হয়। মহাদেশ আঁকার জন্য অনেক অ্যাটলাসে Bonne's অভিক্ষেপের ব্যবহার আছে। এই অভিক্ষেপে সাধারণত উত্তর ও দক্ষিণ আমেরিকা, অষ্ট্রেলিয়া প্রভৃতি মহাদেশ আঁকা হয়। মেরুদ্বয়ের নিকটবর্তী নয় ও দ্রাঘিমাংশগত পরিসর বেশী নয় এমন মানচিত্র বা এলাকার জন্য এই অভিক্ষেপ সব থেকে ভাল ও উপযুক্ত। তবে যদি প্রমাণ অক্ষরেখা ও মধ্য

দ্রাঘিমারেখা সতর্কভাবে নির্বাচন করা যায় তাহলে ঘনবিন্যস্ত (compact) এলাকার জন্য এই অভিক্ষেপ খুবই উপযোগী। যেমন, ফ্রান্স ইত্যাদি।

6.4.8 প্রশ্নাবলী

1. বন্‌স্ অভিক্ষেপকে কেন এক প্রমাণ অক্ষরেখা বিশিষ্ট সহজ শান্দ্বকব অভিক্ষেপের পরিবর্তিত রূপ বলা হয়?
2. উল্লিখিত পরিবর্তনের জন্য ইহার ধর্মগত কি পরিবর্তন ঘটেছে?
3. 6,3,8 এর 1,2,3 প্রশ্নানুযায়ী এই বন্‌স্ অভিক্ষেপ অংকন করুন।

6.4.9 উত্তর সংকেত

1. 6,4,1 দ্রষ্টব্য
2. 6,4,1, 6,4,5 দ্রষ্টব্য
3. অভিক্ষেপ অংকন করতে হবে।

This document was created with Win2PDF available at http://www.win2pdf.com.
The unregistered version of Win2PDF is for evaluation or non-commercial use only.
This page will not be added after purchasing Win2PDF.

একক 7 ❑ সাইনুসয়ডাল, বহুশাঙ্কব ও সমক্ষেত্রফল বিশিষ্ট বেলান অভিক্ষেপ

7.1 প্রাবনা

উদ্দেশ্য

7.2 সাইনুসয়ডাল অভিক্ষেপ

7.2.1 নীতি

7.2.2 ত্রিকোণমিতিক গঠন

7.2.3 অনুশীলনী

7.2.4 অঙ্কন প্রণালী

7.2.5 ধর্ম

7.2.6 সীমাবদ্ধতা

7.2.7 ব্যবহার

7.2.8 প্রশ্নাবলী

7.2.9 উত্তর সংকেত

7.3 বহুশাঙ্কব অভিক্ষেপ

7.3.1 নীতি

7.3.2 ত্রিকোণমিতিক গঠন

7.3.3 অনুশীলনী

7.3.4 অঙ্কন প্রণালী

7.3.5 ধর্ম

7.3.6 ব্যবহার

7.3.7 প্রশ্নাবলী

7.4 সমক্ষেত্রফল বিশিষ্ট বেলন অভিক্ষেপ

7.4.1 নীতি

7.4.2 ত্রিকোণমিতিক গঠন
7.4.3 অনুশীলনী
7.4.4 অঙ্কন প্রণালী
7.4.5 ধর্ম
7.4.6 সীমাবদ্ধতা
7.4.7 ব্যবহার
7.4.8 প্রশ্নাবলী
7.4.9 উত্তর সংকেত

7.1 প্রস্তাবনা

আগের এককের যোগসূত্র ধরে এই এককের অবতারনা। একক 6 এ বনস্ অভিক্ষেপ দিয়ে শেষ, কিন্তু এই এককের প্রথমেই বনস্ অভিক্ষেপের ছায়া সাইনুসয়ডালে ধরা পড়েছে। এছাড়া সম্পূর্ণ ভিন্ন রকমের দুটি পৃথক অভিক্ষেপের আলোচনা আপনাদের আরও বেশী করে কৌতুহলী করতে পারে। কোন অভিক্ষেপেই কি তাহলে পৃথিবীর মানচিত্র ঠিক মত আঁকা যাবে না— এ প্রশ্ন পর্যন্ত আপনাদের মনে জাগতে পারে। আর বেশী চেষ্টা করলে তার উত্তরও পেয়ে যাবেন। এই একক তাই বৈচিত্রে ভরা অভিক্ষেপের একক।

উদ্দেশ্য

এই এককের উদ্দেশ্যের অনেকটা ইঙ্গিত প্রস্তাবনায় দেওয়া হয়েছে। তবুও আপনারা এই একক থেকে উল্লিখিত তিন প্রকার অনন্য অভিক্ষেপের গঠন, অঙ্কন, পরিবর্তন, সম্বন্ধে জানতে পারবেন। জানতে পারবেন যে বহুশাঙ্কব অভিক্ষেপ কোন ধর্ম বজায় না রেখেও কেন একটি গুরুত্বপূর্ণ অভিক্ষেপ ও কিসে এর প্রচুর ব্যবহার। সমক্ষেত্রফল বিশিষ্ট দুটি অভিক্ষেপ থাকলেও কেন তাদের মধ্যে প্রচুর অমিল আছে তা সাইনুসয়ডাল ও বেলন অভিক্ষেপ পড়লে জানতে পারবেন।

7.2 সাইনুসয়ডাল অভিক্ষেপ (Sinusoidal projection)

এই অভিক্ষেপটি Sanson-Flamsteed অভিক্ষেপ নামে পরিচিত। যদিও এই আবিষ্কারের উপর

তার কোন অবদান ছিল না। তিনি তার তারকা মানচিত্রের ক্ষেত্রে এই অভিক্ষেপটি ব্যবহার করেন।

একে Sinusoidal অভিক্ষেপ বলার কারণ হল, সকল দ্রাঘিমারেখা এখানে sine curve এর আকৃতি নির্দেশ করে। একটি sine curve অঙ্গোর সহজাকৃতির প্রস্থছেদ। প্রত্যেকটি বক্র দ্রাঘিমারেখা হল sine curve কারণ the circumference of a parallel of latitudes is proportional to the sine of its co-latitudes, যেমন $\cos\theta = \sin(90^0 - \theta)$

এই অভিক্ষেপে অক্ষরেখাগুলি সরলরেখায় নিরক্ষরেখার সমান্তরাল অঙ্কিত হয় এবং মধ্য দ্রাঘিমারেখা কে এর উপর সঠিক দূরত্বে অঙ্কন করা হয়। মধ্য দ্রাঘিমারেখা নিরক্ষরেখার সঙ্গে লম্বভাবে সরলরেখায় স্থাপিত হয়। প্রত্যেকটি দ্রাঘিমারেখা মধ্য দ্রাঘিমারেখা থেকে বাইরের দিকে উত্তল হয়ে অবস্থান করে।

7.2.1. নীতি (Principle)

এই অভিক্ষেপ Bonne's অভিক্ষেপের সীমায়িত অবস্থা। এখানে নিরক্ষরেখা প্রমাণ অক্ষরেখা রূপে অবস্থান করে, তাই শঙ্কুর শীর্ষবিন্দু থাকে অসীম দূরত্বে। এই কারণে নিরক্ষরেখা একটি সরলরেখা হয় এবং এক কেন্দ্রিক হওয়ার জন্য অন্য সব অক্ষরেখা সরল রেখার হয়। সব অক্ষরেখা মধ্য দ্রাঘিমারেখা থেকে সঠিক দূরত্বে অবস্থান করে। মধ্য দ্রাঘিমারেখার দৈর্ঘ্য নিরক্ষরেখার দৈর্ঘ্যের অর্ধেক হয় এবং অক্ষরেখা আঁকার জন্য মধ্য দ্রাঘিমারেখাকে সঠিকভাবে ভাগ করা হয়।

7.2.2 ত্রিকোণমিতিক গঠন (Trigonometrical Construction)

সূত্রাবলী (Theory)

i) ভূ-গোলকের ব্যাসার্ধ $= \frac{\text{প্রকৃত পৃথিবীর ব্যাসার্ধ}}{\text{R এর হর}}$

ii) মধ্য দ্রাঘিমরেখা নির্বাচন $\frac{\theta_1 + \theta_2}{2}$

iii) অক্ষরেখা অংকনের জন্য মধ্য দ্রাঘিমারেখার বিভাজন $\frac{\prod R}{180^0} \times (i)^c$

বা $R \times (i)^0$

iv) দ্রাঘিমারেখা অংকনের জন্য অক্ষরেখাগুলির বিভাজন $\frac{2\prod R\cos\phi}{360^0}\times(i)^c$

বা $R\cos\phi\times(i)^c$

7.2.3. অনুশীলনী

Sinusoidal অভিক্ষেপে 40^0 উঃ থেকে 40^0 দঃ এবং 20^0 পঃ থেকে 20^0 পূর্ব পর্যন্ত 10^0 ব্যবধানে গ্র্যাটিকিউলস অঙ্কন করুন যখন স্কেল $1 : 45 \times 10^6$ (চিত্র 7.1)

i) ভূ-গোলকের ব্যাসার্ধ $\frac{640\times10^6}{45\times10^6}$ cm

$= 14.22$ cm.

ii) মধ্য দ্রাঘিমারেখা নির্বাচন $\frac{60^0+(-20)}{2}$

$= 20^0$ পূঃ

iii) অক্ষরেখা অংকনের জন্য মধ্য দ্রাঘিমারেখার বিভাজন দৈর্ঘ্য $R(10^0)^C$

বা $14.22\text{cm}(10^0)^C$

বা 2.48 cm

iv) দ্রাঘিমারেখা অংকনের জন্য অক্ষরেখাগুলির বিভাজন দৈর্ঘ্য $R\cos\phi(10^0)^c$

বা $14.22\text{ cm}\cos\phi(10^0)^c$

ϕ	$\cos\phi$	$R(\text{int})^c$	$R\cos\phi(\text{int.})^c$ (cm.)
40°N/S	0.76604		1.90
30°N/S	0.86602		2.15
20°N/S	0.93969	2.48cm	2.33
10°N/S	0.98480		2.44
0°	1		2.48



চিত্র নং 7.1 সাইনুসয়ডাল অভিক্ষেপ

7.2.4. অংকন প্রণালী ঃ

I) পরস্পর লম্বভাবে ছেদকারী দু'টি সরলরেখা কাগজের মাঝ বরাবর অংকন করুন, এই দু'টি সরলরেখা একটি নিরক্ষরেখা ও অন্যটি মধ্য দ্রাঘিমারেখা নির্দেশ করে।

2) নিরক্ষরেখাকে যেখানে মধ্য দ্রাঘিমারেখাকে ছেদ করেছে সেখান থেকে শুরু করে মধ্য দ্রাঘিমারেখার বিভাজন দৈর্ঘ্যের মাপ নিয়ে এই দ্রাঘিমারেখাকে ভাগ করুন।

3) অক্ষরেখা অংকন করতে প্রতিটি মধ্য দ্রাঘিমারেখার প্রতিটি বিভাজন বিন্দুর মধ্য দিয়ে নিরক্ষরেখার সমান্তরাল সরলরেখা টানুন।

4) এবার প্রতিটি অক্ষরেখাকে এদের নিজ নিজ বিভাজন দৈর্ঘ্যের সাহায্যে ভাগ করুন।

5) অক্ষরেখার উপর যথাযথ মিলে যাওয়া অনুরূপ বিভাজন বিন্দুগুলির মধ্য দিয়ে মসৃণ বক্ররেখা টানুন যেগুলি এক একটি দ্রাঘিমারেখা নির্দেশ করে।

এভাবে অক্ষরেখা ও দ্রাঘিমার জাল তৈরি সম্পূর্ণ হল।

7.2.5 ধর্ম (Properties)

I) প্রতিটি অক্ষরেখার স্কেল ঠিক, যেহেতু এগুলি প্রত্যেকের সমান্তরাল এবং মধ্য দ্রাঘিমারেখা ঠিকভাবে বিভক্ত হয় সেহেতু সব বিন্দুতে অক্ষরেখার লম্ব অভিমুখ স্কেল ঠিক থাকে।

2) মধ্য দ্রাঘিমা বরাবর স্কেল ঠিক থাকে ; অন্য দ্রাঘিমা বরাবর স্কেলের বিচ্যুতি ঘটে যা মধ্য দ্রাঘিমারেখা থেকে দূরে ক্রমশঃ বৃদ্ধি পায়।

3) ইহা সমক্ষেত্রফল বিশিষ্ট অভিক্ষেপ, কারণ অক্ষরেখার স্কেল ঠিক এবং অক্ষরেখাগুলি মধ্য দ্রাঘিমারেখার উপর সমান দূরত্বে অবস্থিত ও এরা সমান্তরাল। ফলে যে কোন দু'টি অক্ষরেখার মধ্যবর্তী ক্ষেত্রফল ভূ-গোলকের অনুরূপ দু'টি অক্ষরেখার মধ্যবর্তী ক্ষেত্রফলের সমান।

4) সব দ্রাঘিমারেখার সঙ্গে নিরক্ষরেখার প্রতিচ্ছেদ এবং সব অক্ষরেখার সঙ্গে মধ্য দ্রাঘিমারেখার প্রতিচ্ছেদ সমকোণে হয়। এজন্য দু'টি সংকীর্ণ স্থান বরাবর এই অভিক্ষেপ প্রায় সমাকৃতি ধর্ম বজায় রাখে। কিন্তু, অভিক্ষেপের কেন্দ্র থেকে কর্ণ দূরত্বে আকৃতির বিচ্যুতি প্রচুর হয়।

7.2.6 সীমাবদ্ধতা (Limitation)

Bonne's অভিক্ষেপের ন্যায়।

7.2.7 ব্যবহার (Use) :

নিঃসন্দেহে ইহা একটি মূল্যবান অভিক্ষেপ কারণ ইহা সমক্ষেত্রফল বিশিষ্ট অভিক্ষেপ। কিন্তু পৃথিবীর মানচিত্রের জন্য ইহা উপযুক্ত নয়, কারণ সাধারণভাবে অভিক্ষেপের প্রান্ত বরাবর ও বিশেষভাবে কোণগুলির নিকট আকৃতির সামগ্রিক বিচ্যুতি ঘটে। তাই ছোট অঞ্চলের জন্য এই

অভিক্ষেপ খুবই উপযুক্ত, বিশেষভাবে যদি অঞ্চলটি নিরক্ষরেখা দ্বারা 'ভারসাম্য' (balanvced) বজায় রাখে। তাই আমরা আফ্রিকা ও দঃ আমেরিকার খুব ভাল মানচিত্র এই অভিক্ষেপে পেতে পারি।

7.2.8 প্রশ্নাবলী :

প্রদত্ত অক্ষাংশ ও দ্রাঘিমাংশের বিস্তার, ব্যবধান ও স্কেল এর সাহায্য সাইনুসয়ডাল অভিক্ষেপ অংকন করুন ও গঠন প্রণালী লিখুন।

I) বিস্তৃতি ঃ অক্ষাংশ - 10^0 উঃ — 60^0 দঃ
দ্রাঘিমাংশ - 80^0 পঃ — 30^0 পঃ
ব্যবধান - 10^0
স্কেল - 1: 55,000,000

2) বিস্তৃতি ঃ অক্ষাংশ - 8^0 উঃ — 40^0 উঃ
দ্রাঘিমাংশ - 68^0 পূঃ — 96^0 পূঃ
ব্যবধান - 4^0
স্কেল - 1: 45,000,000

3) 15^0 ব্যবধানে 1 : 250.000.000 স্কেলে পৃথিবীর জন্য সাইনুসয়ডাল অভিক্ষেপ অংকন করুন।

7.2.9 উত্তর সংকেত :

1-3 অংকন করতে হবে।

7.3 বহুশাঙ্কব অভিক্ষেপ (Polyconic projection)

এই অভিক্ষেপের অক্ষরেখাগুলি মধ্য দ্রাঘিমারেখার উপর বিভিন্ন বিন্দুকে কেন্দ্র করে বহুকেন্দ্রিক বৃত্তচাপরূপে অবস্থান করে। এরা মধ্য দ্রাঘিমারেখার উপর সঠিক দূরত্বে অবস্থান করে। দ্রাঘিমারেখাগুলিকে অঙ্কন করার জন্য অক্ষরেখাগুলিকে সঠিকভাবে বিভক্ত করা হয়। মেরু একটি বিন্দুরূপেই অভিক্ষিপ্ত হয় 90° অক্ষরেখার দৈর্ঘ্য শূণ্য (0) বলে, দ্রাঘিমারেখাগুলি মধ্য দ্রাঘিমারেখার দিকে অবতল বক্ররেখারূপে অবস্থান করে।

7.3.1 নীতি (Prinicipal)

এই অভিক্ষেপ Bonne's অভিক্ষেপের পরিবর্তিত (modified) রূপ বলে ধরা হয়। এই

অভিক্ষেপে প্রতিটি অক্ষরেখা হল প্রমাণ অক্ষরেখা যাদের বৃত্তচাপের ব্যাসার্ধ $R\cot\phi$। অক্ষরেখাগুলির প্রকৃত দৈর্ঘ্য $2\pi R\cos\phi$ দৈর্ঘ্যের সমান হয়। বস্তুত প্রতিটি অক্ষরেখা নিজস্ব নির্দিষ্ট শঙ্কুর পরিপ্রেক্ষিতে বিকশিত হয়। এটা ধরা যেতে পারে যে, একগুচ্ছ শঙ্কু যেন ভূ-গোলককে স্পর্শ করে আছে। ফলে যতগুলি অক্ষরেখা আছে, ততগুলিই শীর্ষবিন্দু উৎপন্ন হয়েছে।

7.3.2 ত্রিকোণমিতিক গঠন (Trigonometrical Construction)

i) ভূ-গোলকের ব্যাসার্ধে (R) = $\frac{\text{প্রকৃত পৃথিবীর ব্যাসার্ধ}}{R.F.\text{এর হর}}$

ii) মধ্য দ্রাঘিমরেখা নির্বাচন $\frac{\theta_1+\theta_2}{2}$

iii) অক্ষরেখাগুলির ব্যাসার্ধ $R\cot\phi$

iv) অক্ষরেখা অংকনের জন্য মধ্য দ্রাঘিমারেখা বিভাজন $\frac{\pi R}{180^0}\times(i)^0$ বা $R\times(i)^c$

v) দ্রাঘিমারেখা অংকনের জন্য অক্ষরেখাগুলির বিভাজন $\frac{2\pi R\cos\phi}{360^0}\times(i)^0$ বা $R\cos\phi\times(i)^c$

7.3.3. অনুশীলনী:

বহুশাঙ্কব অভিক্ষেপে $1:50\times10^6$ স্কেলে 10^0 উঃ থেকে 80^0 উঃ এবং 70^0 পঃ থেকে 130^0 পঃ পর্যন্ত 10^0 ব্যবধানে graticule অঙ্কন করুন। (চিত্র নং 7.2 দেখুন)
হিসাব ঃ

i) ভূ-গোলকের ব্যাসার্ধ $\frac{640\times10^6}{50\times10^6}$ cm

$=12.8$ cm.

ii) মধ্য দ্রাঘিমারেখা নির্বাচন $\frac{70+130}{2}$

$= 100$ পঃ

iii) অক্ষরেখাগুলির ব্যাসার্ধ $12.8\text{cm}\ \cot\phi$

ϕ	$\cot\phi$	R (cm)	$R\cot\phi$ (cm)
10^0	5.67128		72,60
20^0	2.74747		35.17
30^0	1.73205		22.17
40^0	1.19175		15.25
50^0	0.8390	12.8	10.74
60^0	0.57735		7.39
70^0	0.36397		4.66
80^0	0.17632		2.26

iv) অক্ষরেখা অঙ্কনের জন্য মধ্য দ্রাঘিমারেখার বিভাজন $12.8\ \text{cm}(10^0)^c$

$= 2.23$ cm.

v) দ্রাঘিমারেখা অঙ্কনের জন্য অক্ষরেখার বিভাজন $R\cos\phi \times (10^0)^c$

$= 12.8\ \text{cm}\cos\phi(10^0)^C$

ϕ	$\cos\phi$	$R(\text{int})^c$	$R\cos\phi(\text{int.})^c$ (cm.)
10^0	0.98480		2.20
20^0	0.93969		2.10
30^0	0.86602		1.93
40^0	0.76604		1.71
50^0	0.64278	2.23 cm.	1.43
60^0	0.5		1.115
70^0	0.34202		0.76
80^0	0.17364		0.397

7.3.4. অঙ্কন প্রণালী ঃ

1) মধ্য দ্রাঘিমারেখার জন্য কাগজের মাঝ বরাবর উলম্বভাবে একটি সরলরেখা অঙ্কন করুন।

2) অক্ষরেখার ব্যবধানের জন্য মধ্যদ্রাঘিমারেখাকে এই রেখার জন্য হিসাব করা বিভাজন দৈর্ঘ্য (iv) দিয়ে ভাগ করুন।

3) মধ্য দ্রাঘিমারেখার উপর এক একটি ভাগবিন্দু যে অক্ষরেখার জন্য নির্দিষ্ট (ii) নং হিসাব থেকে সেই অক্ষরেখার ব্যাসার্ধ নিয়ে মধ্য দ্রাঘিমারেখার উপর ওই বিন্দু থেকে মাপ নিয়ে ওই অক্ষরেখা অঙ্কনের জন্য কেন্দ্র স্থাপন করুন। প্রয়োজন হলে কেন্দ্র স্থাপনের জন্য মধ্য দ্রাঘিমারেখাকে আরও বর্ধিত করুন। ওই কেন্দ্র থেকে ওই অক্ষরেখার জন্য বৃত্তচাপ অঙ্কন করুন। একই পদ্ধতি অনুসরণ করে অন্যান্য অক্ষরেখার ব্যাসার্ধ নিয়ে বৃত্তচাপ অঙ্কন করুন।



চিত্র নং 7.2 বহুশাঙ্কব অভিক্ষেপ

4) এবার প্রতিটি অক্ষরেখাকে এদের নিজ নিজ বিভাজন দৈর্ঘ্যের সাহায্যে ভাগ করুন হিসাব নং (iv) অনুযায়ী।

5) অক্ষরেখার উপর যথাযথ মিলে যাওয়া অনুরূপ বিভাজন বিন্দুগুলির মধ্য দিয়ে মসৃণ বক্ররেখা টানুন যেগুলি এক একটি দ্রাঘিমারেখা নির্দেশ করে।

এই ভাবে অক্ষরেখা ও দ্রাঘিমারেখার জাল তৈরি সম্পূর্ণ হল।

মনে রাখবেন এই অভিক্ষেপে সব অক্ষরেখাই প্রমাণ অক্ষরেখা বলে উত্তর গোলার্ধের অক্ষরেখা উত্তর মেরু ও দক্ষিণ গোলার্ধের অক্ষরেখা দক্ষিণ মেরু সাপেক্ষে অংকন করা হবে। কেবল নিরক্ষরেখা সরলরেখায় আঁকা হবে, কারণ $\cot 0^0 = \alpha$ (অসীম)। কোন বৃত্তের ব্যাসার্ধ অসীম হলে তা সরলরেখা নির্দেশ করে।

7.3.5. ধর্ম (Properties)

i) সকল অক্ষরেখা বরাবর স্কেল সঠিক থাকে কারণ প্রত্যেক অক্ষরেখাই প্রমাণ অক্ষরেখা।

ii) কেবলমাত্র মধ্য দ্রাঘিমারেখা বরাবর স্কেল সঠিক থাকে। কিন্তু এর থেকে দূরে অন্য দ্রাঘিমারেখা বরাবর স্কেল দ্রুতহারে বাড়ে এবং অভিক্ষেপের প্রান্তে বিচ্যুতি খুব বেশী হয়।

iii) এই অভিক্ষেপ সমাকৃতি বা সমক্ষেত্রফল কোন ধর্মই সঠিকভাবে বজায় রাখে না।

7.3.6. ব্যবহার (Use)

i) সাধারণত মধ্য অক্ষাংশের দেশগুলি যাদের দ্রাঘিমাগত বিস্তৃতি কম, সেগুলি অঙ্কন যুক্তিযুক্ত।

ii) ভূ-সংস্থানিক মানচিত্র (topographical map) প্রস্তুত করতে এর ব্যবহার খুব বেশী।

7.3.7. প্রশ্নাবলী :

এই অভিক্ষেপ অংকনের জন্য সহজ শাঙ্কব অভিক্ষেপের ও বনস্ অভিক্ষেপের প্রশ্নাবলী দেখুন।

7.4. সমক্ষেত্রফল বিশিষ্ট বেলন অভিক্ষেপ (Cylindrical Equal Area Projection)

Lambert সমক্ষেত্রফলেবিশিষ্ট বেলন অভিক্ষেপের উদ্ভাবক। ইহা non-perspective শ্রেণীর অভিক্ষেপ। এই অভিক্ষেপের ক্ষেত্রে একটি সাধারণ বৃত্তাকার বেলন ভূগোলকের নিরক্ষরেখাকে

স্পর্শ করে। বেলনকে বিকশিত করলে অভিক্ষেপ একটি আয়তাকার তলে অভিক্ষিপ্ত হয়, এখানে অক্ষরেখা ও দ্রাঘিমারেখাগুলি সরলরেখা এবং এরা পরস্পরকে সমকোণে ছেদ করে।

7.4.1. নীতি (Principle) :

এই অভিক্ষেপে অভিক্ষেপ তল নিরক্ষরেখার সঙ্গে স্পর্শক হওয়ায় নিরক্ষরেখার স্কেল ঠিক থাকে। কিন্তু অন্য অক্ষরেখাগুলির দৈর্ঘ্য নিরক্ষরেখার সমান দৈর্ঘ্যের হয়। কিন্তু মেরুদ্বয়ের দিকে এদের মধ্যবর্তী দূরত্ব দ্রুতহারে কমতে থাকে। অন্যদিকে দ্রাঘিমারেখাগুলি সমদূরত্বে অবস্থান করে সব অক্ষরেখাকে সমকোণে ছেদ করে এভাবে অক্ষরেখার পূর্ব-পশ্চিমে বিস্তৃতি এবং উত্তর দক্ষিণে চ্যাপ্টা হওয়ার মাধ্যমে সমক্ষেত্রফল বৈশিষ্ট্য বজায় রাখার উপর এই অভিক্ষেপের নীতি প্রতিষ্ঠিত। যে কোন দুটি অক্ষরেখার মধ্যবর্তী ক্ষেত্রফল ভূ গোলকের অনুরূপ দুটি অক্ষরেখার ক্ষেত্রফলের সমান হয়।



চিত্র নং 7.3

ধরা যাক চিত্র নং 7.3 ভূগোলককে নিরক্ষরেখা ও যে কোন একটি অক্ষরেখার (ϕ) মধ্যবর্তী ক্ষেত্রফল অভিক্ষেপে ঐ দুই রেখার মধ্যবর্তী ক্ষেত্রফলের সমান।

তাহলে নিরক্ষরেখা থেকে যে কোন অক্ষরেখার উলম্ব দূরত্ব (h) নির্ণয় করতে পারলে অভিক্ষেপের ক্ষেত্রফল জানা যাবে।

7.4.2 ত্রিকোণমিতিক গঠন (Trigonometrical Construction)

সূত্রাবলী Theory

i) ভূ-গোলকের ব্যাসার্ধে (R) $= \frac{\text{প্রকৃত পৃথিবীর ব্যাসার্ধ}}{R.F.\text{এর হর}}$

ii) নিরক্ষরেখা থেকে কোন অক্ষরেখা (ϕ) এর উল্লম্ব উচ্চতা।

চিত্র নং 7.3 এ NWSE হল জেনারেটিং ভূগোলক যার ব্যাসার্ধ R এবং এর কেন্দ্র 0 তে ভূ গোলকের P বিন্দু PR কোণ উৎপন্ন করেছে ABCD একটি বেলন যে নিরক্ষরেখাকে স্পর্শ করেছে। অতএব ভূগোলকের PR অক্ষরেখা অভিক্ষেপে MRPQ অক্ষরেখা নির্দেশ করে ভূ গোলকেরRWPE এর ক্ষেত্রফল ভূগোলকের PR অক্ষরেখা অভিক্ষেপে MRPQ অক্ষরেখা নির্দেশ করে। ভূগোলকের RWPE এর ক্ষেত্রফল অভিক্ষেপের MWQE এর ক্ষেত্রফলের সমান। উল্লিখিত চিত্র অনুযায়ী অভিক্ষেপের ক্ষেত্রফল হল $2\Pi R \times h$ যেখানে $2\Pi R$ নিরক্ষরেখার দৈর্ঘ্য ও h হল উল্লম্ব দূরত্ব। ভূগোলকের ক্ষেত্রফল হল $2\Pi R^2 \sin\phi$।

∴ নিরক্ষরেখা থেকে কোন অক্ষরেখার উল্লম্ব দূরত্ব $2\Pi Rh = 2\Pi R^2 \sin\phi$

বা $h = \frac{2\prod R^2 \sin\phi}{2\prod R}$

$h = R\sin\phi$

iii) নিরক্ষরেখার বরাবর প্রতিটি সঠিক ভাগে দ্রাঘিমারেখা টানার জন্য $\frac{2\prod R}{360} \times \text{int}$.বা $R \times (\text{int})^c$

7.4.3. অনুশীলনী:

20^0 উঃ থেকে 60^0 দঃ অক্ষরেখা এবং 30^0 পঃ ও90^0 পঃ দ্রাঘিমারেখার মধ্যে 1 : 40,000,000 স্কেলে 10 ডিগ্রী অন্তর Cylindrical Equal Area Projection অংকন করুন (চিত্র নং 7.4 দেখুন)

হিসাব

1) $R = \frac{640,000,000}{40,000,000} = 16 \text{ cm}$

2) নিরক্ষরেখা থেকে অক্ষরেখার উল্লম্ব উচ্চতা $= R\sin\phi$

ϕ	10^0N/S	20^0N/S	30^0S	40^0S	50^0S	60^0S
$\sin\phi$	.17365	.34202	.50000	.65606	.76604	86602
R(cm)	16	16	16	16	16	16
$R\sin\phi$ (in cm)	2.778	5.472	8.000	10.497	12.256	13.856
Approx	2.8	5.5	8.0	10.5	12.3	13.9

3) দ্রাঘিমা রেখা টানার জন্য নিরক্ষরেখার উপর ভাগ বিন্দু

$$= \frac{2\prod R}{360^0} \times 10\text{cm}$$

$$= \frac{2 \times 22 \times 16}{7 \times 360^0} \times 10^0$$

$= 2.79$

বা 2.8 cm.



চিত্র নং 7.4 সমক্ষেত্রফল বিশিষ্ট বেলন অভিক্ষেপ

7.4.4. অঙ্কন প্রণালী ঃ

i) কাগজের মাঝখান দিয়ে একটি অনুভূমিক সরলরেখা টানুন। এই রেখা নিরক্ষরেখা নির্দেশ করে।

ii) এরপর নিরক্ষরেখাকে তার বিভাজনকে মান দিয়ে ভাগ করুন দ্রাঘিমারেখা টানার জন্য।

iii) প্রতিটি বিভাজন বিন্দু দিয়ে নিরক্ষরেখার সঙ্গে লম্বভাবে সরলরেখা টানুন। এই রেখাগুলিই হল দ্রাঘিমা রেখা।

iv) নিরক্ষরেখা থেকে উত্তরে ও দক্ষিণে প্রতিটি অক্ষরেখার উল্লম্ব দূরত্ব (h) নিয়ে মধ্য দ্রাঘিমা রেখার উপর চিহ্নিত করুন।

v) মধ্যদ্রাঘিমা রেখার উপর চিহ্নিত করা প্রতিটি বিন্দুর মধ্য দিয়ে মধ্যদ্রাঘিমারেখার সঙ্গে লম্বভাবে নিরক্ষরেখার সমান্তরালে সরলরেখা টানুন। এই রেখা অক্ষরেখা নির্দেশ করে।

vi) এর পর গ্র্যাটিকিউলস graticules গুলিতে ঠিকমত মান লিখুন ও লেবেল (label) করুন।

মনে রাখবেন যে অভিক্ষেপে নিরক্ষরেখার উল্লেখ না থাকলে (যদি বলা হয় 20^0 উঃ থেকে 80^0 উঃ) অভিক্ষেপ আঁকার সময় নিরক্ষরেখা টেনে নিয়ে তার পরিপ্রেক্ষিতে অন্যান্য রেখা টানার পর নিরক্ষরেখাকে মুছে দেবেন। যে পরিসরে যতগুলি অক্ষরেখা ও দ্রাঘিমারেখা দেখানোর দরকার শুধুমাত্র ততগুলিই দেখাবেন। অন্য অতিরিক্ত রেখা রাখবেন না।

7.4.5. ধর্ম (Properties) :

1) কেবলমাত্র নিরক্ষরেখার দৈর্ঘ্য ভূগোলকের দৈর্ঘ্যের সমান থাকে। তাই এর স্কেল সঠিক। অন্যান্য অক্ষরেখার স্কেল ঠিক থাকে না। স্কেলের বিচ্যুতির পরিমাণ মেরুর দিকে খুব দ্রুত হারে বাড়তে থাকে এবং মেরু বিন্দুতে সর্বাধিক হয়, কারণ ভূগোলকে 90^0 অক্ষাংশ যেখানে একটি বিন্দু নির্দেশ করে সেখানে এই অভিক্ষেপে ইহা নিরক্ষরেখার সমান দৈর্ঘ্যের হয়। অক্ষরেখা বরাবর স্কেল বড় হয়।
2) কোন দ্রাঘিমারেখার স্কেল ঠিক থাকে না। স্কেলের পরিমাণ হ্রাস পায় ও স্কেলের বিচ্যুতি ঘটে।
3) এই অভিক্ষেপের প্রধান বৈশিষ্ট্য হল সমক্ষেত্রফল ধর্ম বজায় রাখা। অক্ষরেখার স্কেল বাড়িয়ে ও দ্রাঘিমা রেখার স্কেল কমিয়ে দুটি অক্ষরেখার মধ্যবর্তী আয়তন ঠিক রাখা হয়। দ্রাঘিমারেখা বরাবর স্কেলের যতটা হ্রাস ঘটে ততটা ক্ষতিপূরণ হয়ে যায় অক্ষরেখা বরাবর স্কেল বৃদ্ধির মাধ্যমে। এভাবে পূর্বপশ্চিমে বাড়িয়ে ও উত্তর দক্ষিণে চ্যাপ্টা করে সমান ক্ষেত্রফল বজায় রাখা হয়।

7.4.6. সীমাবদ্ধতা (Limitation) :

1) স্কেলের এরূপ অসামঞ্জস্যতার জন্য আকৃতি বজায় থাকে না। মোটামুটি 30^0 উ ও দ অক্ষরেখা পর্যন্ত স্কেলের বিচ্যুতির পরিমাণ কম থাকে বলে দেশ বা মহাদেশের আকৃতি মোটামুটি ঠিকমত বজায় থাকে, কিন্তু তারপর থেকে মহাদেশগুলির আকৃতির প্রচন্ড বিকৃতি ঘটতে থাকে। উচ্চ অক্ষাংশ থেকে মেরু অঞ্চলে বিকৃতি সবথেকে বেশি। তাই

গ্রীণল্যান্ড, উ ঃ আমেরিকা, কুমেরু মহাদেশকে এই অভিক্ষেপে ভাল করে দেখানো যায় না।

2) এই অভিক্ষেপে দিক ঠিক থাকে না।

7.4.7. ব্যবহার (Use) :

এই অভিক্ষেপে পৃথিবীর মানচিত্র আঁকা যেতে পারে, তবে তা না করে মূলত ক্রান্তিয় অঞ্চলের দেশ বা মহাদেশের মানচিত্র এর উপর আঁকা হয়। সমক্ষেত্রফল বজায় থাকে বলে ক্রান্তিয় অঞ্চলের জনসংখ্যার ও বনজ সম্পদের বন্টন, কৃষি অঞ্চল, বনাঞ্চল প্রভৃতি দেখানো হয়। সমগ্র পৃথিবীর মানচিত্র রূপে এর ব্যবহার কদাচিৎ ঘটে।

7.4.8. প্রশ্নাবলী :

প্রদত্ত অক্ষাংশ ও দ্রাঘিমাংশের বিস্তার, ব্যবধান ও স্কেলের সাহায্যে সমক্ষেত্রফল বিশিষ্ট বেলন অভিক্ষেপ অংকন করুন।

1. বিস্তৃতি ঃ অক্ষাংশ - 40^0 উঃ — 40^0 দঃ
   দ্রাঘিমাংশ - 20^0 পঃ — 60^0 পূঃ
   ব্যবধান - 10^0
   স্কেল - 1 : 85,000,000
2. বিস্তৃতি ঃ অক্ষাংশ - 10^0 উঃ — 70^0 উঃ
   দ্রাঘিমাংশ - 170^0 পূঃ — 130^0 পঃ
   ব্যবধান - 10^0
   স্কেল - 1 : 75,000,000
3. এই অভিক্ষেপে কীভাবে ক্ষেত্রফল বজায় থাকে ?
4. এই অভিক্ষেপে কোন কোন মানচিত্র আঁকা যায় ?

7.4.9. উত্তর সংকেত:

1-2 অংকন করতে হবে
3-7.4.5
4-7.4.7

একক 8 ❑ ব্যবহারিক ভৌগোলিক টেকনিক সমূহ

8.1 প্রস্তাবনা

উদ্দেশ্য

8.2 মানচিত্র বা কার্টোগ্রাম্‌স

8.3 আনুপাতিক বর্গক্ষেত্র

8.3.1 গঠন প্রণালী

8.3.2 স্কেল নির্বাচন

8.3.3 হিসাব

8.3.4 উদাহরণ

8.3.5 ব্যাখ্যা

8.3.6 চিত্রের ব্যবহার

8.4 আনুপাতিক বৃত্ত

8.4.1 উদাহরণ

8.4.2 পাই চিত্র বা বিভক্ত বৃত্ত

8.4.3 পাই চিত্র অংকন পদ্ধতি

8.4.4 চিত্রের ব্যবহার

8.4.5 হিসাব

8.4.6 চিত্রের ব্যাখ্যা

8.5 স্তম্ভ চিত্র

8.5.1 স্তম্ভ চিত্রের প্রকার

8.5.2 সরল স্তম্ভ চিত্র

8.5.3 যৌগিক স্তম্ভ চিত্র

8.5.4 বহুবিধ স্তম্ভ চিত্র

8.5.5 স্কেল নির্বাচন

8.5.6 ব্যবহার

8.5.7 উদাহরণ

8.5.8 চিত্রের ব্যাখ্যা

8.6 প্রশ্নাবলী

8.1 প্রস্তাবনা ঃ

ব্যবহারিক ভৌগোলিক বিষয় সমূহ খুবই মনকে টানে। আপনারা, আমরা অনেকেই প্রাকৃতিক (যেমন ভূ-প্রকৃতি , নদ-নদী, বায়ুমন্ডল ইত্যাদি) এবং অর্থনৈতিক ও সাংস্কৃতিক (রাস্তাঘাট, ঘরবাড়ী, জনসংখ্যা ইত্যাদি) উপাদনা ও বিষয়গুলি যেভাবে ও যেমনভাবে দেখছি সেগুলিে বিভিন্ন কৌশলগত পদ্ধতির সাহায্যে চিত্রের মাধ্যমে চোখের সামনে তুলে ধরা হয়। ব্যবহারিক ভূগোলে আপনারা শিখবেন কিছু মানচিত্র (cartograms) যথা আনুপাতিক বর্গক্ষেত্র, বৃত্ত, পাইচিত, গোলক (sphere), স্তম্ভচিত্র, জনসংখ্যা বিষয়কচিত্র, বিন্দু পদ্ধতি। উল্লিখিত চিত্রগুলির সাহায্যে আপনারা অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিষয়সমূহকে স্পষ্টভাবে চোখের সামনে এক ঝলকে দেখতে পাবেন ও তার সম্বন্ধে একটি সুন্দর ধারণাও গড়ে তুলতে পারবেন। প্রাকৃতিক বিষয়গুলিকেও সুন্দরভাবে চিত্রের মাধ্যমে তুলে ধরা যায়, এতে আপনারা ভূ-প্রাকৃতিক বিষয়গুলিকে স্পষ্টভাবে কল্পনা করে নিতে পারবেন, অর্থাৎ ভূমির উচ্চতা কোথায় ও কতখানি, ক্ষয়কার্যের মাত্র কিরূপ নদ-নদীর বৈশিষ্ট্য ও ভূমিকা ভূ মিরূপের উপর কতখানি প্রভাব ফেলেছে ইত্যাদি জানা যাবে লেখচিত্র (profile) অংকন, নদী ক্রম (stream order), আপেক্ষিক উচ্চতা (relative relief) নদী সংখ্যা ও নদী ঘনত্ব (drainage frequency ও drainage density) ব্যবচ্ছিন্নতা সূচক (dissection index) প্রভৃতির মাধ্যমে ঠিক এমনি ভাবে আবহাওয়া ও জলবায়ুর বিভিন্ন উপাদান, যেমন বায়ুর চাপ , প্রবাহ, গতি, তাপমাত্রা বৃষ্টিপাত, আর্দ্রতা, ইত্যাদিকে climograph, windrose -এর মাধ্যমে আপনারা শিখবেন। ফলে কোন অঞ্চলের আবহাওয়া ও জলবায়ু সম্বন্ধে আপনাদের ধারণা সম্যকভাবে গড়ে উঠবে।

উদ্দেশ্য ঃ ব্যবহারিক ভূগোলের উদ্দেশ্য হ'ল আপনারা ভূগোল বইতে যা পড়েছেন কিংবা জেনেছেন সেগুলিকে চিত্রের মাধ্যমে তুলে ধরা। এতে বইয়েতে পড়া এবং বাস্তবের সঙ্গে মিল/ সাদৃশ্য খুঁজে পাওয়া যায়। এছাড়া সামগ্রিক বিষয়টি চোখের সামনে ভেসে উঠবে, কিংবা চিত্র দেখে বিষয়বস্তুর বাস্তবিক বিশ্লেষণ ও ব্যাখ্যা আপনারা অতি সহজেই করতে পারবেন। সর্বোপরি ভৌগোলিক পরিসংখ্যান ও তথ্যের চিত্রগত রূপ দান আপনাদের মনে যেমন তৃপ্তি আনবে তেমনি

এই বিষয়ের প্রতি আপনাদের আগ্রহ ও আকর্ষণ উত্তরোত্তর বাড়িয়ে দেবে। ব্যবহারিক ভূগোলের প্রধান উদ্দেশ্য এই যে ভৌগোলিক রাশিতথ্য সম্বন্ধে সম্যক জ্ঞান লাভ এবং ঐ রাশিতথ্যের চরিত্র অনুযায়ী চিত্রের মাধ্যমে তার সঠিক উপস্থাপনা ভৌগোলিক তথ্যসমূহ বিভিন্ন শাখা থেকে নেওয়া হয় বলে এই তথ্য বৈচিত্র্যে ভরা, তাই তার চরিত্র হয় অনেক প্রকার রাশিতথ্যের চরিত্র দেখে তাকে পৃথক করা ও সেই মত তার সুন্দর ও ঠিক ঠিক উপস্থাপনার কৌশল ও দক্ষতা একমাত্র প্রায়োগিক ভূগোল দিতে পারে। ব্যবহারিক ভূগোল একজন ভৌগোলিকের দৃষ্টি ভঙ্গি ও চিন্তাভাবনার দিক পরিবর্তন করে দিতে পারে। প্রয়োগিক ভূগোল আছে বলে একজন ভৌগোলিক ক্ষেত্র সমীক্ষার ফলে তথ্য সংগ্রহ, তাকে সজ্জিত করুন, উপযুক্ত চিত্রগত রূপদান ও বিশ্লেষণ ইত্যাদি কাজ সুন্দর ভাবে শিখতে পারেন। তিনি তাই কোন অঞ্চলের সঠিক মূল্যায়ন করতে পারবেন। সুতরাং ব্যবহারিক ভূগোল ভৌগোলিকগণের তত্ত্ব জ্ঞানকে যেমন প্রকাশ করে তেমনি তাদের ব্যবহারিক দিকের দক্ষতা অনেক বাড়িয়ে দেয়। ফলে ভূগোল এক বাস্তব সম্মত পরিপূর্ণ ও উদ্দীপনা সৃষ্টিকারী বিষয় হয়ে উঠে।

8.2 মাপচিত্র বা কার্টোগ্রামস (Cortograms)

রং, বিন্দু, বৃত্ত, ছায়াপাত (shading) প্রভৃতি চিহ্ন ব্যবহার করে পরিসংখ্যানগত তথ্যকে রেখাচিত্র বা নক্সারূপে একটি সরলীকৃত মানচিত্রে তুলে ধরাকে বলা হয় মাপচিত্র। এসব চিত্র নানা ধরনের জ্যামিতিক রূপ (Geometric shape) ফুটিয়ে তোলে বা প্রদান করে। দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা প্রভৃতি মাত্রার (dimension) সাহায্যে বিভিন্ন মাপচিত্র আঁকা হয় এবং এই সব মাত্রার মধ্যদিয়ে চিত্রের জ্যামিতিক রূপ বা নক্সা ফুটে উঠে। আসলে মাপচিত্র বলা হয়েছে তার কারণ যে কোন চিত্রকে পরিমাপ (মাপ+চিত্র = মাপচিত্র) করা যায়। আর কাগজে বা মানচিত্রের উপর মাপচিত্রের পরিমাপ -এর জন্য চাই দৈর্ঘ্য, প্রস্থ ইত্যাদি মাত্রা। আর যেহেতু প্রতিটি চিত্রকে পরিমাপ করা যায় সেহেতু প্রতিটি চিত্র থেকে তার গুণগত ও সংখ্যাগত উভয় প্রকার মান পাওয়া যায়। গুনগত মান হল চিত্রের বাহ্যিক রূপ ও সৌন্দর্য যা প্রত্যেকের মানকে আকর্ষন করে। আর সংখ্যাগত মান হল দৈর্ঘ্য, প্রস্থ ইত্যাদির সাহায্যে চিত্রকে মাপ করার পর তার অর্ন্তনিহিত পরিসংখ্যানগত রাশিতথ্য লাভ করাকে বোঝায়। সুতরাং চিত্রের বাহির ও ভিতর উভয় প্রকার গুন আপনারা প্রতেকে লাভ করতে পারেন। রাশিতথ্যের প্রকৃতির উপর নির্ভর করে ভূগোলের সব চিত্রকে তিনটি প্রয়োগিক শ্রেণীতে চিহ্নিত করা যেতে পারে। যথা (a) সম্পূর্ণ পরিসংখ্যান চিত্র, যেমন জনসংখ্যা বিষয়ক চিত্র, (b) সম্পূর্ণ ভৌগোলিক চিত্র, যেমন মাটির প্রকার, ভূমি ব্যবহার নদ-নদী বিষয়ক চিত্র এবং (c) পরিসংখ্যান ভৌগোলিক চিত্র, যেমন ভূমির আপেক্ষিক উচ্চতা বিষয়ক চিত্র, ইত্যাদি ইত্যাদি।

উল্লিখিত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে ভূগোলের সব মানচিত্রকে জ্যামিতিক রূপ তথা মাত্রা অনুযায়ী প্রধান চার ভাগে ভাগ করা যায়, যথা—

(a) **মাত্রাহীন চিত্র—** যার কোন মাত্রা নেই, কেবল মাত্র উপস্থিতি বা অবস্থান বোঝায়, যা বিন্দু (point) বা ডট্ (dot) এর সাহায্যে করা হয়। যেমন বিক্ষেপন চিত্র (Scatter diagram)



(b) **একমাত্রিক চিত্র** — যার একটিমাত্র মাত্রা থাকে। দৈর্ঘ্য হল এই মাত্রা যে কোন এক অভিমুখে 'রেখা'এঁকে চিত্র আঁকা হয়, যথা রৈখিক স্কেল, স্তম্ভ চিত্র।



কিমি

(c) **দ্বি-মাত্রিক চিত্র** — এই চিত্রের দুটি মাত্রা অর্থাৎ দৈর্ঘ্য ও প্রস্থ থাকে, অথবা ব্যাসার্ধ ও কোণ (angle) থাকে। বর্গ, বৃত্ত ইত্যাদির মাধ্যমে মাপচিত্র আঁকা হয়। এসব চিত্র ক্ষেত্রফল নির্দেশ করে।



বর্গক্ষেত্র



বৃত্ত

(d) ত্রি-মাত্রিক চিত্র — দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা এই তিনটি মাত্রা নিয়ে এই চিত্র আঁকা হয়,কোণ,

গোলক



ঘনক

ব্যাসার্ধ নিয়েও ত্রি-মাত্রিক চিত্র আঁকা যায়। এই চিত্র ঘনফল নির্দেশ করে। গোলক ঘনক এর উদাহরণ অনেক ধরনের মাপচিত্র হতে পারে (সারণী)। তবে মাপচিত্রের উপযুক্ত নির্বাচন নির্ভর করে কি উদ্দেশ্যে চিত্র আঁকা হবে তার উপর, বাস্তবের সঙ্গে মিল আছে কিনা তা দেখে এবং চিত্রটি কতখানি মনোগ্রাহী হবে। যেমন ধরা যাক গ্রামীন জংসংখ্যার

বন্টন প্রশাসনিক সীমানা যুক্ত মানচিত্রের উপর ডটে (dot) এর বন্টনের মাধ্যমে মাত্রাহীন চিত্রই উপযুক্ত। এ সম্বন্ধে পরে বিস্তারিত আলোচনা আছে।

সারণী -1

1. মাত্রাহীন ——— বিক্ষেপন চিত্র (Scatter diagram)

2. একমাত্রিক
   - উলম্ব
   - অনুভূমিক
   - বিশেষ ধরণের — পিরামিড

3. দ্বি-মাত্রিক
   - বর্গক্ষেত্র
     - সাধারণ
     - বিভক্ত
   - আয়তক্ষেত্র
   - ত্রিভূজ
   - বৃত্ত
     - সাধারণ
     - বিভক্ত

4. ত্রি-মাত্রিক
   - ঘনক
   - গোলক

মাপচিত্র মানচিত্র বিদ্যার অংশ বিশেষ। মানচিত্র বিদ্যা (Cartography) হল মানচিত্র ও চার্ট (Chart) আঁকার বিজ্ঞান ও কলা, অর্থা কোন লেখ (graph), নক্শা বা মানচিত্রের বিজ্ঞান সম্মত অঙ্কনকেই বোঝায়। আর এটা এক ধরনের কলাও বটে, কারণ জ্ঞাত বা অজ্ঞাত যে ভাবেই হোক না কেন মানচিত্র আঁকার সময় প্রত্যেকের মনে সুন্দরভাবে আঁকবার ইচ্ছা কাজ করে। কেউই চায়না যে তার আঁকা চিত্র অন্য কেউ কুৎসিত বলুক তাই অক্ষরের স্টাইল নির্বাচনে রঙের ব্যবহারে, সাংকেতিক চিহ্ন, দিক চিহ্ন ইত্যাদির ক্ষেত্রে মানচিত্র অংকনকারীর রুচি ও শিল্প সম্মত দৃষ্টিভঙ্গির প্রতি সতর্ক দৃষ্টি দেওয়া অবশ্যই দরকার। আমরা যেমন নিজেদেরকে আকর্ষনীয় করার জন্য বিভিন্ন সুসজ্জিত ও রুচি সম্মত বেশ ধারন করি, তেমনিভাবে একটি মাপচিত্র আঁকার পর

একে দৃষ্টিনন্দন করে তুলতে হেডিং ইত্যাদি লেখার জন্য বিভিন্ন আকারের অক্ষর নির্বাচন ও তা উপযুক্ত স্থানে লেখা, চিত্রের মধ্যে সূচক (index) তৈরীর জায়গা, একটি চতুস্কোণের মধ্যে সমগ্র চিত্রটিকে রাখার জন্য সীমানা রেখা টানা ইত্যাদি খুঁটিনাটি বিষয়ের প্রতি আপনাদের সজাগ থাকতে হবে। তবেই যে কোন মানচিত্র দৃষ্টিনন্দন ও মনোগ্রাহী হয়ে উঠবে।

মাপচিত্র আঁকার পর সেই চিত্রকে ব্যাখা ও বিশ্লেষণ করা অবশ্যই দরকার। কোথায়, কিভাবে কতখানি স্থানগত বৈচিত্র্য ঘটেছে তা আপনারা আলোচনা করবেন। বৈচিত্র্যের জন্য যদি কোন কারণ খুঁজে পাওয়া যায় তাও বলতে হবে।

8.3 আনুপাতিক বর্গক্ষেত্র (Proportional Suqare)

বর্গক্ষেত্র দ্বি-মাত্রিক চিত্র। ইহা দৈর্ঘ্য ও প্রস্থে সমান। এই চিত্রকে ক্ষেত্রফল চিত্রও (area diagram) বলা হয়। কৃষিভূমি, বনভূমি, জনসংখ্যা, উৎপাদন ইত্যাদি পরিমান বোঝাতে বর্গক্ষেত্র চিত্র আঁকা হয়। সুতরাং একটি বর্গক্ষেত্র কোন উপাদানের সমগ্র পরিমান নির্দেশ করে। পরিমানের তারতম্যের উপর বর্গক্ষেত্রের আকার নির্ভর করে। পরিমান কম হলে এর আকার ছোট হয়, আর বেশি হলে আকার বড় হয়,অর্থাৎ উপাদানের পরিমান অনুযায়ী বর্গক্ষেত্রের আকার হয় আনুপাতিক। সুতরাং পরিমানের অনুপাত অনুযায়ী অঙ্কিত বর্গক্ষেত্রকে বলা হয় আনুপাতিক বর্গক্ষেত্র।

কোন রাশিতথ্যে কেবলমাত্র একটি উপাদান থাকলে তা সাধারণ বর্গক্ষেত্র চিত্র বা আনুপাতিক বর্গক্ষেত্রের মাধ্যমে দেখানো হয়, এক্ষেত্রে একটি মাত্র কেবল একটি মান নির্দেশ করে, যে মানের দ্বারা বর্গক্ষেত্রে চারটি বাহু আঁকা যায়।

8.3.1 গঠন প্রণালী ঃ

বর্গক্ষেত্রের গঠন একটি নীতির উপর দাঁড়িয়ে আছে। নীতিটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল যা উপাদানের পরিমানের অনুপাতকে সরাসরি নির্দেশ করে। অন্যভাবে বলা যায় 'উপাদান নির্দেশকারী এক একক ক্ষেত্রফলের একটি বর্গক্ষেত্র'— এই কথাটি বর্গক্ষেত্রের জন্য ক্ষত্রফল মাপনী গঠন করে।

সুতরাং বর্গক্ষেত্রের ক্ষেত্রফলই হল মোট উপাদান। যদি ক্ষেত্রফল জানা থাকে তাহলে বর্গক্ষেত্রের এক পাশের দৈর্ঘ্য নির্ণয় করা যাবে এবং তখন বর্গক্ষেত্রটিও আঁকা যাবে। কারণ এক পাশের দৈর্ঘ্যের বর্গ হল বর্গক্ষেত্রের ক্ষেত্রফল। একে এভাবে লেখা যেতে পারে —

$$\text{দৈর্ঘ্য}^2 = \text{ক্ষেত্রফল}$$

$$\therefore \text{দৈর্ঘ্য} = \sqrt{\text{ক্ষেত্রফল}}$$

ধরা যাক কোন অঞ্চলের জনসংখ্যা 10,00,000। এর জন্য একটি বর্গক্ষেত্র আঁকতে হবে।

এখানে 10,00,000 জনসংখ্যা হল উপাদান ,অর্থাৎ কোন বর্গক্ষেত্রের ক্ষেত্রফল। সুতরাং এই জনসংখ্যার অনুপাতে বর্গক্ষেত্র আঁকতে হলে বর্গক্ষেত্রের এক পাশের বাহুর দৈর্ঘ্য নির্ণয় করতে হবে।

অতএব উপরের সূত্র অনুযায়ী

$$\text{দৈর্ঘ্য}^2 = 10,00,000 \text{ জনসংখ্যা}$$

বা, $$\text{দৈর্ঘ্য} = \sqrt{10,00,000}$$

$$= 1000 \text{ একক (বর্গমূল করার পর উপাদান এককে প্রকাশিত হয়।)}$$

এই 1000 একক বর্গক্ষেত্রের একপাশের বাহুর পরিমাণ অর্থাৎ দৈর্ঘ্য নির্দেশ করে। চিত্র আঁকতে হলে স্কেলের দরকার। এই স্কেল ইঞ্চি বা সেন্টিমিটারে হয়। কোন স্কেল উপাদান দিয়ে প্রকাশিত হয় না। এবার এককে স্কেলের অনুপাতে নির্ণয় করে ঐ মাপ নিয়ে বর্গক্ষেত্র আঁকতে হবে। ধরা যাক, স্কেলের 1 সেমি সমান 500 একক হলে 1000 একক $(1000 \div 500)2$ সেমি নির্দেশ করে। এককে স্কেল দিয়ে ভাগ করলে বর্গক্ষেত্রের এক পাশের দৈর্ঘ্য পাওয়া যায়। অতএব বর্গক্ষেত্রের আকার হবে 2 সেমি $\times$ 2 সেমি বা 4 বর্গ সেমি। অন্যভাবে জনসংখ্যা নির্দেশ করার জন্য 1000 একক $\times$ 1000 একক (স্কেলের যা 2×2 সেমি) = 10,00,000 জনসংখ্যা নির্দেশ করে।



অতএব বর্গক্ষেত্রের ক্ষেত্রফল উপাদানের প্রত্যক্ষ অনুপাত নির্দেশ করে।

আনুপাতিক বর্গক্ষেত্র চিত্র দু প্রকার হতে পারে— সাধারণ (Simple) বিভক্ত (divided)।



সাধারণ বর্গক্ষেত্র

স্ত্রী পুরুষ বিভক্ত বর্গক্ষেত্র

সাধারণ বর্গক্ষেত্র কেবল চারটি বাহুর দ্বারা আঁকা বর্গক্ষেত্রকে বোঝায়। যা উপাদানেরের সামগ্রিক

বৈশিষ্ট্যকে বজায় রাখে, কিন্তু সামগ্রিক উপাদান যদি একাধিক বৈশিষ্ট্যযুক্ত হয় তাহলে বিভক্ত বর্গক্ষেত্রের মাধ্যমে তা দেখানো যায়, ধরা যাক, 10,00,000 জনসংখ্যার মধ্যে স্ত্রীলোকের সংখ্যা 4 লক্ষ ও পুরুষের সংখ্যা 6 লক্ষ। তাহলে আনুপাতিকভাবে বর্গক্ষেত্রের একদিকের বাহুকে উপর নীচে ভাগ করে তা দেখানো যায়। পূর্বের হিসাব থেকে নীচে এভাবে গণনা করা যেতে পারে।

10,00,000 জনসংখ্যা 2 সেমি নির্দেশ করে

1 " $= \frac{2}{10,00,000}$ সেমি নির্দেশ করে

4,00,000 " $= \frac{2}{10,00,000} \times 4,00,000$ সেমি নির্দেশ করে

$= 0.8$ সেমি.

তাহলে বিভক্ত বর্গক্ষেত্র মাপচিত্র আঁকতে হলে মোট উপাদান এর আনুপাতিক বর্গক্ষেত্র আঁকার পর বর্গক্ষেত্রের এক পাশের বাহুর দৈর্ঘ্য নিয়ে চরম মানের (absolute number) পরিপ্রেক্ষিতে ঐকিক নিয়মানুসারে বাহুর অংশ নির্ণয় করতে হবে।

8.3.2 স্কেল নির্বাচন ঃ

বর্গক্ষেত্র চিত্রের স্কেল নির্বাচন অতি মনোযোগের সঙ্গে করতে হয়। এজন্য দুটি বিষয়ের উপর নজর করা সরকার। (i) মূল মানচিত্রের আকার ওআকৃতি

এবং (ii) বর্গক্ষেত্রের আকার।

বর্গক্ষেত্রের আকার সর্বদা মানচিত্রের আকারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। অর্থাৎ এমনভাবে স্কেল নির্বাচন করা উচিত যাতে মানচিত্র অনুযায়ী বর্গক্ষেত্র অনেক বড় বা ছোট হবে না। চেষ্টা করা উচিত মানচিত্রের প্রশাসনিক সীমানার ভিতরেই বর্গক্ষেত্র যাতে আঁকা যায়। সীমানার বাইরে যেন বর্গক্ষেত্রের বাহুর কোন অংশ না আঁকা হয়। তবে কোন কোন ক্ষেত্রে মানচিত্রের কোন প্রশাসনিক একক (ব্লক বা মহকুমা) লম্বাটে আকৃতির হয় সেক্ষেত্রে বাহুর কিছু অংশ এই এককের সীমানার বাইরে থাকতে পারে।



বর্গক্ষেত্রের বাইরের অংশ।

তবে পাশাপাশি দুটি বর্গক্ষেত্র আঁকতে গেলে দেখতে হবে একটি বর্গক্ষেত্রের উপর যেন অন্য বর্গক্ষেত্রের কিছু অংশ না আসে। এক্ষেত্রে সুবিধা অনুযায়ী একটি বর্গক্ষেত্রকে মানচিত্রের পাশে বাইরে আঁকা সমীচীন।



এরকম হবে না এরকম হবে

বর্গক্ষেত্র চিত্র আঁকার জন্য যদি কোন মানচিত্র না দেওয়া হয় তাহলে একটি ভূমি রেখার (base line) উপর সমান দূরত্বে পাশাপাশি চিত্রগুলি আঁকতে হবে। এক্ষেত্রে স্কেল নির্বাচনে অনেকটা স্বাধীনতা থাকে। স্কেল এমনভাবে নির্বাচন করতে হবে যাতে ক্ষুদ্রতম উপাদান খুব ছোট বা বৃহত্তম উপাদান খুব বড় মাপের বর্গক্ষেত্র না হয়ে যায়।



ভূমি রেখার উপর বর্গক্ষেত্র।

মানচিত্রের মধ্যে বা ভূমিরেখার উপর যে বর্গক্ষেত্রগুলি আঁকা হয় তাদের জন্য অবশ্যই লৈখিক স্কেল (graphical scale) আঁকতে হবে। বন্টনের মধ্যে মোটামুটি বৃহত্তম, ক্ষুদ্রতম ও মাঝারি মানের কাছাকাছি পূর্ণসংখ্যা (round number) নিয়ে আনুপাতিক হারে তিনটি লৈখিক স্কেল আঁকতে হবে। বিভিন্ন উদাহরণ থেকে বিষয়টিকে বোঝানো যেতে পারে। সারণীর আকারে হিসাবকে বিশদভাবে দেখানো অবশ্যই উচিত।

উদাহরণ — শহরের বসবাসকারী বাড়ীর সংখ্যা নীচে দেওয়া আছে। তা আনুপাতিক বর্গক্ষেত্রের সাহায্যে দেখান।

শহর	বাড়ীর সংখ্যা
1	55925
2	69775
3	102205
4	85125
5	76500

8.3.3 হিসাব (Calculation) :

নিম্নলিখিত সূত্রের সাহায্যে বর্গক্ষেত্রে একপাশের বাহুর দৈর্ঘ্য নির্ণয় করা যায়।

দৈর্ঘ্য ^{2} = বসবাসকারীর সংখ্যা

$\therefore$

শহর	বাড়ীর সংখ্যা	 (x)	নির্বাচন স্কেল (S)	বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য (সেমি)
1	55925	236.48	১ সেমি = 100 একক	2.4
2	69775	264.15		2.6
3	85125	291.76		2.9
4	76500	276.59		2.8
5	102205	319.70		3.2
লৈখিক	50000	223.61		2.2
স্কেলের	80000	282.84		2.8
জন্য	100000	316.22		3.2

এখানে কোন মানচিত্র দেওয়া হয়নি তাই বর্গক্ষেত্রগুলিকে একটি ভূমিরেখার উপর আঁকা হল (চিত্র 8.1)। স্কেল নির্বাচনেও অনেক স্বাধীনতা রয়েছে। বর্গক্ষেত্রগুলি আকারে অনেক বড় বড় হয়েছে। যদি মানচিত্রের মধ্যে আঁকতে হত তাহলে স্কেল নির্বাচনের সময় প্রশাসনিক এককের সীমানা লক্ষ্য করতে হত। তখন হয়ত স্কেল 1 সেমিতে 200 বা 300 একক ধরতে হত।

লৈখিক স্কেলের ক্ষেত্রে বাড়ীর সর্বনিম্ন সংখ্যা আছে 55,925 পূর্ণসংখ্যা হিসাবে 50,000 ধরা হল। অন্যদিকে সর্বোচ্চ সংখ্যা হল 102205 এজন্য 100000 ধরা হয়েছে। মাঝারি লৈখিক স্কেলের জন্য 80000 ধরা হয়েছে। আপনারা যদি 75000 ধরেন তা হলেও ভুল হত না।



লৈখিক স্কেল। চিত্র নং 8.1

8.3.4 উদাহরণ

মানচিত্রের মধ্যে কিভাবে বর্গক্ষেত্র আকঁতে হয় তার একটি নমুনা দেওয়া হল। এক্ষেত্রে বীরভূম জেলার প্রতিটি থানার বসবাসকারী বাড়ীর সংখ্যাকে আনুপাতিক বর্গক্ষেত্রের মাধ্যমে দেখানো হয়েছে। লক্ষণীয় যে মহম্মদ বাজার থানার বর্গক্ষেত্রের বাহুর কিছু অংশ বিহার রাজ্য সীমানার মধ্যে ঢুকে গেছে। মহম্মদ বাজার থানা ছাড়া অন্য যেসব থানা রয়েছে তাদের বর্গক্ষেত্রগুলি তুলনামূলক ভাবে ছোট হয়েছে। এগুলিকে আরও একটু বড় করা যেত, কিন্তু স্কেল নির্বাচনে সে স্বাধীনতা গ্রহণ করা যাবে না, কারণ তাহলে সবচেয়ে বড় বর্গক্ষেত্রটি এত বড় হয়ে যাবে যে সমষ্টিগত ভাবে মানচিত্রকে দেখতে ভাল লাগবে না (চিত্র **8.2.**)

থানার নাম নাম	বাড়ীর সংখ্যা	√ (×)	নির্বাচিত স্কেল (S)সেমি	বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য (×/S)সেমি.
সুরি	14265	119.08		1.2
সাঁইথিয়া	14016	118.39		1.2
রাজনগর	7120	84.38		0.8
দুবরাজপুর	14610	120.87		1.2
খয়রাশালি	14640	120.99		1.2
ইল্‌মবাজার	13314	115.39		1.2

বোলপুর	11862	108.91	1 সেন্টিমিটার = 100 একক	1.1
লাভপুর	13634	116.76		1.2
নানুর	15282	123.62		1.2
রামপুরহাট	15929	126.21		1.3
ময়ূরেশ্বর	25564	159.89		1.6
নলহাটি	20592	143.50		1.4
মুরারি	23492	153.27		1.5
মহম্মদবাজার	113321	336.62		3.8
লৈখিক	10000	100.00		1.0
স্কেলের	25000	158.11		1.6
জন্য	100000	316.23		3.2

PROPORTIONAL SQUARE
SHOWING NO OF OCCUPIED HOUSES
(P.S WISE. BIRBHUM)



চিত্র নং 8.2

8.3.5 ব্যাখ্যা (interpretation) :

বীরভূম জেলার প্রতিটি থানার বসবাসকারী বাড়িকে আনুপাতিক বর্গক্ষেত্র মাপচিত্রের দ্বারা দেখানো হয়েছে। এই চিত্র থেকে বোঝা যাচ্ছে যে মহম্মদ বাজার থানায় বাড়ির সংখ্যা অন্যান্য থানা অপেক্ষা অনেক বেশী। এরপরে বাড়ির সংখ্যার দিক থেকে ময়ূরেশ্বর, রামপুরহাট, নলহাটি ও মুরারি এই চারটি থানায় বেশী আছে এবং মহম্মদ বাজার থানা নিয়ে এই পাঁচটি থানার বাড়ির সংখ্যা অন্য নয়টি থানার তুলনায় বেশী। শতকরা 50 ভাগেরও বেশী বাড়ি এই পাঁচটি থানার অন্তর্গত। থানাগুলি বীরভূম জেলার উত্তরাংশে অবস্থিত, সুতরাং বোঝা যায় যে বসবাসকারী বাড়ির ঘনত্ব জেলার উত্তরেই বেশী। তুলনামূলকভাবে দক্ষিণাংশের নয়টি থানার বাড়ির ঘনত্ব বেশী নয়। এই অংশে বাড়ির সংখ্যা 7000 থেকে 1500 মধ্যে। সম্ভবত আর্থ-সামাজিক উন্নতির কারণে বিশেষত মহম্মদবাজার থানায় বাড়ির সংখ্যা বেশী।

8.3.6 চিত্রের ব্যবহার (Uses of the diagram) :

যে কোন উপাদানের যেমন জনসংখ্যার, বাড়ি, ভূমিব্যবহারে জমির আয়তন, খনিজ সম্পদের পরিমাণ, শস্য উৎপাদন ইত্যাদির পরিমাণ বোঝাতে বর্গক্ষেত্র মাপচিত্রের ব্যবহার হয়। তবে যে সব উপাদানের স্থানিক বা দৈশিক বন্টন আছে যেসব উপাদানকে এ ধরণের দ্বিমাত্রিক কিংবা ত্রিমাত্রিক চিত্রের মাধ্যমে দেখানো উচিত।

8.4 আনুপাতিক বৃত্ত (Proportional Circle) :

বর্গক্ষেত্রের মতই কোন উপাদানকে অনুপাত অনুসারে বৃত্তের মাধ্যমে নির্দেশ করা যেতে পারে। বৃত্তও একটি বর্গক্ষেত্রের মত দ্বি-মাত্রিক চিত্র বা ক্ষেত্রফল নির্দেশ করে। বর্গক্ষেত্রে যেমন দৈর্ঘ্য ও প্রস্থ হল দুটি মাত্রা, তেমনি বৃত্তের মাত্রা দুটি হল বৃত্তের ব্যাসার্ধ (r) ও বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণ যার পরিমাণ 360^0 ডিগ্রী বা চার সমকোণের সমষ্টি। বৃত্তের আকৃতি সর্বদাই উপাদানের পরিমানের আনুপাতিক ধারণা দেয়। বর্গক্ষেত্রের মত একই নীতির উপর বৃত্ত মাপচিত্রটিও প্রতিষ্ঠিত। উপাদানের পরিমান অনুপাতে ব্যাসার্ধ নির্ণয় করতে পারলে বৃত্ত অঙ্কন করা যায়। অর্থাৎ বৃত্তের আয়তন উপাদানের পরিমাণের প্রত্যক্ষ অনুপাত নির্দেশ করে। অন্যভাবে বলা যেতে পারে, যে কোনও পরিমাণ একক নির্দেশকারী ক্ষেত্রফলের একটি বৃত্ত জন্য আয়তন স্কেল গঠন করে। যদি বৃত্তের ব্যাসার্ধকে r ও তার ক্ষেত্রফলকে a ধরা হয় তাহলে সূত্রটি হল

$$\pi r^2 = a$$

$$\text{or}, \ \pi r^2 = q$$

a অর্থে এখানে উপাদানের পরিমান (q), অর্থাৎ বৃত্তের ক্ষেত্রফল মানেই হল উপাদানের পরিমান (q)।

$$\text{or}, r^2 = \frac{q}{\pi}$$

$$\therefore\ r = \sqrt{\frac{q}{\pi}}$$

এখানে r এককে প্রকাশিত হবে, এর পর ঐ এককে একটি নির্দিষ্ট রৈখিক স্কেলের অনুপাতে প্রকাশ করলে বৃত্তের ব্যাসার্ধ পাওয়া যায়। তার সাহায্যে বৃত্ত অঙ্কন করতে হবে। মাপনী (scale) এমনভাবে নির্বাচিত করতে হবে যাতে এক একটি বৃত্ত মানচিত্র অনুযায়ী খুব বড় বা ছোট হবে না। বর্গক্ষেত্র মাপ চিত্রের মত এখানেও বন্টন থেকে ছোট, মাঝারি ও বড় এই তিন প্রকার মান নিয়ে লৈখিক স্কেল আঁকতে হবে।

8.4.1 উদাহরণ ঃ

পৃথিবীর প্রধান কয়েকটি দেশের কয়লা সঞ্চয়ের পরিমাণ দেওয়া আছে, তা আনুপাতিক বৃত্তের দ্বারা দেখান। চিত্র ঃ 8.3

দেশ	কয়লা সঞ্চয় কোটি টনে	$r = \sqrt{\frac{q}{\pi}}$	নির্বাচিত স্কেল (s) সেমি	বৃত্তের ব্যাসার্ধ (r/s) সেমি
চীন	77060	156.62	1 সেন্টিমিটার = 100 ব্যাসার্ধ	1.6
আঃ যুক্তরাষ্ট্র	53276	130.22		1.3
সি আই এস	42400	116.17		1.2
জার্মানী	20215	80.22		0.8
ভারত	13315	65.10		0.7
লৈখিক স্কেল	80000	159.58		1.6
	50000	126.16		1.3
	15000	69.10		0.7



চিত্র নং 8.3

8.4.2 পাই চিত্র (Piegraph) বা বিভক্ত বৃত্ত (divided circle)

গ্রামাঞ্চলে বা শহরে ভূমিকে নানা কাজে লাগানো হয়। গ্রামাঞ্চলে মানুষ ভূমিকে চাষ-আবাদ, বন, গোচারণ, পতিত জমি, বসতি, বাগান ইত্যাদি কাজে লাগায়। ধরা যাক কোন একটি গ্রামে ভূমির ব্যবহার কৃষিতে 500 হে. অরণ্য 50 হে. গোচারণ 165 হে. পতিত জমি 85 হে. এবং বসতি 100 হে হয়েছে, অর্থাৎ মোট ব্যবহৃত জমির পরিমাণ 900 হে. এই ভূমি ব্যবহার আমরা কিভাবে অর্থাৎ কোন মাপচিত্রের দ্বারা দেখাতে পারি। চিত্রটি এরূপ হতে পারে—ব্যবহৃত মোট জমির (900 হে.) পরিমানের অনুপাতে একটি বৃত্ত আঁকা হল, যে বৃত্ত তার কৌণিক মাপ 360^0 নির্দেশ করে। অর্থাৎ 900 হে. জমি বৃত্তে 360^0 কোণ নির্দেশ করে। এরপর ঐ বৃত্তকে পৃথক পৃথক ভূমি ব্যবহারের মান অনুযায়ী যদি কতকগুলি অংশে ভাগ করা হয় তাহলে আমরা বৃত্তের মধ্যে সবকয়টি ভূমি ব্যবহার দেখাতে পারি। এক্ষেত্রে বৃত্তের কেন্দ্রে উৎপন্নকারী কোণের মান পৃথক পৃথক ভূমি ব্যবহারের পরিমানকে নির্দেশ করবে। যেমন মোট ভূমি 900 হে. সমান 360^0 হয় তাহলে কৃষি জমি 200 ডিগ্রী, কিংবা অরণ্য 20 ডিগ্রী, গোচারণ ভূমি 60 ডিগ্রী, পতিত জমি 40 ডিগ্রী ও বসতি 40 ডিগ্রী দ্বারা নির্দেশিত হবে। যারা মোট 360^0 কোণ নির্দেশ করে।

		ক্রমপুঞ্জিত ডিগ্রী
কৃষিজমি	200^0	200^0
অরণ্য	20^0	220^0
গোচারণ	66^0	286^0
পতিত জমি	34^0	320^0
বসতি	40^0	360^0
মোট	360^0	

পাই চিত্র বা বিভক্ত বৃত্ত

এই ভাবে যখন কোন আনুপাতিক বৃত্তকে বিভিন্ন পৃথক পৃথক অংশে ভাগ করে যে মাপচিত্র পাওয়া যায় তাকে পাই চিত্র (piegraph) বলা হয়।

8.4.3 পাই চিত্র অঙ্কন

পাই চিত্র গঠনে প্রথমে মোট পরিমানের অনুপাতে বৃত্ত অঙ্কন করতে হবে। তারপর ঐ বৃত্তকে কেন্দ্রে উৎপন্নকারী কোণ অনুযায়ী ভাগ করলে তবেই হবে পাই চিত্র। ভিন্ন ভিন্ন উপাদানকে বিভিন্ন কৌণিক দূরত্বে ভাগ করার সূত্র হল ঃ—

নির্দিষ্ট বিষয়ের কোণের পরিমাণ $\frac{360^o}{}$ [illegible]

উপরের উদাহরণ থেকে

কৃষি জমির জন্য কোণের পরিমাণ $= \frac{360^o}{900} \times 500$ [illegible]

সুতরাং প্রতিটি বিষয়ের কোণের পরিমানের যোগফল অবশ্যই 360 ডিগ্রী হবে। এবং প্রতিটি বিষয়ের চরম মানগুলির যেগেফল মোট পরিমাণ নির্দেশ করবে।

বৃত্তগুলি নির্দিষ্ট স্কেলে আঁকার পর বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত একটি সরলরেখা টানতে হবে। প্রতিটি বৃত্তের ক্ষেত্রে ঐ রেখা সুনির্দিষ্ট ভাবে উত্তরাভিমুখী হবে। অবশ্য ঠিক ঠিক পশ্চিম অভিমুখেও ঐ সরলরেখা টানা যেতে পারে। যে অভিমুখেই টানা হোক না কেন প্রতি বৃত্তের ক্ষেত্রে ইহা শূন্য ডিগ্রী নির্দেশ করে। প্রতিটি বৃত্তের ক্ষেত্রে এই শূন্য ডিগ্রি সরলরেখা একটি নির্দিষ্ট

দিক নির্দেশ করে। একটি মানচিত্রের মধ্যে সব বৃত্তের শূন্য ডিগ্রী রেখাটি হয় উত্তর বা পশ্চিম দিকে থাকবে। একটি বৃত্তের ক্ষেত্রে উত্তর দিক, আর একটি ক্ষেত্রে পশ্চিম দিক এরূপ যেন না হয়। বৃত্তের কেন্দ্রের উপর চাঁদার কেন্দ্রকে বসিয়ে শূন্য ডিগ্রী সরলরেখা থেকে শুরু করে প্রতি



বিষয় কৌণিক মাপ নিয়ে বৃত্তকে বিভিন্ন অংশে ভাগ করতে হবে। ভাগগুলি ঘড়ির কাঁটার দিক অনুযায়ী পরপর করা ভাল। প্রতিটি বৃত্তের ক্ষেত্রে যেমন একই পর্যায়ক্রম অনুসরণ করা হয়। অর্থাৎ প্রথমে কোন বৃত্তকে ভাগ করতে গিয়ে কৃষি জমি, অরণ্য, গোচারণ ভূমি এরূপে ভাগ করা হয়, তাহলে অন্য সব বৃত্তের ক্ষেত্রেও যেন পর ঐ একই বিষয়গুলি দেখানো হয়। ক্রমপুঞ্জিত ডিগ্রী করে নিলে বৃত্তের কেন্দ্রের উপর একবার চাঁদা বসিয়ে প্রতিটি বিষয়ের মান চিহ্নিত বা নির্দিষ্ট করা যায়। আর তা না হলে বারে বারে চাঁদাকে বসাতে হবে যা থেকে ভুল হওয়ার সম্ভাবনা থাকে ও এর পরিমানও বাড়তে পারে। পূর্বের হিসাব থেকে বিষয়টি বোঝানো যাক, ধরা যাক চাঁদায় 0^0 দাগকাটা ডিগ্রী রেখা বৃত্তের শূন্য ডিগ্রী নির্দেশ কারীর উত্তরাভিমুখী রেখার উপর ঠিক ঠিক ভাবে বসানো হল। এরপর চাঁদা বারে বারে না সরিয়ে ক্রমপুঞ্জিত ডিগ্রীর মান অনুযায়ী প্রথমে 200^0, তারপর 220^0, 286^0 ও 320^0 চিহ্নিত করার পর বৃত্তের কেন্দ্রর থেকে পরিধি পর্যন্ত ঐ চিহ্নিত বিন্দুর সাহায্যে রেখা টানলে বৃত্তটি বিভিন্ন অংশে বিভক্ত হয়ে যাবে বা বিভিন্ন উপাদানগুলিকে তাদের পরিমাণ অনুযায়ী নির্দেশ করবে।

8.4.4 চিত্রের ব্যবহার

কেবল ভূমি ব্যবহার নয়, বিভিন্ন কৃষি, খনিজ ইত্যাদি উৎপাদন জনসংখ্যা বিষয়ক বিভিন্ন তথ্য প্রভৃতি পাই চিত্রের মাধ্যমে তুলে ধরা যেতে পারে।

দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলার ভূমি-ব্যবহারের পরিমাণ দেওয়া আছে তা পাই চিত্রের মাধ্যমে দেখান এবং চিত্রটিকে ব্যাখ্যা করুন চিত্র 8.4।

জেলা	মোট আয়তন একরে	অরণ্য	কৃষি	অকৃষি	পতিত জমি	বপিত জমি
২৪ পরগণা	3680.2	1039.9	285.6	646.6	42.1	1666.0
নদীয়া	966.3	2.0	80	140.8	12.7	770.1
মুর্শিদাবাদ	1326.1	1.6	65	186.7	86.5	1026.2
বর্ধমান	1810.4	53.5	78.0	344.1	99.8	1235.0
বীরভূম	1115.5	15.4	32.0	170.2	18.9	879.0
বাঁকুড়া	1696.9	343.9	187.7	96.9	138.4	927.0
মেদিনীপুর	3356.0	352.3	225.7	352.5	321.6	2103.9
হুগলী	775.7	0.6	23.0	154.3	5.0	592.8
হাওড়া	358.5	–	10.8	91.0	25.7	231.0
পুরুলিয়া	1546.0	196.1	333.7	226.0	108.7	682.0

8.4.5 হিসাব (Calculation)

আনুপাতিক বৃত্তির পরিধি নির্ণয়

সূত্র πr^2 = [illegible]

$$r = \sqrt{\frac{[illegible]}{\pi}}$$

সারণীর মধ্যে হিসাব দেখানো হল

জেলা	আয়তন (হে.)	$r = \sqrt{\frac{\text{আয়তন}}{\pi}}$	নির্বাচিত স্কেল (s) সেমি.	বৃত্তের ব্যাসার্ধ সেমিতে (r/s)
২৪ পরগণা	3680.2	34.23	1 সেমি ব্যাসার্ধ = 20 একক	1.7
নদীয়া	966.3	17.53		0.9
মুর্শিদাবাদ	1326.1	20.54		1.02
বর্ধমান	1810.4	24.00		1.2
বীরভূম	1115.5	18.84		0.9
বাঁকুড়া	1693.9	23.22		1.2
মেদিনীপুর	3356.0	32.68		1.6
হুগলী	775.7	15.71		0.8
হাওড়া	358.5	10.68		0.5
পুরুলিয়া	1546.5	22.19		1.1
লৈখিক স্কেল	500	12.62		0.6
	1500	21.85		1.1
	3500	33.38		1.7

এরপর প্রতিটি বিষয়ের কোণের পরিমাণ নিচের সূত্রের সাহায্যে নির্ণয় করা হল এবং তা একটি সারণির আকারে দেখানো হল।

সূত্র = এক একটি বিষয়ের কোণের মান $= \frac{360^\circ}{\text{আয়তন}} \times$ নির্দিষ্ট বিষয়ের পরিমাণ

এবার লক্ষ্য করার বিষয় হল কোণের মান কোন আসন্ন মান পর্যন্ত ধরা হবে, ডিগ্রি, মিনিটের পর সেকেন্ড পর্যন্ত ধরা হবে কি না। সেকেন্ড পর্যন্ত মান ধরা যাবে না, কারণ চাঁদায় সেকেন্ডের ভাগ নেই। চাঁদায় কেবলমাত্র $30'$ এর ভাগ আছে। অতএব আপনারা আসন্ন মান মিনিট ($'$) পর্যন্ত নেবেন। তবে তা $15'$ এর পার্থক্যের মানের সাপেক্ষে নেবেন। 24 পরগণা জেলার হিসাব থেকে বিষয়টি আরও পরিষ্কার করা হল।

24 পরগণা	অরণ্য	কৃষি	অকৃষি	পতিত জমি	বপিত জমি
কোণের মান	101°43'	27°56'	63°15	4°7'	162°58'
আসন্ন মান	101°45'	28°	63°15'	4°	163°
ক্রমপুঞ্জিত মান	101°45'	129°45'	193°	197°	360°

জেলা	**মোট আয়তন হেক্টর**	**অরণ্য**	**কৃষি**	**অকৃষি**	**পতিতজমি**	**বপিত জমি**	**মোট কোণের পরিমাণ**
২৪ পরগণা	3680.2	101°45'	28°	63°15'	4°	163°	360°
নদীয়া	966.3	0°45'	15°	52°30'	4°45'	287°	360°
মুর্শিদাবাদ	1326.1	0°30'	17°45'	50°45'	12°30'	278°30'	360°
বর্ধমান	1810.4	10°30'	15°30'	68°30'	20°	245°30'	360°
বীরভূম	1115.5	5°	10°15'	55°	6°	283°45'	360°
বাঁকুড়া	1693.9	73°	40°	20°30'	29°30'	197°	360°
মেদিনীপুর	3356.0	37°45'	24°15'	37°45'	34°30'	225°45'	360°
হুগলী	775.7	0°25'	10°25'	71°30'	2°0'	275°	360°
হাওড়া	258.5		11°	91°15'	25°45'	232°	360°
পুরুলিয়া	1546.5	45°45'	77°45'	52°30'	25°15'	158°45'	360^0

8.4.6 চিত্রের ব্যাখ্যা

অংকিত পাই চিত্র (চিত্র নং 8.3) থেকে দেখা যাচ্ছে যে দক্ষিণবঙ্গের সব জেলাতেই বপিত জমির পরিমাণ ভূমি ব্যবহারের অন্যান্য ক্ষেত্র অপেক্ষা অনেক বেশী। পুরুলিয়া ও বাঁকুড়া জেলা ছাড়া বাকী আটটি জেলাতেই চাষ আবাদের জমির পরিমাণ মোট জমির পরিমাণের প্রায় দুই-তৃতীয়াংশের চেয়ে বেশী। বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলার কিয়দংশ মালভূমির অন্তর্গতে বলে এই চার জেলায় অকৃষি ও পতিত জমির পরিমাণ অন্য জেলাগুলির চেয়ে অনেক বেশী। তবে মালভূমির অন্তর্গত বলে বর্ধমান জেলা ছাড়া বাকী তিনটি জেলায় বনভূমির পরিমাণও



চিত্র নং 8.4

কম নয়। সুন্দরবন অঞ্চলে ম্যানগ্রোভ অরণ্যের জন্য 24 পরগণা জেলায় এ ধরণের ভূমি ব্যবহার দেখা যাচ্ছে। এই জেলাতেই দঃ বঙ্গের মধ্যে সবচেয়ে বেশী বনভূমি রয়েছে। অঙ্কিত ভূমি-ব্যবহার পাই চিত্র থেকে এটা অনুমান করা যেতে পারে যে উল্লিখিত জেলাগুলিতে কৃষি কাজই প্রধান, তবে মেদিনীপুর পুরুলিয়া, বাঁকুড়া ও 24 পরগণা জেলার কিছু কিছু অধিবাসী বনের সম্পদ সংগ্রহের উপর বেঁচে আছে।

8.5 স্তম্ভ চিত্র (Bar diagram)

স্তম্ভ চিত্র মাত্রিক চিত্র। এই চিত্র পরিমাণের অনুপাতে কেবলমাত্র দৈর্ঘ্য নির্দেশ করে।

কতকগুলি পরপর একগুচ্ছ bar (দন্ড) নিয়ে স্তম্ভ চিত্র গঠন করা হয়। প্রতিটি স্তম্ভের দৈর্ঘ্য পরিমাণের প্রত্যক্ষ অনুপাত নির্দেশ করে। পাশের ছবিতে দেখা যাচ্ছে যে স্তম্ভগুলি দৈর্ঘ্য ও প্রস্থে বিস্তৃত। তবে প্রতিটি স্তম্ভ প্রস্থে সমান, কিন্তু দৈর্ঘ্যে অসমান। এর মানে হল প্রতিটি স্তম্ভের প্রস্থের দিকের একটি নির্দিষ্ট বিস্তার ধরে নেওয়া হয়েছে শুধুমাত্র স্তম্ভরূপ ফুটিয়ে তোলার জন্য। যদি একটি মাত্র রেখা টেনে পরিমাণের অনুপাত বোঝান হত তাহলে তা স্তম্ভ আকার ফুটিয়ে তুলত না। তাই স্তম্ভচিত্র আঁকার সময় আপনারা যে কোন মাপের প্রস্থের বিস্তার ঘটাতে পারেন, তবে দেখবেন চিত্রটি যেন স্তম্ভ বলেই মনে হয়। প্রস্থের বিস্তার দৈর্ঘ্যের অনুপাতে বেশী হলে চিত্র ভাল দেখাবে না। তবে এক একটি স্তম্ভ বিস্তারে $\frac{1}{2}$ বা 1 সেন্টিমিটারের বেশী হয় না বা হওয়া অনুচিত। তবে পাশাপাশি যতগুলি স্তম্ভ থাকবে প্রত্যেকের বিস্তার সমান হওয়া চাই। স্তম্ভগুলিকে উপর-নীচে অর্থাৎ উলম্বভাবে, কিংবা ভূমির সমান্তরালে অর্থাৎ অনুভূমিকভাবে আঁকা যায়। এছাড়া পিরামিডের মত করেও স্তম্ভ আঁকা যায়। তবে তা রাশিতথ্যের বৈশিষ্ট্যের উপর নির্ভর করে।



স্তম্ভ চিত্র



উলম্ব স্তম্ভ



অনুভূমিক স্তম্ভ



পিরামিড স্তম্ভ

8.5.1 স্তম্ভচিত্রের প্রকার (Types of bar diagram)

রাশিতথ্যের চরিত্রের উপর নির্ভর করে স্তম্ভচিত্রকে তিনভাবে আঁকা যায় ঃ

8.5.1.1 সরল স্তম্ভ চিত্র (Simple bar diagram)

ইহা অঙ্কন করা হয় যখন রাশিতথ্যে একটি মাত্র উপাদান থাকে এবং প্রতিটি স্তম্ভ একটি মান নির্দেশ করে। নীচের চিত্রে বাংলাদেশ, ভারত, থাইল্যান্ড ও মালয়েশিয়ার মাথাপিছু উৎপাদন দেখানো হয়েছে। এখানে এক একটি স্তম্ভ এক একটি দেশের জন্য মান নির্দেশ করছে। প্রতিটি স্তম্ভকে সমান দূরত্ব আলাদা আলাদা আঁকা হয়েছে। প্রতিটি স্তম্ভ উপাদানের জন্য আনুপাতিক দৈর্ঘ্য নির্দেশ করেছে। ধরা যাক মালয়েশিয়ার মাথা পিছু উৎপাদনের পরিমাণ 2350 কিগ্রা। 1 সেমিতে

500 কিগ্রা ধরে 2350 কিগ্রার জন্য 4.70 সেমি দৈর্ঘ্যের স্তম্ভ আঁকা হয়েছে। এভাবে এক একটি দেশের জন্য একটি করে স্তম্ভ আঁকা হয়েছে।



সরল স্তম্ভ চিত্র

8.5.1.2 যৌগিক স্তম্ভ চিত্র (Compound bar graph)

এক্ষেত্রে একাধিক মৌলিক উপাদানের যোগফল মোট পরিমাণ নির্দেশ করে। ফলে একটি স্তম্ভ যেমন মোট পরিমানের আনুপাতিক দৈর্ঘ্য নির্দেশ করে তেমনি স্তম্ভটিকে এক একটি উপাদানের অনুপাতে ভাগ করে ভিন্ন ভিন্ন উপাদানের অনুপাতও দেখানো হয়। ধরা যাক পশ্চিমবঙ্গের হুগলীর



যৌগিক স্তম্ভ চিত্র

জেলার মোট শস্য উৎপাদনের পরিমাণ 411410 টন। এই শস্যের মধ্যে ধানের উৎপাদন 20850

টন, গম 13290 টন ও ডাল 7270 টন। 10,000 টন সমান 1 সেমি অনুপাত ধরা হয় তাহলে ধান, গম, ও ডালের জন্য যথাক্রমে 2.1, 1.3, 0.7 সেমি অর্থাৎ মোট উৎপাদনের জন্য (2.1+1.3+0.7) সেমি দৈর্ঘ্যের স্তম্ভ আঁকা হবে, যা পাশের চিত্রে দেখানো হল। সুতরাং এই ধরণের স্তম্ভ চিত্রে একসাথে মোট পরিমাণ এবং পৃথক পৃথক উপাদানের পরিমাণ দেখানো যায় এবং তার সম্বন্ধে জানা যায়। এই সুবিধার জন্য এ ধরণের স্তম্ভচিত্র খুবই উপযোগী।

8.5.1.3 (iii) বহুবিধ স্তম্ভ চিত্র (multiple bar diagram)

মৌলিক গঠনকারী উপাদান বোঝাতে আনুপাতিক দৈর্ঘ্যের ভিন্ন ভিন্ন স্তম্ভ পাশাপাশি এঁকে বহুবিধ স্তম্ভচিত্র তৈরী করা হয়। ধরা যাক 1960 ও 1970 সালের ভারতে লোহা উৎপাদন স্তম্ভ চিত্রের দ্বারা দেখাতে হবে। তাহলে লোহা উৎপাদনের জন্য দুটি সালের জন্য দুটি স্তম্ভ পাশাপাশি আঁকতে হবে। যদি লোহা উৎপাদনের পরিমাণ 1960 ও 1970 সালের জন্য যথাক্রমে 10.9 ও 32.5 মিলিয়ন টন হয় এবং 1 সেমিতে 5 মিলিয়ন টন স্কেল ধরা হয় তাহলে দুটি স্তম্ভের দৈর্ঘ্য যথাক্রমে (10.9 ÷ 5) 2.2 সেমি ও (32.5 ÷ 5) 6.5 সেমি হবে। নীচে এটি এঁকে দেখানো হল।



বহুবিধ স্তম্ভ চিত্র

সূত্র —

যে কোন ধরণের স্তম্ভ চিত্র গঠনে সবার আগে দরকার স্তম্ভের দৈর্ঘ্য। এই দৈর্ঘ্য সবসময় যে কোন উপাদানের পরিমাণকে নির্দেশ করবে অর্থাৎ পরিমাণের অনুপাত অনুসারে স্তম্ভের দৈর্ঘ্য নির্ণয় হবে। অতএব যে নির্দিষ্ট স্কেলের অনুপাতে দৈর্ঘ্য নির্ণয় হবে সেই স্কেল দিয়ে পরিমাণকে ভাগ করলে দৈর্ঘ্য পাওয়া যায়।

সুতরাং স্তম্ভের দৈর্ঘ্য = [illegible]

8.5.2 স্কেল নির্বাচন

স্তম্ভচিত্র অঙ্কন সহজ ও সুন্দরভাবে করতে হলে চিত্রের জন্য স্কেলের নির্বাচন মনোযোগের সঙ্গে করতে হয়। এক একটি স্তম্ভ খুব ছোট ও বিস্তৃত কিংবা খুব লম্বা ও সরু হওয়া উচিত নয়। একটা গুরুত্বপূর্ণ কথা মনে রাখা দরকার যে স্তম্ভের স্কেলের ভূমি (base) সবসময় শূন্য হবে। যদি রাশিতথ্যে সর্বোচ্চ ও সর্বনিম্ন মানের প্রসর (range) অনেক বেশী হয় তাহলে স্কেল ভেঙ্গে (scale break) স্তম্ভ আঁকা উচিত। যদি স্কেল না ভেঙ্গে স্তম্ভ আঁকা হয় তাহলে সবথেকে ছোট মানের স্তম্ভ আঁকা কঠিন হয়ে পড়ে। ধরা যাক সব চেয়ে বেশী ধান উৎপাদন এক লক্ষ টন ও সবচেয়ে কম ধান উৎপাদন 5 হাজার টন। যদি 1 সেমি সমান 10 হাজার টন স্কেল ধরা হয় তাহলে এক লক্ষ টন দেখাতে 10 সেমি ও 5 হাজার টন দেখাতে $\frac{1}{2}$ সেমি লাগবে। এক্ষেত্রে স্তম্ভ আঁকা অসম্ভব নয়। তাই জায়গা বাঁচাতে স্কেলকে ভেঙ্গে দেওয়া হয়। স্তম্ভগুলির বিস্তৃতি হবে সমান এবং সেগুলিকে একই দূরত্বে আঁকতে হবে। দুটি স্তম্ভের মাঝে দূরত্ব সাধারণত স্তম্ভের বিস্তৃতির অর্ধেকের কম বা এর বিস্তৃতির অপেক্ষা বেশী হবে না। যদি স্তম্ভের বিস্তৃতি 1 সেমি হয় তাহলে দুটি স্তম্ভের মাঝখানে ফাঁক থাকবে $\frac{1}{2}$ সেমি।



ভগ্ন স্কেল ও
স্তম্ভ চিত্র

স্তম্ভচিত্রকে ভাল দেখানোর জন্য স্তম্ভগুলিকে হাল্কা রঙ করা যেতে পারে অথবা ছায়াপাতের মাধ্যমে দেখানো যেতে পারে।

কোন কোন ক্ষেত্রে পারসেনটেজ স্তম্ভ চিত্র আঁকা হয়। এক্ষেত্রে উপাদানের শতকরা মান দিয়ে স্তম্ভ আঁকা হয় এবং প্রতিটি স্তম্ভ সমান উচ্চতার হয় যা 100% নির্দেশ করে। বিভিন্ন উপাদানের মধ্যে অনুপাত বোঝাতে বা তুলনা টানতে গেলে এ ধরণের স্তম্ভচিত্র আঁকার দরকার হয়।

আমদানি ও রপ্তানির হ্রাস-বৃদ্ধি, লাভ-ক্ষতি, উদ্বৃত্ত ও ঘাটতি, ঋণাত্মক পার্থক্য দেখাতে গেলে দুই দিক বিশিষ্ট স্তম্ভ চিত্র আঁকা যেতে পারে। এক্ষেত্রে উলম্ব স্তম্ভগুলি শূন্যমান নির্দেশকারী অনুভূমিক রেখার উপরে ও নীচে আঁকা হয়।



ভূমি রেখার উপরে ও নীচে
অংকিত স্তম্ভ

8.5.3 ব্যবহার

জনসংখ্যার বৃদ্ধি, বয়স কাঠামো, স্ত্রী পুরুষের সংখ্যা, সাক্ষর-নিরক্ষর মানুষের সংখ্যা, খনিজ, কৃষিজ সম্পদের উৎপাদন, বৃষ্টিপাতের পরিমাণ ইত্যাদি স্তম্ভ চিত্রের মাধ্যমে দেখানো যেতে পারে। সাধারণত সময়ের সঙ্গে পরিবর্তনশীল বিষয় সমূহকে এই চিত্রের মাধ্যমে প্রকাশ করা হয়।

8.5.4 উদাহরণ

মালদহ জেলার থানা ভিত্তিক পশ্চাৎপদ জনসংখ্যা দেওয়া আছে তা স্তম্ভ চিত্রের দ্বারা দেখানো হল এবং ব্যাখ্যা করা হল (চিত্র 8.5)।

স্তম্ভ চিত্রের আনুপাতিক দৈর্ঘ্য নির্ণয়ের সূত্র হল

$$\text{স্তম্ভের দৈর্ঘ্য} = \frac{\text{জনসংখ্যা}}{\text{স্কেল}}$$

থানার নাম	পশ্চাৎপদ	জনসংখ্যা	স্তম্ভের দৈর্ঘ্য (সেমিতে) স্কেল 1 সেমি = 8000 জনসংখ্যা	
	পুরুষ	স্ত্রী	পুরুষ	স্ত্রী
হরিশচন্দ্রপুর	18198	17763	2.3	2.2
খাতরা	13285	13947	1.7	1.6
রাতুয়া	12080	11111	1.5	1.4
গাজোল	29466	27714	3.7	2.5
বামনগোলা	20591	19558	2.6	2.4
হাব্বিপুর	429834	28342	3.7	3.5
মালদহ	13973	13259	1.7	1.7
ইঃ বাজার	415811	14829	2.0	1.9
মানিকচক	9483	9132	1.2	1.1
কালিয়াচক	13358	12615	1.7	1.6

8.5.5 চিত্রের ব্যাখ্যা

মালদহ জেলার পশ্চাৎপদ জনসংখ্যার বহুবিধ স্তম্ভ চিত্রের দ্বারা দেখানো হল (চিত্রের 8.5) স্ত্রী ও পুরুষের জন্য পৃথক পৃথক স্তম্ভ আঁকা হয়েছে। এই চিত্র থেকে দেখা যাচ্ছে যে মালদহ থানা ছাড়া বাকী নয়টি থানায় স্ত্রী লোকসংখ্যা অপেক্ষা পুরুষের সংখ্যা সামান্য বেশী। স্ত্রী ও পুরুষের অনুপাতের ফারাক খুব বেশী নেই। মালদহ থানায় এই অনুপাত একেবারেই নেই। এই জেলার পশ্চাৎপদ অধিবাসীদের মধ্যে লিঙ্গ কাঠামোয় এক সুন্দর সামঞ্জস্য রয়েছে। মোট জনসংখ্যার পরিমানে গাজোল ও হাব্বিপুর প্রধান। সবচেয়ে কম পশ্চাৎপদ অধিবাসী রয়েছে মানিকচক থানায়।



চিত্র নং 8.5

8.6 প্রশ্নাবলী

1. মাপচিত্র (Cartograms) কাকে বলে? এই চিত্রের বৈশিষ্ট্য কি কি?
2. জ্যামিতিক নক্সা অনুযায়ী মাপচিত্র কত প্রকার ও কি কি?
3. ব্যবহারিক ভূগোলের চিত্রগুলিকে কয়টি শ্রেণীতে ভাগ করা যায় ও উদাহরণসহ সেগুলি কি কি লিখুন।
4. যে কোন চিত্রের অন্তর্নিহিত বিষয়গুলি উল্লেখ করুন।
5. কোন চিত্র মনোগ্রাহী ও দৃষ্টিনন্দন করতে কি কি দরকার?
6. আনুপাতিক বর্গক্ষেত্র বলতে কি বুঝায়? এর বৈশিষ্ট্য ও ব্যবহার লিখুন।
7. আনুপাতিক বর্গক্ষেত্রের সাহায্যে নীচে প্রদত্ত শহরের বাড়ির সংখ্যা দেখান এবং তাহা বিশ্লেষণ করুন।

শহর	বাড়ির সংখ্যা
1	15960
2	20575
3	29250
4	35805
5	89206

8. নিচে শহরের কর্মী ও অকর্মীর সংখ্যা দেওয়া আছে তা উপযুক্ত মাপচিত্রের সাহায্যে দেখান ও ব্যাখ্যা করুন।

শহর	কর্মী সংখ্যা	অকর্মী সংখ্যা
1	30950	16920
2	88300	25150
3	55290	20355
4	17835	18460

9. আনুপাতিক বৃত্ত ও পাই চিত্র কাকে বলে এবং এই চিত্র কেন আঁকা হয়?

10. প্রদত্ত রাশিতথ্য দিয়ে ভূমি ব্যবহারের ধরন বিভক্ত আনুপাতিক বৃত্ত অঙ্কনের মাধ্যমে দেখান এবং চিত্রটিকে ব্যাখ্যা করুন।

ক্রমিক নং	সেচের জমি (বর্গ কিমি)	অসেচযুক্ত জমি (বর্গ কিমি)	পতিত জমি (বর্গ কিমি)	কৃষি অযোগ্য জমি (বর্গ কিমি)
1	1092	11404	3123	588
2	8604	18090	1250	5214
3	11603	6886	2655	5994

11. প্রদত্ত রাশিতথ্যকে উপযুক্ত মাপচিত্রের দ্বারা দেখান এবং ঐ চিত্রকে ব্যাখ্যা করুন।

কর্মে নিযুক্ত লোকসংখ্যা				
থানার নাম	প্রাথমিক ক্ষেত্র	গৌণ ক্ষেত্র	তৃতীয় ক্ষেত্র	কর্মহীন লোক সংখ্যা
হাব্বিপুর	36573	1189	6055	24340
মালদহ	19372	1204	8654	18198
ইংলিশ বাজার	26465	1íí67	22491	12474
কালিয়াচক	74448	8630	32897	13583

12. আনুপাতিক বৃত্তের দ্বারা বিভিন্ন শস্যের উৎপাদন পাই চিত্র এঁকে দেখান ও চিত্রকে ব্যাখ্যা করুন।

উৎপাদন টনে

থানার নাম	ধান	গম	ভুট্টা	ডাল	তৈলবীজ
আরামবাগ	25850	5290	8650	7870	2500
তারকেশ্বর	18260	22550	5910	8200	10505
পুরসুরা	5650	9559	4600	5805	3906

13. আনুপাতিক বর্গক্ষেত্র ও আনুপাতিক বৃত্ত চিত্রের মধ্যে তুলনা করুন। এই দুই প্রকার চিত্রের সুবিধা ও অসুবিধা কি?
14. স্তম্ভচিত্র দেখতে দ্বিমাত্রিক, তবুও কেন একে একমাত্রিক চিত্র বলা হয়?
15. স্তম্ভ চিত্র কত প্রকার ও কি কি? বিভিন্ন প্রকার স্তম্ভচিত্রের বর্ণনা দিন।
16. নিচের দেশগুলির মোট সীসা ও দস্তা উৎপাদন স্তম্ভচিত্রের দ্বারা দেখান ও তা ব্যাখ্যা করুন।

দেশ	উৎপাদন হাজার মেট্রিক টনে	
	সীসা	দস্তা
মাঃ যুক্তরাষ্ট্র	288	530
কানাডা	270	812
অস্ট্রেলিয়া	375	360
মেক্সিকো	193	252
চিলি	55	174
ইতালি	–	125

17. পঃ বঙ্গোর কয়লার উৎপাদন ও ভোগের বন্টন হাজার টনে দেওয়া আছে। তা যৌগিক স্তম্ভ চিত্রের দ্বারা দেখান এবং উৎপাদন ও বন্টনের প্রকৃতি সম্বন্ধে লিখুন।

	1976	1977	1978	1979	1980
উৎপাদন	24340	22990	20030	19090	19070
বন্টন	10105	20297	9375	9927	9471

18. কর্মে নিযুক্ত জনসংখ্যার বৈশিষ্ট্য দেখাতে নিচের তালিকা অনুযায়ী স্তম্ভ চিত্র অঙ্কন করুন।

থানার নাম	চাষী	কৃষি শ্রমিক	গৃং নির্মাণকারী	প্রান্তিক শ্রমিক
অন্ডা	21945	22903	14738	5422
রানীবাঁধ	21510	9772	5350	4466

This document was created with Win2PDF available at http://www.win2pdf.com.
The unregistered version of Win2PDF is for evaluation or non-commercial use only.
This page will not be added after purchasing Win2PDF.

একক 9 ❑ আইসোপ্লেথ, কোরোপ্লেথ, ডট ও স্ফিয়ার

গঠন

9.1 প্রস্তাবনা

উদ্দেশ্য

9.2 আইসোপ্লেথ

9.2.1 সংজ্ঞা

9.2.2 অংকন পদ্বতি

9.2.3 ব্যবহার

9.2.4 উদাহরণ

9.3 কোরোপ্লেথ মানচিত্র

9.3.1 নীতি

9.3.2 গঠন পদ্বতি

9.3.3 ব্যবহার

9.3.4 উদাহরণ

9.3.5 হিসাব

9.3.6 কোরোপ্লেথ সারণী গঠন

9.3.7 চিত্রের ব্যবস্থা

9.4 বিন্দু পদ্বতি

9.4.1 ডট্ ..... নির্বাচন

9.4.2 ডট্—এর আকৃতি

9.4.3 ব্যবহার

9.4.4 ডট্ ও স্ফিয়ার মানচিত্র

9.4.5 ডট্ মানচিত্র অংকন

9.4.6 চিত্রের ব্যাখ্যা

9.5 ত্রিমাত্রিক চিত্র

9.5.1 আনুপাতিক গোলক চিত্র

9.5.2 উদাহরণ

9.6 প্রশ্নাবলী।

9.1 প্রস্তাবনা

কোন উপাদানের স্থানিক বন্টন ও বন্টনের বৈচিত্র্য মানচিত্রের উপর বিভিন্ন মাপচিত্রের মাধ্যমে সহজেই দেখানো যায়, ফলে উপাদানের স্থানিক বৈচিত্র্য সহজেই চোখের সামনে ভেসে ওঠে। তবে উপাদানের ধর্ম অনুযায়ী বিভিন্ন পদ্বতি গ্রহণ করা হয়, যেমন তাপমাত্রা, উচ্চতা ইত্যাদি বিষয়কে আইসোপ্লেথ (isopleth) —এর মাধ্যমে কিংবা গ্রাম ও শহরের জনসংখ্যার বন্টনকে যথাক্রমে ডট্ (dot) বা বিন্দু চিত্র ও গোলক (sphere) চিত্রের সাহায্যে দেখানো যায়।

উদ্দেশ্য—এই একক পাঠ করে আপনারা জানতে পারবেন ঃ

1) আইসোপ্লেথ কি ও এর অংকন পদ্বতি সম্বন্ধে
2) ইন্টারপোলেশন পদ্বতি সম্বন্ধে
3) ডট্ পদ্বতির প্রয়োগ সম্বন্ধে
4) গোলক পদ্বতির ব্যবহার ও প্রয়োগ সম্বন্ধে
5) জনসংখ্যার ঘনত্ব ও এর ব্যবহার সম্বন্ধে

9.2 আইসোপ্লেথ (Isopleth)

অনেক মানচিত্র আছে যে গুলির উপর রেখা টেনে পরিমাণ নির্দেশ করা হয়। এই রেখ আইসোপ্লেথ নামে পরিচিত, আপনারা শিখবেন আইসোপ্লেথ বলতে কি বোঝায়? এই রেখা কিভাবে টানা হয় ও মানচিত্রে কিভাবে পরিমাণ নির্দেশ করে।

বহু প্রাকৃতিক উপাদান আছে যেগুলির পরিবর্তন হঠাৎ করে ঘটেনা, ধীরে ধীরে ঘটে। যেমন এক জলবায়ু অঞ্চলের মধ্যে তাপমাত্রার পরিবর্তন কোন নির্দিষ্ট সীমানার এপারে বা ওপারে হঠাৎ ঘটে না। দুই জলবায়ুর মধ্যবর্তী অনেকটা অঞ্চল জুড়ে উষ্ণতার ক্রমান্বয়ে পরিবর্তন ঘটে। এরূপ ভূমির উচ্চতা, ঢাল, বায়ুর চাপ, বৃষ্টিপাত ইত্যাদি উপাদানগুলির তীব্রতা আস্তে আস্তে বাড়ে বা কমে। এই উপাদানগুলি কোন প্রশাসনিক সীমানা দ্বারা আবদ্ব বা নির্দিষ্ট থাকে না। বাস্তবের সঙ্গে এরূপ মিল রাখতে আইসোপ্লেথ এর মাধ্যমে ভূমির উচ্চতা, ঢাল, তাপমাত্রা প্রভৃতির ক্রম পরিবর্তন বোঝাতে এই ধরণের মাপচিত্র অঙ্কন জানা দরকার।

9.2.1 সংজ্ঞা

Isopleth শব্দটি দুটি গ্রীক শব্দ 'iso' যার মানে হল equal অর্থাৎ সমান এবং plethos যার মানে হল a multitude অর্থাৎ বহু সংখ্যক। সংখ্যা অর্থে পরিমাণগত পরিমাপ বোঝায়। অতএব

এই দুই শব্দের মিলিত মানে দাঁড়ায় সমান সংখ্যা অর্থাৎ সম মান বা পরিমাপ। অতএব মানচিত্রের উপর যে রেখা সমান মান বা পরিমাপ নির্দেশ করে তাকে আইসোপ্লেথ (isopleth) বলে। যেমন উচ্চতার পরিমাণ বোঝাতে সমোচ্চ রেখা (Contour) কিংবা সমান উষ্ণতা বোঝাতে সমোষ্ণ রেখা, isotherm এরূপ সমবর্ষণ (isohyte), সমপ্রেষ (isobar) ইত্যাদি isopleths এর উদাহরণ। J. K. Wright এর মতে একটি isopleth একটি পরিমাণ নির্দেশ করে এবং ঐ রেখা যে যে স্থানের উপর দিয়ে টানা হয় সেই সেই স্থান নির্দিষ্ট সমান মান নির্দেশ করে।

9.2.2 অঙ্কন পদ্বতি

সম্ভবত সমোচ্চ রেখা মানচিত্র সব থেকে বেশী প্রচলিত একটি আইসোপ্লেথ মানচিত্রের সাধারণ উদাহরণ। এছাড়া অনেক প্রকার আইসোপ্লেথ মানচিত্র আঁকা হয়। তবে প্রতিটি মানচিত্র আঁকার ভিত্তি হল যত বেশী সংখ্যক সম্ভব তত বেশী সংখ্যক স্থানের বা স্টেশনের মানকে বসানো এবং নির্দিষ্ট মানের জন্য আইসোপ্লেথ কে সন্নিবিষ্ট (interpolation) করা অর্থাৎ নির্দিষ্ট মানের আইসোপ্লেথ টি কোন কোন স্থানের উপর দিয়ে বা কোন দুটি মানের মধ্যবর্তী অংশ দিয়ে আঁকা যেতে পারে রেখাগুলি আঁকা হয় যে মানের আইসোপ্লেথ টানা হবে সেই সেই মান বিশিষ্ট স্টেশনের উপর দিয়ে রেখা টেনে কিংবা আনুপাতিক হারে দুটি মানের অন্তবর্তী স্থানের মধ্য দিয়ে (চিত্র 9.1)। এই ছবিতে দেখা যাচ্ছে যে 50^0F সমোষ্ণ (isotherm) রেখাটি 45^0F ও 55^0F তাপমাত্রা বিশিষ্ট দুটো স্টেশনের ঠিক মাঝখান দিয়ে টানা যেতে পারে বলে ধরে নেওয়া হয়েছে। এভাবে বিভিন্ন মানের সমোষ্ণ রেখা টানা হয়েছে।



চিত্র 9.1 আইসোপ্লেথের সন্নিবেশন এবং অংকন।

সুতরাং আইসোপ্লেথ মানচিত্র আঁকতে হলে পর পর কতকগুলি পদ্বতি গ্রহণ করা আবশ্যক, সেগুলি হল—

(a) প্রতিটি বিন্দুতে মান বসানো,
(b) কতগুলি আইসোপ্লেথ টানা হবে তার সংখ্যা ও ব্যবধান নির্বাচন করা।
(c) ক্রমান্বয়ে প্রতিটি আইসোপ্লেথ এর মান নির্ধারণ করা
(d) সন্নিবেশন পদ্বতি সাহায্যে আইসোপ্লেথ টানা
(e) আইসোপ্লেথ গুলির গায়ে মান লেখা
(f) আইসোপ্লেথ গুলির মধ্যে স্পষ্টতা আনার জন্য কম থেকে বেশী ঘনত্বের ছায়াপাত (shading) পদ্বতি গ্রহণ করা।

9.2.3 ব্যবহার

দৈশিক অর্থাৎ স্থানগত পার্থক্য বোঝাতে বিভিন্ন ক্ষেত্রে আইসোপ্লেথ কে ব্যবহার করা হয়। যেমন জলবায়ুর বন্টন দেখানোর জন্য সমোষ্ণ, সমচাপ বা সমপ্রেষ, সমবর্ষণ ও সমমেঘ (isonephs) টানা হয়। সমুদ্রের লবণাক্ততার পরিমাণ দেখাতে সমলবণাক্ত রেখা (isohalinaes), ভূমির উচ্চতা বোঝাতে সমোচ্চ রেখা (contours) ইত্যাদি ক্ষেত্রে আইসোপ্লেথ ব্যবহার করা হয়। বস্তুত যে কোন বিষয়ের স্থানগত বিন্দুমান (Point value) পাওয়া গেলেই আইসোপ্লেথ আঁকা যায়।

9.2.4 উদাহরণ

প্রদত্ত ভারতের মানচিত্রে বিভিন্ন স্থানের বৃষ্টিপাত সেন্টিমিটারে দেখানো হয়েছে। 60 সেন্টিমিটার থেকে শুরু করে প্রতি 60 সেমি অন্তর সমবর্ষণ রেখা অঙ্কন করুন।



চিত্র 9.2

উল্লিখিত উদাহরণে সমবর্ষণ রেখার ব্যবধান কত হবে এবং সর্বনিম্ন রেখাটি কত মানের হবে তা বলা হয়েছে। সুতরাং 60 সেমি অন্তর যদি রেখা টানা হয় ও সর্বনিম্ন রেখাটি যদি 60 সেমি হয় তাহলে সমোষ্ণ রেখাগুলি হবে 60 সেমি, 120 সেমি, 180 সেমি ও 240 সেমি অর্থাৎ সমোষ্ণ রেখার সংখ্যা চার। সবচেয়ে বেশী মানের রেখাটি হল 240 সেমি।

এক্ষেত্রে লক্ষ্য করার বিষয় হল যে মানচিত্রে সর্বাধিক মান দেওয়া আছে 296 সেমি অতএব 240 এর পরের রেখাটি (60 সেমি অন্তরের হলে) 300 সেমি মানের হবে। যেহেতু মানচিত্রে ঐ মান বা তার বেশী মান নেই সেহেতু 300 সেমি মানের সমবর্ষণ রেখা টানা যাবে না। অতএব প্রশ্ন অনুযায়ী সর্বনিম্ন 60 সেমি ও সর্বাধিক 240 সেমি মানের রেখা টানতে হবে।

9.3 কোরোপ্লেথ মানচিত্র (Choropleth Map)

ভূমিকা—গ্রীক শব্দ Choros মানে আয়তন (area) বা দেশ (space) এবং plethos অর্থে পরিমাপ (measurement)। অর্থাৎ সরলভাবে বলা যায় কোন উপাদানকে যেমন জনসংখ্যা, বসতি, শস্য উৎপাদন, রাস্তার বা নদীর দৈর্ঘ্য ইত্যাদিকে আয়তন দিয়ে পরিমাপ করে যে মানচিত্র আঁকা হয় তাকে কোরোপ্লেথ Choropleth map বলা হয়। উপাদানকে আয়তন দিয়ে পরিমাপ করা হয় বলে প্রতি একক আয়তনে (যেমন প্রতি বর্গ কিমি, বর্গমাইল ইত্যাদি) উপাদানের গড় পরিমাণকে জানা যায়। এই মানচিত্র প্রতি একক আয়তনের সাপেক্ষে কোন উপাদানের পরিমাণ সংখ্যায় প্রকাশ করে বলে টেকনিক্যালি একে সংখ্যাত্মক ক্ষেত্রিয় মানচিত্র (quantitative areal map) বলা যায়। এই চিত্র যে কোন উপাদানের দৈশিক বন্টনের তীব্রতা বা ঘনত্ব দেখায়। কম ঘনত্ব থেকে বেশী ঘনত্ব বোঝাতে পর্যায়ক্রমিক (graded) ছায়াপাত (shading) বা রং ব্যবহার করা হয়। ছায়াপাত বা রং—এর ব্যবহার প্রশাসনিক এককের সীমানাকে অনুসরণ করেই করা হয়। ধরা যাক পশ্চিমবঙ্গ হল একটি রাজ্য ও তার প্রশাসনিক এককগুলি হল এক একটি জেলা। সুতরাং একই ঘনত্বযুক্ত জেলাগুলিতে একই প্রকার ছায়াপাত বা রঙের ব্যবহারের মাধ্যমে ঘনত্ব বোঝাতে হয়।

9.3.1 নীতি (Principle)

কোরোপ্লেথ মানচিত্রের মূল নীতি এই যে ছায়াপাতের তীব্রতা উপাদানের ঘনত্বের সঙ্গে প্রত্যক্ষ ভাবে সমানুপাতিক। যেমন ছায়াপাত হাল্কা বা পাতলা হলে উপাদানের ঘনত্ব অর্থাৎ প্রতি বর্গ এককে উপাদানের গড় মানও কম নির্দেশ করে এবং ছায়াপাত যত বেশী ঘন হবে তত বেশী পরিমাণে ঘনত্ব নির্দেশ করবে। প্রশাসনিক একক অনুযায়ী এ ধরণের ঘনত্ব বিশিষ্ট মানচিত্র প্রায়শই বিশাল এলাকা জুড়ে উপাদানের শুধুমাত্র গড় বন্টনকে প্রকাশ করে। এর দ্বারা এই ধারণা গড়ে ওঠে

যে এই বিশাল এলাকার উপর ঘনত্বের একই গড় মান বন্টনের সমতা বজায় রাখে। বস্তুত এই ধারণা কিন্তু একটি ভুল ধারণা, কারণ বাস্তব চিত্র কিন্তু তা নয়। একই প্রশাসনিক এককের মধ্যে ঘনত্বের আঞ্চলিক প্রভেদ বেশী মাত্রায় দেখা যায়। ধরা যাক মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া পশ্চিমবঙ্গের এই তিন জেলার গড় জনঘনত্ব প্রতি বর্গ কিমিতে 400 জন অর্থাৎ মানচিত্রে জেলাগুলির সর্বত্র ঐ একই ঘনত্ব দেখা যায়। কিন্তু বাস্তবে ঠিক তা নয়। মেদিনীপুরের পূর্বাংশের জন বন্টন পশ্চিমাংশ অপেক্ষা ঢের বেশী অথচ মানচিত্রের সর্বত্র তা একই নির্দেশ করে। সুতরাং ক্ষেত্রিয় এককগুলি যত বেশী বড় হবে মানচিত্রে ইহা তত বেশী সাধারণীকরণ হবে।

9.3.2 গঠন পদ্বতি—

একটি কোরোপ্লেথ মানচিত্রের গঠন হল ত্রি ধাপ প্রক্রিয়া। যথা—

(a) **ঘনত্ব নির্ণয়**—কোন উপাদানের ঘনত্ব নির্ণয় করা হয় উপাদানের চরম মানকে আয়তন দিয়ে ভাগ করার মাধ্যমে। এভাবে ইহা লেখা যেতে পারে, ঘনত্ব $=\frac{\text{উপাদানের মান}}{\text{আয়তন}}$। যদি জনঘনত্ব নির্ণয় করতে হয়, তাহলে জনসংখ্যাকে আয়তন দিয়ে ভাগ করতে হয়। এজন্য একটি ওয়ার্কশিট (worksheet) সারণীর আকারে করলে ভাল হয়, যেখানে সারণীকে চারটি স্তম্ভে ভাগ করা যেতে পারে। প্রথমে প্রশাসনিক এককের নাম, দ্বিতীয় আয়তন, তৃতীয় উপাদানের মান ও চতুর্থ ঘনত্ব। জনঘনত্ব নির্ণয়ের পরিপ্রেক্ষিতে ওয়ার্কশিট কিরকম হবে তা নীচে নমুনা সহকারে দেখানো হল।

জেলার নাম	আয়তন (A) (বর্গ কিমিতে)	জনসংখ্যা (P)	জনঘনত্ব (P/A)
মেদিনীপুর	14081	8331912	592

(b) শ্রেণী সংখ্যা ও শ্রেণী ব্যবধান ও কোরোপ্লেথ সারণী — ক্লোরোপ্লেথ মানচিত্র আঁকতে গেলে শ্রেণী সংখ্যা নিবার্চন ও শ্রেণী ব্যবধান নিরূপন খুব মনোযোগের সঙ্গে করতে হয়।

(i) শ্রেণী সংখ্যা নির্বাচন—ধরা যাক আপনারা পশ্চিমবঙ্গের সতেরটি জেলার জনঘনত্ব গণনা করেছেন। এক একটি জেলার জনঘনত্ব এক এক রকম। অতএব মানচিত্রে ঐ সতের রকমের ছায়াপাত (Shade) বা রং দিয়ে জনঘনত্ব দেখানো উচিত নয়, বা অন্যভাবে বলা যায় সম্ভব নয়। এতে মানচিত্র দেখতে খারাপ হবে ও মানচিত্র পাঠ অসুবিধাজনক হবে। এটা দূর করার জন্য ঐ সতের প্রকার অদলবদ্ব তথ্যকে কতকগুলি শ্রেণীতে ভাগ করে তাদের ঘনত্ব মানচিত্রে দেখালে সবচেয়ে সুন্দর ও ভাল হয়। এখন প্রশ্ন হল ঐ অদলবদ্ব (ungrouped) তথ্যকে বা বন্টনকে কয়টি শ্রেণীতে দলভুক্ত করা যেতে পারে। পরিসংখ্যান তত্ত্বে শ্রেণী সংখ্যা নির্বাচনের নিয়ম মেনেই করা হয়। সেই নিয়ম অনুসারে দেখা গেছে 10/11 টি বন্টনের জন্য 4টি, 12 থেকে 20/22 জন্য 5টি কিংবা 23 থেকে 45 টি বন্টনের জন্য 6 বা 7 টি শ্রেণী করা যায়। সুতরাং পশ্চিমবঙ্গের

সতেরটি জেলার জনঘনত্বকে 5টি শ্রেণীতে দলভুক্ত করাই শ্রেয়। মনে রাখা দরকার প্রশ্নপত্রে যদি শ্রেণী সংখ্যার উল্লেখ থাকে তাহলে উল্লিখিত নিয়ম মানার দরকার নেই। যেক্ষেত্রে এর উল্লেখ থাকবে না সেখানে উপরি উক্ত নিয়ম অনুসরণ করাই বেশী যুক্তিযুক্ত। না হলে একই প্রশ্নপত্রে যে যার খুশিমত শ্রেণী সংখ্যা নির্বাচন করলে তাতে অনেক জটিলতা দেখা দিতে পারে।

(ii) শ্রেণী ব্যবধান (Class interval) বা ঘনত্বের মাপনী — শ্রেণী ব্যবধান নির্ণয় করা হয় শ্রেণী সংখ্যা ও বন্টনের প্রসরের (range) পরিপ্রেক্ষিতে। বন্টনের প্রসর বলতে সর্বাধিক ও সর্বনিম্ন মানের পার্থক্যকে বোঝায়। ধরা যাক সর্বাধিক ও সর্বনিম্ন জনঘনত্ব যথাক্রমে 1200 ও 250, তাহলে প্রসর হল 1250-250 অর্থাৎ 1000। প্রসরকে শ্রেণী সংখ্যা দিয়ে ভাগ করলে শ্রেণী ব্যবধান পাওয়া যায়। যদি শ্রেণী সংখ্যা 5 হয় তাহলে শ্রেণী ব্যবধান হবে 200 করে। অতএব এক একটি শ্রেণী হবে 200-400, 400-600, 600-800, 800-1000, 1000-2000। এক্ষেত্রে প্রতিটি শ্রেণীর ব্যবধান সমান, একে বলা হয় সম ব্যবধান বিশিষ্ট শ্রেণী (equal class)। এ ধরণের শ্রেণী গাণিতিক বৃদ্বি (arithmetical progression) নির্দেশ করে। ঘনত্ব বন্টনের কেন্দ্রীভবনের উপর নির্ভর করে শ্রেণী ব্যবধান জ্যামিতিক হারে (0-64, 64-128, 128-256 এবং এইভাবে আরও অনেক শ্রেণী) করা হয়। এছাড়া বন্টনের অসামঞ্জস্যতার কারণে অনিয়মিত ব্যবধানেও শ্রেণী করা হয়ে থাকে। তবে একথা মনে রাখা অবশ্যই উচিত যে প্রতিটি শ্রেণীতে যেন কমপক্ষে একটি করে প্রশাসনিক এলাকার ঘনত্ব দেখানো যায়। সর্বদা খেয়াল করা উচিত কোন একটি শ্রেণীর মধ্যে যেন বেশী সংখ্যক বন্টনকে না দেখানো হয়। এ ধরণের শ্রেণী বিন্যাসকে অসম শ্রেণী (unequal class) বলা হয়। সুতরাং বন্টনের বৈশিষ্ট্য অর্থাৎ কেন্দ্রীভবনের প্রকৃতিই বলে দেয় শ্রেণী বিন্যাস সমশ্রেণী বা অসম শ্রেণীর হবে কি না।

(iii) কোরোপ্লেথ সারণী — কোরোপ্লেথ সারণী চারটি স্তম্ভ (Column) নিয়ে তৈরী করা হয়, যার নমুনা নীচে দেওয়া হল।

শ্রেণী	ছায়াপাত প্রতীক	প্রশাসনিক একক	মন্তব্য
≤ 200		6,10	কম ঘন
201-300		3,8	কম মাঝারী ঘন
301-400		1,5,9,11	মাঝারী ঘন
401-500		4,12	বেশী ঘন
> 500		2,7	খুব বেশী ঘন

(c) কোরোপ্লেথ মানচিত্র অঙ্কন — ইহা ত্রি ধাপ প্রক্রিয়ার শেষের অংশ। ক্লোরোপ্লেথ সারণী অনুযায়ী প্রশাসনিক সীমানা অনুসরণ করে সুন্দর ও সূক্ষ্মভাবে ছায়াপাত (রেখা বা রং দিয়ে) আঁকা এই প্রক্রিয়া অন্তর্গত। উপরের সারণী অনুযায়ী এর একটি উদাহরণ দেওয়া হল। চিত্র 9.31।



চিত্র 9.3 ক্লোরোপ্লেথ মানচিত্র

ছায়াপাত (Shade) নির্বাচন — কোরোপ্লেথ মানচিত্রের সৌন্দর্য নির্ভর করে পর্যায়ক্রমিক ছায়াপাত (graded shading) এর নির্বাচনের উপর। তাই কতকগুলো শ্রেণীর ছায়াপাত নীচে দেখানো হল (চিত্র 9.4)



চিত্র 9.4 পর্যায়ক্রমিক ছায়াপাত

9.3.3 ব্যবহার

জনসংখ্যার ঘনত্ব দেখাতে এই মানচিত্রের ব্যবহার সবচেয়ে বেশী হয়। তাই মানব ভূগোলবিদ্‌দের ক্ষেত্রে এই ধরণের মানচিত্র একটি মূল উপকরণ হিসাবে গণ্য হয়। প্রশাসনিক এককগুলি যত ছোট হবে ততই মানচিত্রের স্পষ্টতা ও নির্ভুলতা ধরা যাবে। জনঘনত্ব ব্যতীত রাস্তা, বসতি, শস্য উৎপাদন ইত্যাদির ঘনত্ব এই মানচিত্রের সাহায্যে দেখানো হয়।

9.3.4 উদাহরণ

প্রদত্ত রাশি তথ্যের সাহায্যে মালদহ জেলার জনঘনত্বের জন্য একটি কোরোপ্লেথ মানচিত্র অঙ্কন করুন ও ব্যাখ্যা করুন (চিত্র 9.5)।

থানার নাম	জনসংখ্যা	আয়তন (বর্গ কিমি)
হরিশচন্দ্রপুর	222213	588.0
খাতরা	218826	368.3
রাতুয়া	241099	398.1
বামনগোলা	85339	206.2
গাজোল	181672	513.6
মালদহ	104771	226.4
ইংলিশ বাজার	242025	254.8
মানিকচক	149678	446.2
হাব্বিপুর	141441	397.4
কালিয়াচক	454222	536.4

9.3.5 হিসাব

ত্রিধাপ পদ্বতি অনুযায়ী প্রথমে জনঘনত্ব নির্ণয়ের জন্য একটি ওয়ার্কশিট তৈরী করা হল। জনঘনত্বের সূত্র নীচে দেওয়া হল।

$$\text{জনঘনত্ব} = \frac{\text{মোট জনসংখ্যা}}{\text{মোট আয়তন}}$$

থানার নাম	জনসংখ্যা (P)	আয়তন (বর্গ কিমি) (A)	জনঘনত্ব $\left(\frac{P}{A}\right)$
হরিশ্চচন্দ্রপুর	222213	588.3	377
খাতরা	218826	368.3	594
রাতুয়া	241099	398.1	606
বামনগোলা	85339	206.2	414
গাজোল	181672	513.6	354
মালদহ	104771	226.4	463
ইংলিশবাজার	242025	254.8	950
মানিকচক	149678	446.2	335
হাব্বিপুর	141441	397.4	356
কালিয়াচক	454222	536.4	847


MALDAH
CHOOROPLETH MAP
Showing
Density of Population
BIHAR
HARISCHANDRAPUR
KHATRA
SOUTH DINAJPUR
RATUA
GAJOLI
BAMONGOLA
MANIKCHAK
MALDAH
HABIBPUR
ENGLISH BAZAR
KALIACHAK
BIHAR
BANGLADESH
MURSHIDABAD
R. GANGA
(জনসংখ্যা/প্রতিবর্গ কি.মি.)
331-400
401-540
541-820
820-এর অধিক

চিত্র 9.5

9.3.6 কোরোপ্লেথ সারণী গঠন

মালদহ জেলার দশটি থানার জনঘনত্ব পাওয়া গেছে। অতএব নিয়ম অনুযায়ী দশটি ঘনত্বকে চারটি শ্রেণীতে দলভুক্ত করা হবে। কিন্তু দেখা যাচ্ছে যে জনঘনত্বের বন্টন প্রথমের দিকে অর্থাৎ 335 থেকে 463 এর মধ্যেই সবচেয়ে বেশী (ছয়টি থানা)। অতএব এক্ষেত্রে শ্রেণীগুলি অসম ব্যবধানের হবে এবং ইহা জ্যামিতিক বৃদ্ধি (geometric progression) অনুসরণ করাই যুক্তিযুক্ত।

শ্রেণী	ছায়াগত প্রতীক	থানার নাম	মন্তব্য
331-400		হরিশচন্দ্র পুর, গাজোল, মানিকচক হাব্বিবপুর,	কম ঘন
401-540		বামনগোলা, মালদহ	মাঝারী ঘন
541-820		খাতরা, রাতুয়া	বেশী ঘন
820 এর অধিক		ইংলিশবাজার, কালিয়াচক	অনেক বেশী ঘন

9.3.7 চিত্রের ব্যাখ্যা

মালদহ জেলার দশটি থানার জনঘনত্ব মানচিত্রে দেখানো হল। এই জেলার ছয়টি থানায় জনবসতির ঘনত্ব প্রতি বর্গকিমিতে 400 থেকে 1000 জনের মধ্যে। আবার এই ছয়টি থানার মধ্যে চারটি থানার (খাতরা, রাতুয়া, ইংলিশবাজার ও কালিয়াচক) ঘনত্ব সবচেয়ে বেশী। অর্থাৎ জেলার 60 শতাংশের উপর এলাকা ঘন জনবসতিপূর্ণ। হরিশ্চন্দ্রপুর, গাজোল, মানিকচক ও হাব্বিপুর এই চারটি থানায় জনবসতির ঘনত্ব প্রতি বর্গকিমিতে 400 জন। অর্থাৎ মাত্র 40 শতাংশ এলাকা কম ঘনত্ব পূর্ণ। দেখা যাচ্ছে যে মালদহ জেলার পশ্চিমে গঙ্গা নদীর তীর বরাবর থানাগুলি ও পূর্বাংশের থানাগুলি ছাড়া মধ্যবর্তী থানাগুলির জনঘনত্ব বেশী। মনে করা হয় যে মধ্যবর্তী অংশটি গঙ্গার স্বাভাবিক বাঁধের (Leaevee) উপর অবস্থিত, ফলে গঙ্গার ভাঙ্গন ও বন্যার প্রভাব কম পড়ে। তাই এই অংশ বেশী ঘনত্ব যুক্ত। অন্য অংশগুলি প্লাবন ভূমির অন্তর্গত হওয়ায় বর্ষায় প্লাবিত হওয়ার আশঙ্কা থাকে বলে জনবসতি তুলনামূলক ভাবে কম।

9.4 বিন্দু (dot) পদ্বতি

প্রতীক চিহ্ন ব্যবহারের মাধ্যমে মানচিত্রে বিভিন্ন বিষয়ের বন্টন দেখানো হয়। মন্দির, গীর্জা, চার্চ, সড়ক, রেল, পুকুর, জলাশয় ইত্যাদি ভূ-পৃষ্ঠের যে যে অবস্থানে বন্টিত রয়েছে মানচিত্রেও এই সকল উপাদানকে ঠিক ঠিক ভাবে সেই সব অবস্থান গত বিন্দুতে প্রতীক চিহ্ন বসিয়ে তাদের

বন্টনকে দেখানো হয়। ভূ-পৃষ্ঠের কোন বন্টনকে বিশেষভাবে বোঝানোর জন্য মানচিত্রের উপর একটি নির্দিষ্ট বিন্দুতে যে প্রতীক চিহ্ন বসানো হয় তাকে বিন্দু প্রতীক চিহ্ন (Point Symbol) বলা হয়। ভূপৃষ্ঠের উপর কোন বন্টন দেখতে যেরকম হয়, সাধারণ ভাবে বেশীরভাগ ক্ষেত্রে বাস্তবের সঙ্গে মিল রেখে প্রতীক চিহ্নগুলিও সেরকম করা হয়। যথা মন্দির বা গীর্জা দেখতে যেরকম হয় মানচিত্রেও প্রতীক চিহ্নটি ঐ একই রকমভাবে দেখতে হয়। বিভিন্ন প্রতীক চিহ্নের মাধ্যমে মানচিত্র গঠন করা হয়।

ডট্ (dot) হল প্রতীক চিহ্নের এক সহজতম রূপ এবং বন্টন মানচিত্র নির্মাণে ইহা খুবই উপযোগী প্রতীক চিহ্ন। এই চিহ্নের মাধ্যমে বন্টন মানচিত্র গঠিত হয় বলে একে বিন্দু (dot) পদ্বতি বলা হয়। ডট্ গুলি একটি নির্দিষ্ট মানের হয় এবং মানচিত্রের উপর সর্বত্র একই আকৃতির ডট্ স্থাপন করা হয়। প্রত্যেক ডট্ এর মান একই থাকে বলে ডট্ গুলির আকৃতিও এক হয় তবে অনেক ক্ষেত্রে একই মানচিত্রের উপর বিভিন্ন মানের তথা বিভিন্ন আকৃতির ডট্ বসিয়ে বন্টন দেখানো হয়। একে বহুবিধ বিন্দু (multiple dot) মানচিত্র বলা হয়।



সমআকৃতির ডট্



ভিন্ন আকৃতির ডট্

9.4.1 বিন্দু (dot) স্কেল নির্বাচন

মানচিত্রের উপর ডট্ বসানো খুবই মনোযোগের সাথে করতে হয়। প্রথমে বড় মান ও ছোট মানকে লক্ষ্য করতে হয়। তারপর প্রতিটি ডট্ এর মান নির্বাচন করতে হয়। ডট্ এর মানকে ডট্ স্কেল বলা হয়। মানচিত্রের গুণ নির্ভর করে ডট্ এর মান নির্বাচনের উপর। ডট্ এর মান খুব কম হলে মোট ডট্ সংখ্যা অনেক বেশী হয়ে যাবে, তখন প্রশাসনিক এককের মধ্যে ঐ বেশী সংখ্যক ডট্ কে বসাতে অসুবিধা হবে। ডট্ গুলি গায়ে গায়ে লেগে যাবে। গায়ে গায়ে ডট্ লেগে গেলে ডট্ মানচিত্র তার বৈশিষ্ট্য হারিয়ে ফেলবে। মানচিত্র থেকে ডট্ এর সংখ্যা গোনা যাবে না। ফলে উপাদানের পরিমাণ জানা যাবে না। অন্যদিকে ডট্ এর মান যদি খুব বড় ধরা হয় তাহলে এর মোট সংখ্যা অনেক কম হয়ে যায়, ফলে প্রশাসনিক এককের মধ্যে অনেক দূরে দূরে ডট্ গুলি অবস্থান করে। তখন উপাদানের বন্টন তার বৈশিষ্ট্য হারিয়ে ফেলে ও মানচিত্রে বন্টনকে ঠিক

মত উপলব্বি করা যায় না। মনে হয় যেন বাস্তবের সঙ্গে কোন মিল নেই। তাই ডট্ এর মান এমনভাবে নির্বাচন করা উচিত যাতে খুব সুন্দরভাবে ডট্ গুলি মানচিত্রের মধ্যে সুসমভাবে বসানো

অধিক সংখ্যক ডট্ এগুলি গায়ে গায়ে লেগে আছে

গায়ে কতিপয় ডট্ অনেক দূরে দূরে অবস্থিত



সুষম ভাবে বণ্টিত ডট্

যাবে এবং চিত্রটি দেখতে সুন্দর হবে। অর্থাৎ ডট্ এর সংখ্যা যেমন খুব বেশী হবে না তেমনি খুব কম হবে না। ডট্ বসানোর জন্য যদি নির্দিষ্ট কোন অবস্থান (location) না থাকে তাহলে ডট্ dot গুলিকে মানচিত্রের মধ্যে সমানভাবে ছড়িয়ে বসাতে হবে।

9.4.2 ডট (Dot) এর আকৃতি

ডট্ এর আকৃতি (size) নির্ভর করে মূল মানচিত্রের (base map) স্কেলএবং ডট্ এর সংখ্যার উপর, কিন্তু এগুলি আকারে এত বড় হবে না যে যাতে চোখে একটি কর্কশভাবে ফুটে ওঠে কিংবা এত ক্ষুদ্র হবে না যে ঘন মানের এলাকায় একটি অস্পষ্ট বা দুর্বোধ্য কালির ছোপ তৈরি হয়েছে। মানচিত্রে।

খুব বড় বিন্দু



খুব ছোট বিন্দু—কোনটি কাম্য নয়

ডট্ বসানোর জন্য নির্দিষ্ট মাপের rottring কলম ব্যবহার করা উচিত। এতে ডট্ এর আকৃতি সমানভাবে সর্বত্র বজায় থাকবে। তবে সাধারণভাবে প্রচলিত ডট্ এর আকৃতি প্রায় মিমি বা 1/2 মিমি ব্যাসের হয়।

9.4.3 ব্যবহার ঃ

সাধারণত যে কোন বন্টন দেখাতে ডট্ এর ব্যবহার হয়, যথা জনসংখ্যা, গবাদি পশুর বন্টন ইত্যাদি। তবে গ্রামীন জনসংখ্যার বন্টন দেখাতে ডট্ এর ব্যবহার সর্বাধিক প্রচলিত। সাধারণত

একটি ডট্ এর মান 500, 1000, 1500 বা 5000 জনসংখ্যা ধরা হয়। বস্তুত গ্রামের গড় জনসংখ্যা মোটামুটি ঐ রকম নির্দেশ করে। আর ধারণা করা হয় যে একটি ডট্ মানে একটি গ্রামের জনসংখ্যা। তাই ডট্ মানচিত্রে এদের মান ঐ রূপ ধরা হয়। তবে সবকিছুর পরেও খেয়াল রাখা উচিত ডট্ এর মান নির্ভর করে মানচিত্রের আকৃতি অর্থাৎ স্কেল এবং জনসংখ্যার উপর। ছোট আকৃতির মানচিত্রে একটি ডট্ এর মান অনেক বেশী হবে আর বড় আকৃতির মানচিতে ডট্ এর মান কম হবে। ডট্ এর মানের কম বেশীর উপর ডট্ এর সংখ্যা ও বেশী কম হয়, সেই মত মানচিত্রের মধ্যে ডট্ গুলিকে বসানো হয়।

9.4.4 ডট ও স্ফিয়ার (Dot ও Sphere) মানচিত্র

পূর্বের আলোচনা থেকে এটা স্পষ্ট যে গ্রামীন জনসংখ্যার বন্টন দেখানোর জন্য ডট্ পদ্বতি এবং নগর জনসংখ্যার বন্টন দেখানোর জন্য গোলক পদ্বতি গ্রহণ করা হয়। একই মানচিত্রে এই দুপ্রকার জন বন্টন দেখাতে হলে অনেক সাবধান হতে হবে। সবসময় লক্ষ্য করা উচিত একটা ডট্ এর ব্যাসের অনুপাতে যেন গোলকটির ব্যাস হয়। না হলে মানচিত্র দেখে মনেহবে গ্রাম্য জনসংখ্যা অপেক্ষা নগর জনসংখ্যা অনেক বেশী। বিষয়টি এভাবে বোঝানো যেতে পারে। ধরা যাক কোন একটি নগরের জনসংখ্যা 10,00,000। গোলক আঁকতে হলে এর যদি cuberoot করা হয় তাহলে তার মান হয় 100। এবার ধরা যাক ঐ প্রশাসনিক এককের গ্রামীন জনসংখ্যার জন্য একটি ডট্ 1000 জন নির্দেশ করে এবং ঐ ডট্ এর ব্যাস 1 মিমি। এবার 1000 এর cube root হল 10। তাহলে 10 এককের জন্য স্কেল হল 1 মিমি ব্যাস। অতএব 100 এককের জন্য স্কেল হবে 100 ÷ 10 অর্থাৎ 10 মিমি বা 1 সেন্টিমিটার ব্যাস। সুতরাং নগর বসতির জন্য যে গোলকটি হবে তার এক সেমি ব্যাসযুক্ত। যদি এভাবে একই মানচিত্রে গ্রাম ও শহর জনসংখ্যার বন্টন দেখানো যায় তাহলে বন্টন বাস্তবের সঙ্গে মিল দেখাতে পারবে। মানচিত্রের স্কেল অনুযায়ী জনসংখ্যার আকার সব সময় সামঞ্জস্যপূর্ণ হয় না বলে এই অনুপাত বিষয়টি মেনে চলা কঠিন হয়ে পড়ে। তখন চেষ্টা করা উচিত যতটা সম্ভব অনুপাতকে অনুসরণ করা। আগের উদাহরণ থেকে তাই বলা যায় যে গোলকের জন্য 1 সেমি ব্যাসের বদলে 1 সেমি ব্যাসার্ধ বা 2 সেমি ব্যাস গ্রহণ করা যেতে পারে।



এক মানচিত্রে ডট স্থাপন ও গোলক অংকন ঃ একই মানচিত্রে ডট্ স্থাপন ও গোলক আঁকা সুচারুভাবে করতে হয়। শহর অবস্থানকে কেন্দ্র করে গোলকের কেন্দ্র নির্দিষ্ট হয় এবং ব্যাসার্ধ অনুযায়ী গোলক আঁকা হয়। কিন্তু ডট্ গুলির অবস্থান গোলককে ঘিরে তার চারিদিকে ছড়িয়ে পড়ে। ডট্ এর ঘনত্ব গোলকের কাছে বেশি হবে এবং দূরে তা পাতলা হবে। কারণ, ভাবা হয় যে শহরের নিকটবর্তী গ্রামের জনসংখ্যা দূরের গ্রাম অপেক্ষা বেশী। তাই ডট্ এর ঘনত্ব শহরকে ঘিরে বেশি হবে।

9.4.5 ডট মাপচিত্র অংকন

ডট্ এর সাহায্যে মাপচিত্র আঁকা খুব কঠিন নয়। প্রথমে মানচিত্রের স্কেল দেখে ডট্ এর সংখ্যা নির্ণয় করে এগুলি স্থাপন করলেই হবে। তবে মানচিত্রে কোন ডট্ কে যেন বিন্দু (point) বলে মনে না হয়। মনে রাখা দরকার প্রতি ডট্ এর নির্দিষ্ট আকৃতি আছে অর্থাৎ ব্যাসার্ধ আছে। তার মানে হল ডট্ দ্বিমাত্রিক চিত্র। কিন্তু বিন্দু হল মাত্রাহীন চিত্র, কারণ এর মাত্র অবস্থিতিটুকুই আছে।

নীচে বাঁকুড়া জেলার গ্রাম্য জনসংখ্যার বন্টন ডট্ এর দ্বারা দেখানো হল।

ক্রমিক নং	থানার নাম	জনসংখ্যা (1991)	ডট্ স্কেল	ডট্ এর সংখ্যা
1	সোনামুখী	123665	একটি ডট্ 5000 জনসংখ্যা নির্দেশ করে	25
2	পাত্রসায়ার	131330		26
3	কোতলপুর	144528		29
4	ইন্দুস	132344		26
5	জয়পুর	122082		24
6	বিষ্ণুপুর	115286		31
7	রানিবাঁধ	93748		19
8	গঙ্গাজল ঘাঁটি	143595		29
9	বারজোড়া	144761		29
10	সালতোরা	110929		22
11	অন্ডা	191078		38
12	তালডাঙ্গা	111573		22
13	সিমলাপাল	111308		22
14	মেজিয়া	98894		20
15	রায়পুর	215870		43
16	ছাতনা	156147		31
17	ইন্দপুর	125106		25
18	বাঁকুড়া	191578		38
19	খাতরা	138365		28

9.4.6 চিত্রের ব্যাখ্যা

বাঁকুড়া জেলার গ্রামীন জনসংখ্যার বন্টন ডট্ পদ্বতির মাধ্যমে দেখানো হয়েছে (চিত্র 9.6)



POLICE STATIONS

1. Sonamukhi
2. Patrasayer
3. Kotulpur
4. Indus
5. Japypur
6. Bishnupur
7. Ranibandh
8. Gangajalghati
9. Barjona
10. Saltora
11. Onda
12. Taldanga
13. Simlapal
14. Mehhia
15. Raipur
16. Chhatna
17. Indpur
18. Bankura
19. Khatra

চিত্র 9.6

মানচিত্র দেখে বোঝা যাচ্ছে যে এই জেলার প্রায় সর্বত্র জনসংখ্যার বন্টন সমান। দক্ষিণ পশ্চিমে রাণিবাঁধ ও খাতরা ছাড়া সর্বত্র জনংসখ্যার ঘনত্ব বেশী। তবে সবচেয়ে বেশী বন্টন জেলার মধ্যভাগে হয়েছে। জনসংখ্যার ঘনত্ব পশ্চিম অংশে সবচেয়ে কম হয়েছে।

9.5 ত্রিমাত্রিক চিত্র

দ্বিমাত্রিক চিত্রের কিছু অসুবিধার জন্য কোন কোন ক্ষেত্রে ত্রিমাত্রিক চিত্র অংকন করা হয়। ত্রিমাত্রিক চিত্রের মূলত দুটি প্রতীক চিহ্ন ব্যবহার করা হয়। যথা- ঘনক ও গোলক। ঘনকের ক্ষেত্রে তিনটি মাত্রা হল দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা এবং গোলকের ক্ষেত্রে মাত্রাগুলি হল ব্যাসার্ধ, কোণ ও গভীরতা । গোলকের ক্ষেত্রে গভীরতা সর্বদা ব্যাসার্ধের সমান। ত্রিমাত্রিক চিত্রে দ্বিমাত্রিক চিত্র অপেক্ষা একটি মাত্রা বেশী থাকায় কোন উপাদানকে অনেক বেশী পরিসরের পরিমাণে অধিকতর কার্যকরী ভাবে আঁকা ও বোঝানো সহজ হয়। কোন মানচিত্রে বর্গক্ষেত্র বা বৃত্ত মাপচিত্র উপাদানের পরিমাণের সাপেক্ষে পরস্পর পরস্পরকে অতিক্রম করতে পারে অর্থাৎ দুটি বৃত্ত বা বর্গক্ষেত্র মানচিত্রের উপর আঁকতে গেলে গায়ে গায়ে লেগে যেতে পারে। ত্রিমাত্রিক চিত্র যেহেতু অধিকতর পরিসরের পরিমাণকে সহজেই অর্থাৎ ছোট জায়গার মধ্যে দেখাতে পারে সেই জন্য মানচিত্রের ওপর ঐ সব মাপচিত্র আঁকলে তাদের গায়ে গায়ে লেগে যাওয়ার বা অধিক্রমিত হওয়ার সম্ভাবনা থাকে না।

9.5.1 আনুপাতিক গোলক চিত্র

গোলকের আকৃতি কোন উপাদানের পরিমাণের অনুপাত নির্দেশ করে। যেহেতু ইহা ত্রিমাত্রিক তাই এই চিত্র ঘনফল (volume) নির্দেশ করে। সুতরাং ভূগোলকের ঘনফল উপাদানের পরিমাণের প্রত্যক্ষ অনুপাত নির্দেশ করে এবং এই নীতির উপর ভিত্তি করেই গোলক আঁকা হয়। অন্যভাবে বলা যায় এক একক ঘনফলের একটি গোলক একটি পরিমাণ নির্দেশ করে, যা গোলকের জন্য ঘনফল মাপনী (volume Scale) গঠন করে। অর্থাৎ গোলক তৈরি করতে গেলে মাপনী কি হবে তা নির্দেশ করে। যদি ঘনফল (v) সহভূগোলকের ব্যাসার্ধকে r ধরা হয় এবং পরিমাণকে q ধরা হয় তাহলে নীচের সূত্রের সাহায্যে গোলকের ব্যাসার্ধের নির্ণয় করা যায়।

$$\frac{4}{3}\pi r^3$$

অথবা $r^3 = \frac{q}{\frac{4\pi}{3}} = \frac{q \times 3}{4\pi}$ q = উপাদানের পরিমাণ

অথবা $r = 3\sqrt{\frac{3q}{4\pi}}$

পূর্বের বৃত্ত মাপচিত্রের ন্যায় গোলকের ব্যাসার্ধ (r) একক নির্দেশ করে এবং নির্দিষ্ট মাপনীতে ঐ এককে পরিবর্তিত করে ঐ ব্যাসার্ধ নিয়ে প্রথমে বৃত্ত আঁকা হয় এবং পরে ঐ বৃত্তকে গোলকে পরিণত করতে হয়।

বৃত্তের মধ্যে কতগুলি রেখা অংকনের মাধ্যমে গোলকের ত্রিমাত্রিক রূপ ফুটিয়ে তুলতে হয়। রেখাগুলি টানার জন্য নিয়ম বা নীতির কোন দরকার হয় না। সম্পূর্ণ ব্যক্তিগত ভাবনা চিন্তা, দৃষ্টিভঙ্গী পছন্দ প্রভৃতির উপর নির্ভর করে। অর্থাৎ বৃত্তকে রেখার দ্বারা ছায়াপাতের (Shading) মাধ্যমে ত্রিমাত্রিক রূপদান করা।

তবে এক্ষেত্রে একথা বলা অবশ্যই দরকার যে, গোলকটি আঁকা হয় পৃথিবীর প্রতীক রূপে। পৃথিবী যেহেতু একট গোলক সেহেতু এখানেও গোলকটি পৃথিবীর ক্ষুদ্র সংস্করণ রূপে একটি ভূ গোলক নির্দেশ করে এবং এই ধারণায় গোলক চিত্র আঁকা হয়।

তাই $66\frac{1^0}{2}$ কোণে হেলানো অক্ষ, দ্রাঘিমা রেখা ও সমাক্ষ রেখা আঁকার মাধ্যমে বৃত্তটিকে এমনভাবে তুলে ধরতে হয় যে এটি গোলক তথা ত্রিমাত্রিক রূপ ধারণ করে। যা পাশের চিত্রে দেখানো হল- গোলকটিকে আরো মনোগ্রাহী ও দৃষ্টিনন্দন করার জন্য গোলকের অর্ধেক অংশ আলোকিত ও অর্ধেক অংশ অন্ধকারাচ্ছন্ন আছে এমন উপস্থাপনা করতে পারলে ভাল হয়। তবে এরূপ করতেই হবে এমন বাধ্য বাধকতা নেই। এমনও কোন বাধ্য বাধকতা নেই যে গোলকটি ঠিক ঠিক $66\frac{1^0}{2}$ কোণে হেলানো থাকবে। সবই প্রতীকী, তাই সঠিকতা এখানে মাপকাঠি নয়, পরিমাণের অনুপাতে ত্রিমাত্রিক উপস্থাপনাই এক্ষেত্রে একমাত্র ও প্রধান বিবেচ্য বিষয়।



গোলক চিত্রের জন্য মাপনী এমনভাবে নির্বাচন করতে হবে যাতে মূল মানচিত্রের সাপেক্ষে এক একটি গোলক খুব বড় বা ছোট হবে না। যদি মানচিত্র প্রশ্নপত্রের সঙ্গে না দেওয়া হয় কিংবা মানচিত্রের উপর না আঁকতে হয় তাহলে একটি ভূমিরেখার উপর নির্দিষ্ট ব্যবধানে পরপর গোলক সমূহ আঁকতে হবে। কমপক্ষে তিনটি ছোট, বড় ও মাঝারী এই তিন প্রকার গোলকের সাহায্যে চিত্রগত ভাবে আনুপাতিক মাপনী অবশ্যই আঁকতে হবে। এজন্য পূর্বের নিয়ম অনুসরণ করলে চলবে।

ব্যবহার ঃ

মানচিত্রে নগর জনসংখ্যার বন্টন দেখানোর জন্য মূলত গোলক চিত্র ব্যবহার করা হয়। কারণ কোন শহরের জনসংখ্যা তার আয়তনের তুলনায় অনেক বেশী হয়। নগর জনসংখ্যার বন্টন ডট্ বিন্দু (dot) চিত্রের মাধ্যমে দেখানো সম্ভব নয়, আয়তন অনুপাতে ডট্ এর সংখ্যা এত বেশী হয় যে ক্ষুদ্র পরিসরের মধ্যে ডট্ গুলিকে অবস্থিত করালে ডট্গুলি একে অপরের গায়ে লেগে যাবে এবং সর্বশেষে একত্রে মিশে যাবে। তখন ডট্ এর সংখ্যা গোনা যাবে না। বন্টনের বৈশিষ্ট্য ও চরিত্র বোঝা যাবে না। মানচিত্র দেখে কোন শহরের জনসংখ্যার পরিমাণ জানা বা গণনা করা আদৌ সম্ভব হবে না। কিন্তু একটি গোলক একটি শহরের জনসংখ্যা নির্দেশ করে। তাই মাপনী দ্বারা গোলকের সাহায্যে মানচিত্র থেকে কোন শহরের জনসংখ্যা নির্ণয় করা যায়। এছাড়া একই মানচিত্রে বিভিন্ন শহরের মধ্যে জনসংখ্যার পরিমাণের তুলনা করা যায়। মনস্তাত্ত্বিক দিক থেকে নগর জনসংখ্যার সঙ্গে গোলক চিত্র ধারণার মিল রয়েছে। এক একটি শহর যেন নিজস্ব এক একটি সত্ত্বা, শহরের জনগণ একটি গন্ডীর মধ্যে একত্রে ঘন সন্নিবিষ্ট হয়ে বসবাস করে । তাই নগর জনসংখ্যার বন্টন গোলকের সাহায্যে দেখালে মন থেকে মেনে নেওয়াটা যেন সহজ হয়।

9.5.2 উদাহরণ ঃ

প্রদত্ত নগর জনসংখ্যার সাহায্যে গোলক চিত্র আঁকুন (চিত্র 9.7)।



চিত্র 9.17

শহরের নাম	নগর জনসংখ্যা
দুবরাজপুর	25406
ময়ূরেশ্বর	17205
সাঁইথিয়া	30024
বোলপুর	52760

হিসাব (Calculation) - নীচের সূত্রের সাহায্যে গোলকের ব্যাসার্ধ নির্ণয় করা হল। ইহা সারণীয় মধ্যে দেখানো হল।

$\frac{4}{3}\pi r^3 =$ মোট জনসংখ্যা

$$r = 3\sqrt{\frac{3 \times \text{জনসংখ্যা}}{4\pi}}$$

শহরের নাম	জনসংখ্যা	$r = 3\sqrt{\frac{3 \times \text{জনসংখ্যা}}{4\pi}}$	নির্বাচিত স্কেল	গোলকের ব্যাসার্ধ (r/s) সেমি
দুবরাজপুর	25406	18.24	1 সেমি ব্যাসার্ধ =15 একক	1.2
ময়ূরেশ্বর	17205	16.01		1.1
সাঁইথিয়া	30024	19.28		1.3
বোলপুর	52760	23.27		1.6
লৈখিক স্কেল	15000	15.30		1.0
	30000	19.27		1.3
	55000	23.59		1.6

9.6 প্রশ্নাবলী

1) আইসোপ্লেথ কাকে বলে? কোন কোন বিষয় আইসোপ্লেথ এর মাধ্যমে দেখানো হয়?
2) সন্নিবেশ পদ্বতি কি এবং কিভাবে এই পদ্বতি আইসোপ্লেথ আঁকতে গ্রহণ করা হয়?
3) আইসোপ্লেথ অংকনে শুরু থেকে শেষ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন?

4) প্রদত্ত মানচিত্রগুলির ওপর আইসোপ্লেথ অংকন করুন ?

4a. প্রদত্ত মানচিত্রে বিভিন্ন স্থানের উচ্চতা (ফুটে) দেখানো আছে। 300 ফুট থেকে শুরু করে প্রতি 100 ফুট অন্তর সমোন্নতি রেখা অঙ্কন করুন (যথা 300 ফুট, 400 ফুট, 500 ফুট ইত্যাদি সমোন্নতি রেখা)



SPOT HEIGHT IN FEET SCALE-1 : 63360

4b. একটি নদী উপত্যকা অংশের মানচিত্রে কয়েকটি স্থানের উচ্চতা (মিটার) দেখানো হয়েছে। এতে নির্দিষ্ট 400 মিটার, 600 মিটার, 800 মিটার ও 1000 মিটার (যে কোন তিনটি) মানের সমোন্নতি রেখা অংকন করুন।



4c. প্রদত্ত পূর্ব ভারতের একটি রাজ্যে (ত্রিপুরা) মানচিত্রে কয়েকটি স্থানের বৃষ্টিপাতের পরিমাণ (সেন্টিমিটারে) দেখান হল। এতে নির্দিষ্ট 230 সেন্টিমিটার 240 সেন্টিমিটার ও 250 সেন্টিমিটার মানের তিনটি সমবর্ষণ রেখা আঁকুন।

FIGURES INDICATE RAINFAIL INCM



5) কোরোপ্লেথ কথাটির অর্থ কি? কোরোপ্লেথ মানচিত্র কাকে বলে?

6) এই মানচিত্রের সাহায্যে কি কি বিষয় দেখানো হয় এবং কেন?

7) কোরোপ্লেথ মানচিত্রের গঠন প্রণালী ব্যাখ্যা করুন।

8) গানিতিক ও জ্যামিতিক বৃদ্বি করতে কি বুঝ? শ্রেণী ব্যবধান নির্ণয়ে কখন এসব পদ্বতির দরকার হয়?

9) প্রদত্ত রাশিতথ্যের ভিত্তিতে কোরোপ্লেথ সারণী গঠন করুন

থানার নাম	আয়তন (বর্গকিমি)	জনসংখ্যা
মুরারাই	351.4	267452
নলহাটি	261.3	264382
রামপুরহাট	362.0	173851
মারগ্রাম	299.2	142238
ময়ূরাক্ষী	379.7	215410
মহম্মদ বাজার	313.4	116319
রাজনগর	221.2	61539
খয়রাসোল	175.2	76776
কাঁকরলালা	102.9	45305
দুবরাজপুর	342.7	162770
সুরি	219.3	176077
পান্নু	251.3	94554
সাঁইথিয়া	303.2	104037
ইলামবাজার	259.5	96372
বোলপুর	331.5	176072
লাভপুর	204.8	153546
নান্নুর	309.2	168364

10) কোরোপ্লেথ মানচিত্র গঠনের কি কি অসুবিধা দেখা যায়?

11) ডট্ (dot) ও গোলক প্রতীক চিহ্নের দ্বারা কোন বিষয় মানচিত্রে ভালভাবে তুলে ধরা হয়?

12) শহর ও গ্রামীন জনসংখ্যার বন্টন দেখাতে যথাক্রমে গোলক ও ডট পদ্বতি কেন গ্রহণ করা হয়?

13) ডট্ (dot) ও গোলকের মধ্যে পার্থক্য লিখুন।

14) প্রদত্ত জনসংখ্যার দ্বারা ডট্ ও গোলক চিত্র অংকন করুন ও চিত্রটিকে ব্যাখ্যা করুন।

থানা	মোট জনসংখ্যা	গ্রাম্য জনসংখ্যা
কৃষ্ণনগর	244635	246494
চাকদহ	251231	184027
রানাঘাট	420687	296138
শান্তিপুর	199508	90167
হাঁসখালি	223585	223585

15) প্রদত্ত গ্রামীন ও নগর জনসংখ্যা দ্বারা উপযুক্ত চিত্র অংকন করুন ও তা ব্যাখ্যা করুন

থানার নাম	গ্রামের লোকসংখ্যা	শহর জনসংখ্যা
দুবরাজপুর	242086	25806
ময়ূরেশ্বর	198205	17205
সাঁইথিয়া	138613	20024
বোলপুর	123312	52960

একক 10 ❑ ক্লাইমেটিক কারটোগ্রাম্‌স

গঠন

10.1 প্রস্তাবনা
উদ্দেশ্য
10.2 ক্লাইমোগ্রাফ
10.2.1 টেলর কর্তৃক প্রবর্তিত ক্লাইমোগ্রাফ
10.3 হাইথারগ্রাফ
10.4 কম্পোজিট ক্লাইমোগ্রাফ
10.5 উইন্ড রোজ
10.6 প্রশ্নাবলী

10.1 প্রস্তাবনা

জলবায়ুর মূল উপাদানগুলো হল উষ্ণতা, অধঃক্ষেপন (বৃষ্টিপাত, তুষারপাত প্রভৃতি) বায়ুর চাপ, বায়ুপ্রবাহ ও দিক, আদ্রতা বাষ্পীভবন, মেঘ ইত্যাদি। এ সব উপাদানের সাহায্যে ভূপৃষ্ঠের উপর কোন স্থানের আবহাওয়া ও জলবায়ুকে জানা যায়। প্রতিটি উপাদানের কয়েক বছরের গড় মানের সাহায্যে কোন স্থানের গড় আবহাওয়া অর্থাৎ জলবায়ুর ধরণ কিরূপ তা নির্ণয় করা হয়। আর এসব রাশিতথ্যকে এককভাবে বা একত্রে নানারকম মাপচিত্রের মাধ্যমে তুলে ধরা যায়। তখন কেবল চিহ্ন দেখে জলবায়ুর প্রকার ও বৈশিষ্ট্য জানা যায়।

উদ্দেশ্য—এই এককটি পড়ে আপনি প্রচলিত জলবায়ু সম্বন্ধীয় মাপচিত্রগুলোর মধ্যে উল্লেখযোগ্য মাপচিত্র গুলি জানতে পারবেন—

(i) ক্লাইমোগ্রাফ
(ii) উইন্ড রোজ ডায়াগ্রাম
এবং (iii) হাইথারগ্রাফ

10.2 ক্লাইমোগ্রাফ (Climograph) :

একটি ক্লাইমোগ্রাফ বা ক্লাইমোগ্রাম হল দ্বাদশ বাহু বিশিষ্ট (12sided) চিত্র, যেখানে যে কোন একটি নির্দিষ্ট স্থানের বারো মাসের নির্বাচিত জলবায়ু উপাদানগুলির গড় মাসিক মানকে পরস্পরের

বিপরীতে বসিয়ে এই চিত্র আঁকা হয়। উদ্ভূত এই লেখচিত্রের আকৃতি ও অবস্থান একটি স্থানের সাধারণ জলবায়ুগত বৈশিষ্ট্যর এক সূচক প্রদান করে, যার দ্বারা জলবায়ুবিদ্ বা ভূগোলবিদ্ ঐ স্থানের জলবায়ুকে চিহ্নিত করতে পারেন। সাধারণত তুলনা করার উদ্দেশ্য একটি চার্টের (chart) উপর এ ধরনের অনেক সংখ্যক চিত্র বসানো হয়। পৃথিবীর জলবায়ুগত অবস্থার বৈচিত্র্যকে সংক্ষিপ্ত করতে এই চিত্রকে ব্যবহার করা যেতে পারে। Koppen পৃথিবীর জলবায়ুর শ্রেণী বিভাগ করতে এ ধরনের চিত্রকে ব্যবহার করেছেন। এই চিত্র প্রথম প্রকাশ করেন J.Ball (1990) এবং পরবর্তীকালে এর উন্নতি ঘটান J.Leighly USDA (1941) E.E. Foster (1944) G. Taylor (1949)

10.2.1 টেলর (G.Taylor) কর্তৃক প্রবর্তিত ক্লাইমোগ্রাফ (Climograph)

মানুষের ক্রিয়াকলাপের উপর জলবায়ুগত অবস্থার প্রভাব বোঝাতে G.Taylor ক্লাইমোগ্রাফ প্রকাশ করেন। মানুষের উপর জলবায়ুর শারীরবৃত্তিয় ফলাফল অর্থাৎ জলবায়ু কতখানি আরামদায়ক বা কষ্টদায়ক তা বোঝাতে একটি অনড় (Fixed) কাঠামোর উপর গড় মাসিক আপেক্ষিক আর্দ্রতার (%) বিপরীতে আর্দ্রবাল্ব (Wetbulb) তাপমাত্রা (F^0) কে রেখাচিত্র দ্বারা অংকন করেন। চতুঃষ্কোণ বিশিষ্ট কাঠামোর Y অক্ষ বরাবর দেখানো হয় আর্দ্র বাল্ব তাপমাত্রা। Y অক্ষের উপর উলম্ব স্কেল



চিত্র নং 10.1 Taylor এর প্রবর্তিত কাঠামো

-10^0 ফাঃ থেকে 90^0 ফা এ ক্রমবিভক্ত করা। একইভাবে X অক্ষে আপেক্ষিক আর্দ্রতা দেখানো হয় যেখানে অনুভূমিক স্কেল 20% থেকে 100% এ বিভক্ত। এই কাঠামোর চারটি কোণ চারটি নামে চিহ্নিত , যথা ঃ দক্ষিণ পূর্বে Raw, উত্তর পূর্বে Muggy, উত্তর পশ্চিমে Scorching এবং দক্ষিণ পশ্চিমে keen। Raw নির্দেশ করে কম আর্দ্রবাল্ব উষ্ণতা (40^0 ফা এর নীচে) ও বেশী আপেক্ষিক আর্দ্রতা (70% এর অধিক)। কিন্তু Muggy এর ক্ষেত্রে উষ্ণতা (60^0 এর অধিক) ও আর্দ্রতা (70% এর অধিক) উভয়ই অনেক বেশী। অন্যদিকে Scorching 60^0 ফা এর বেশী উষ্ণতা ও 40^0 ফা ও 40% এর কম নির্দেশ করে। সুতরাং Raw জলবায়ু যে বৈশিষ্ট্য প্রদান করে তার বিপরীত অবস্থা হয় Scorching এর ক্ষেত্রে, অনুরূপ ভাবে Muggyর উল্টো বৈশিষ্ট্য Keen এর মধ্যে দেখা যায়।

Taylor ক্লাইমোগ্রাফ এর স্কেল ঃ

শারীরিক অনুভূতির পরিপ্রেক্ষিতে জলবায়ু কিরকম তা জানার জন্য Taylor শরীরে ভাল লাগা না লাগার অর্থাৎ অস্বস্তিকর অবস্থার একটি স্কেল নির্বাচন করেছেন। এই স্কেলটি ঐ কাঠামোর ডান প্রান্তে সাধারণত চিহ্নিত করা থাকে। (চিত্র নং 10.1) Taylor অস্বস্তিকর অবস্থার ছয়টি পর্যায় নির্দেশ করেছেন, এগুলি হল ঃ

a) খুব কদাচিৎ অস্বস্তিকর — উষ্ণতা 45^0 ফা এর নীচে হলে।
b) আদর্শ অবস্থা অর্থাৎ জলবায়ু আরামদায়ক — উষ্ণতা 45^0 থেকে 55^0 ফা হলে।
c) কদাচিৎ অস্বস্তিকর — উষ্ণতা 55^0 থেকে 60^0 ফা হলে।
d) মাঝে মাঝে অস্বস্তিকর — উষ্ণতা 60^0 থেকে 65^0 ফা হলে।
e) প্রায়শই অস্বস্তিকর — উষ্ণতা 65^0 থেকে 70^0 ফা হলে।
f) সাধারণত অস্বস্তিকর — উষ্ণতা 70^0 ফা এর বেশী হলে।

আঁকার পদ্ধতি ঃ

Taylor প্রবর্তিত কাঠামোর মধ্যে প্রতিটি মাসের উত্তাপ ও আপেক্ষিক আর্দ্রতার গড় মান অনুযায়ী স্থানাঙ্ক নির্ণয় করার পর স্থানাঙ্ক বিন্দুগুলিকে পরপর মাস অনুসারে অক্ষর প্রতীক দ্বারা চিহ্নিত করতে হয়। এরপর পর্যায়ক্রমে প্রত্যেক মাসকে সরলরেখা দ্বারা যোগ করলে বহুভুজ বিশিষ্ট ক্লাইমোগ্রাফ (চিত্র নং 10.2 পাওয়া যায়। ক্লাইমোগ্রাফ এর আকৃতি ও অবস্থান (কাঠামোর কোন কোণে অবস্থিত) অনুযায়ী স্কেলের ভিত্তিতে জলবায়ু আরামদায়ক কিংবা অস্বস্তিকর তা উল্লেখ করতে হয়।

উদাহরণ - প্রদত্ত রাশিতথ্যের সাহায্যে কোলকাতার ক্লাইমোগ্রাফ অংকন করুন চিত্র 10.2

মাস	জা	ফে	মা	এ	মে	জু	জুলা	আ	সে	অ	ন	ডি
আর্দ্র বাল্ব তাপমাত্রা	65	69	71	78	83	82	81	81	80	78	69	68
আপেক্ষিক তাপমাত্রা	40	44	38	38	57	69	81	79	75	72	48	48



চিত্র 10.2 কলকাতার ক্লাইমোগ্রাফ

ব্যাখ্যা ঃ চিত্র নং 10.2 কলকাতার ক্লাইমোগ্রাফ নির্দেশ করছে। এই চিত্রে দেখা যাচ্ছে যে ক্লাইমোগ্রাফটি scorching ও Muggy এই দুই কোণের মধ্যে আবদ্ধ এবং এটি Muggy র দিকে বেশি সুঁচালো। সুতরাং শারীরিক অনুভূতির পরিপ্রেক্ষিতে কলকাতার জলবায়ু আদর্শ অবস্থা অর্থাৎ আরামদায়ক থেকে মাঝে মাঝে অস্বস্তিকর অবস্থা নির্দেশ করছে।

10.3 হাইথারগ্রাফ (Hythergraph) :

ক্লাইমোগ্রাফ এর মত হাইথারগ্রাফও প্রকাশ করেন G.Taylor। ইহাও দ্বাদশ বাহু বিশিষ্ট চিত্র বা একটি নির্দিষ্ট স্থানের মাসিক গড় তাপমাত্রা ও বৃষ্টিপাতের অবস্থা নির্দেশ করে। ক্লাইমোগ্রাফ যে পদ্বতিতে আঁকা হয় হাইথারগ্রাফও সেই একই পদ্বতিতে আঁকা হয়। তবে এক্ষেত্রে অনুভূমিক অক্ষে আপেক্ষিক আর্দ্রতার পরিবর্তে বৃষ্টিপাতকে দেখানো হয় এবং উলম্ব অক্ষে তাপমাত্রাকে

দেখানো হয়। তাপমাত্রা ও বৃষ্টিপাতের নিরীখে বারোমাসের বারোটি স্থানাঙ্ক বিন্দু পর পর সরলরেখায় যোগ করলে এই ধরনের চিত্র পাওয়া যায় (চিত্র নং 10.3)

ব্যবহার ঃ মানুষের ক্রিয়াকলাপ যেমন কৃষিকাজ ইত্যাদির জন্য কিংবা আরও সম্যকভাবে জনবসতির সাপেক্ষে বিশাল জলবায়ুগত পার্থক্য সমূহকে সংক্ষিপ্ত করার জন্য প্রধানত হাইথারগ্রাফকে ব্যবহার করা হয়। যেমন ধরা যাক, ভারতবর্ষের জলবায়ু হল ক্রান্তিয় মৌসুমী জলবায়ু। কিন্তু দেশের সর্বত্র এই জলবায়ুর বৈশিষ্ট্য এক নয়, স্থানভেদে পার্থক্য আছে। ক্ষুদ্র পরিসরে সেই পার্থক্যকে জানার জন্য মানুষের অর্থনৈতিক কাজকর্মের পরিপেক্ষিতে তাই এই চিত্রের ব্যবহার হয়ে থাকে

উদাহরণ ঃ প্রদত্ত রাশিতথ্যের সাহায্যে আগ্রার হাইথারগ্রাফ অংকন করুন এবং দেখান যে গম চাষের জন্য ইহা কোন জলবায়ুর প্রয়োজনীয়তাকে নির্দেশ করে।

মাস	জা	ফে	মা	এ	মে	জু	জুলা	আ	সে	অ	ন	ডি
তাপমাত্রা (ফা)	60	64	69	82	95	91	86	87	83	78	65	58
বৃষ্টিপাত (ইঞ্চি)	.4	.3	.3	.2	.4	2.2	8.8	7.4	4.1	.7	.1	.3



চিত্র 10.3 আগ্রার হাইথারগ্রাফ

ব্যাখ্যা ঃ প্রতিটি মাসের তাপমাত্রা ও বৃষ্টিপাত অনুসারে বারো মাসের স্থানাঙ্ক বিন্দু স্থাপন করে ও বিন্দুগুলিকে পর্যায়ক্রমিক মাস অনুযায়ী সরলরেখায় যোগ করে আগ্রা হাইথারগ্রাফ অংকন করা হয়েছে এবং তুলনা করা হয়েছে। হাইথারগ্রাফ- এর আকৃতি দেখে বোঝা যাচ্ছে যে গম চাষের জন্য আগ্রাতে উষ্ণ গম বলয়ের অন্তর্গত স্থানসমূহের অনুরূপ জলবায়ু বিদ্যমান।

10.4 কম্পোজিট ক্লাইমোগ্রাফ (Composite Climograph)

G.Taylor- এর ক্লাইমোগ্রাফ বা হাইথারগ্রাফ জলবায়ুর দুটি উপাদান- তাপমাত্রা ও আপেক্ষিক আদ্রতা/ বৃষ্টিপাতনিয়ে আঁকা হয় এবং কাঠামোর মধ্যে এদের আকৃতি ও অবস্থান জলবায়ুর প্রকৃতি নির্দেশ করে। কিন্তু কম্পোজিট কাইমোগ্রাফ কোন স্থানের জলবায়ুর এই দুটি উপাদান নিয়ে গঠিত নয়, অন্যান্য উপাদানের গড় মাসিক মানকে প্রত্যেক মাসের বিপরীত প্রতীক চিহ্নের সাহায্যে এখানে দেখানো হয়। বিভিন্ন উপাদানগুলিকে একত্র সমাবেশ করে চিত্র গঠিত হয় বলে একে কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ নাম দেওয়া হয়েছে ।

অঙ্কন পদ্ধতি ঃ

কম্পোজিট্ ক্লাইমোগ্রাফও দ্বাদশ বাহু বিশিষ্ট বহুভূজ চিত্র। (চিত্র নং 10.4) Y অক্ষে বৃষ্টিপাত ও x অক্ষে তাপমাত্রার সাহায্যে প্রত্যেক মাসের স্থানাঙ্ক বিন্দু নির্ণয় করা হয় । মনে রাখা দরকার যে ক্লাইমোগ্রাফ ও হাইথারগ্রাফ ও উল্লম্ব অক্ষে (Y-axis) সবসময় তাপমাত্রা থাকে, কিন্তু এক্ষেত্রে তাপমাত্রা অনুভূমিক অক্ষে (X-axis) দেখানো হয়।

এরপর এক একটি মাসের স্থানাঙ্ক বিন্দুকে ঘিরে প্রতীক চিহ্ন বসিয়ে প্রত্যেক মাসের জলবায়ুর বিভিন্ন উপাদানগুলিকে দেখানো হয়। স্থানাঙ্ক বিন্দুগুলিকে পর্যায়ক্রমিক মাস অনুযায়ী ভগ্ন সরলরেখায় যোগ করলে বহুভূজ কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ পাওয়া যায়।

প্রতীক চিহ্ন ও তার বন্টন ঃ

এই চিত্রের প্রধান বৈশিষ্ট্য হল প্রতীক ব্যবহার। আপনাদের প্রত্যেকেরই প্রতীক চিহ্ন সম্পর্কে ভাল ধারণা থাকা প্রয়োজন। জলবায়ুর প্রধান উপাদানগুলির জন্য যে সব প্রতীক চিহ্ন সাধারণ ভাবে গৃহীত তার একটি তালিকা দেওয়া হল।

1) **মেঘের পরিমাণ ঃ** আকাশের মেঘাচ্ছন্নতাকে আটভাগের ভাগ অনুযায়ী দেখানো হয়। এর পরিমাণ খুব ছোট বৃত্তের মধ্যে দেখানো হয়। প্রতি মাসের স্থানাঙ্ক বিন্দুকে কেন্দ্র করে এই বৃত্ত আঁকা হয়। বিভিন্ন ভাগগুলি নিম্নরূপ ঃ

মেঘের পরিমাণ	প্রতীক চিহ্ন	চিত্রের মধ্যে মেঘাবৃত্তের
1/8	1	পরিমাণ দেখানোর জন্য স্থানাঙ্ক
1/4	.....	বিন্দুকে কেন্দ্র করে এ ধরনের ছোট
3/8	.....	একটি বৃত্ত এঁকে তার মধ্যে মেঘের
1/2	.....	পরিমাণ দেখাতে হয়। অর্থাৎ
5/8	.....	চিত্রের মধ্যে ঐ ক্ষুদ্রবৃত্তের অবস্থান
3/4	.....	মাসের অবস্থানকে চিহ্নিত করে।
7/8	.....	
সম্পূর্ণ মেঘাবৃত	.....	

2) **বায়ুর গতি (Wind velocity/speed)**

আন্তর্জাতিক ভাবে বায়ুপ্রবাহের গতি নট্ (knot) এ দেখনো হয়। কিন্তু একে কিলোমিটারেও দেখানো যেতে পারে। প্রশ্নপত্রে বায়ুপ্রবাহের পরিমাণ যদি কিমিতে দেওয়া থাকে তাহলে তাকে (knot)-এ রূপান্তরিত করে বায়ুপ্রবাহের গতি প্রতীক চিহ্নের মাধ্যমে দেখানো হয় 1.85 কিমিতে এক Knot ধরে রূপান্তর করতে হয়। প্রথমে দেখা যাক আন্তর্জাতিক প্রতীক চিহ্ন কি ধরনের—

5 knot এর কম।

5 knot


10 knot


15 knot


20 knot


25 knot

কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ আঁকার জন্য রাশিতথ্য অনুযায়ী আপনারা এর কিছু পরিবর্তন করতে পারেন। যেমন প্রতীকগুলিকে একই রকম রেখে বায়ুপ্রবাহের গতির পরিমাণ কিমিতে প্রকাশ

করতে পারেন, অর্থাৎ ——এই চিহ্ন সমান 5 knot এর বদলে 5 কিমি উল্লেখ করতে পারেন। এছাড়া প্রশ্নপত্রে বায়ুপ্রবাহের গতির প্রসরের উপর নির্ভর করে একই প্রতীক চিহ্ন দিয়ে গতির পরিমাণের তারতম্য ঘটানো যেতে পারে যেমন -

——— = 2.5 knot/km বা এর কম।

———— = 2.6–7.5 knot/km

———— = 7.6–10.0 knot/km

সুতরাং আপনারা নিজেদের সুবিধা মত প্রতীক চিহ্ন ও তার স্কেল নির্বাচন করবেন।

3) **বায়ুপ্রবাহের দিক** (Wind direction) বায়ু যে দিক থেকে প্রবাহিত হয় একটি সরলরেখার দ্বারা সেই দিক দেখানো হয়, নিচে তা দেখানো হল-

উত্তর

উত্তর পূর্ব

পূর্ব

দক্ষিণ পূর্ব

দক্ষিণ

দক্ষিণ পশ্চিম

পশ্চিম

উত্তর পশ্চিম



চিত্র নং 10.4

চিত্রের মধ্যে দিক নির্ণয় ও গতির পরিমাণ নির্দেশ করা হয়েছে ও তার প্যাটার্ন দেখানো হয়েছে। বায়ুপ্রবাহের গতি ও দিককে একই সাথে দেখানো হয়। মেঘাবৃত অবস্থানকে কেন্দ্র করে তার চারদিকে একে স্থাপন করা হয় যেমন মেঘাবৃত্তের পরিমাণ 5, বায়ুর প্রবাহের গতি 5Knot ও দিক উত্তরপূর্ব তাহলে এদের বন্টন পাশের চিত্রের মত হবে—

4) বৃষ্টিপাত দিনের সংখ্যা (No. of rainy days)

বৃষ্টিপাত দিনের সংখ্যা ডট্ (.)এর সাহায্যে দেখানো হয়। দিনের সংখ্যার নির্ভর করে ডট এর

স্কেল নির্বাচন করতে হয়। তাই একটি ডট সমান এক. দুই বা তিন দিন ধরা যায়, অথবা এরূপ নির্দিষ্ট না করে একটি ডট সমান 1 থেকে 3 দিন, দুটি ডট সমান 4 থেকে 6 দিন, এরূপ হিসাব করা যেতে পারে। অর্থাৎ কোন মাসে দুদিন বৃষ্টিহলে যেমন একটা ডট এর দ্বারা দেখানো যাবে, তেমনি 4 বা 5 বা 6 বা দিন বৃষ্টি হলে দুটো ডট এর সাহায্যে দেখানো যায়।

5) বায়ুর চাপ ঃ (Wind pressure) বায়ুর চাপ মিলিবারেও সংখ্যায় প্রকাশ করা হয়। তাই কম্পোজিট্ ক্লাইমোগ্রাফে ও তা প্রত্যেক মাসের পাশে সংখ্যা দিয়ে লেখা হয়। চাপের পরিমাণ তিন সংখ্যা বিশিষ্ট হলে সবগুলি সংখ্যা লেখা হয়। যেমন 996 মিলিবার। এক্ষেত্রে 996 এই সংখ্যাটি লেখা হবে। কিন্তু চার সংখ্যা বিশিষ্ট হলে তার শেষ তিনটি সংখ্যা লেখা হবে। যেমন 1002 মিলিবার লেখা হবে 002 কিংবা 1000 মিলিবার লেখা হবে 000 দিয়ে। চাপের পরিমাণ দশমিক সংখ্যায় প্রকাশিত হলে ঐ সংখ্যা তার আসন্ন মানে এনে চাপের পরিমাণ লিখতে হয়। যেমন 1010.3 মিলিবার লেখা হবে 010 যদি 996.5 থাকে তাহলে লেখা হবে 997 ।।

ব্যবহার ঃ

জলবায়ুর এই কয়েকটি প্রধান উপাদানের সাহায্যে কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ গঠন করা হয়। এখানে এই চিত্রের আকৃতিকে জলবায়ুর প্রকার নির্ধারণে বিবেচনা করা হয় না। প্রত্যেক মাসের উত্তাপ, বৃষ্টিপাত, বায়ুর চাপ, গতি, প্রবাহ দিক , মেঘাচ্ছন্নতা ও বৃষ্টিপাতের পরিমাণ বিবেচনা করে কোন স্থানের বায়ুর শ্রেণী বিভাগ করা হয় ও তার বৈশিষ্ট্য জানা হয়।

কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ আঁকতে হলে যে যে পদ্বতি গ্রহণ করা দরকার সেগুলি হল ,

1) অনুভূমিক ও উল্লম্ব অক্ষে যথাক্রমে তাপমাত্রা ও বৃষ্টিপাত অনুযায়ী স্কেল নির্বাচন করে এই দুই অক্ষকে মাত্রায় ভাগ করা।
2) উল্লিখিত দুই উপাদানের সাাহায্যে প্রত্যেক মাসের স্থানাঙ্ক বিন্দু নির্ণয় করা ও স্থাপন করা।
3) স্থানাঙ্ক বিন্দুকে কেন্দ্র করে প্রতি মাসের জন্য একটি করে ক্ষুদ্র বৃত্ত অংকন ও তাতে মেঘাচ্ছন্নতার পরিমাণ উল্লেখ করা।
4) মেঘাবৃত বৃত্তকে কেন্দ্র করে বায়ুপ্রবাহের দিক ও গতির পরিমাণ নির্দেশ করা।
5) বৃত্তের পাশে সুবিধা মত বৃষ্টিপাত দিনের সংখ্যার জন্য ডট বসান ও বায়ুর চাপের জন্য সংখ্যা লেখা।
6) মাসের নাম অক্ষর প্রতীকের দ্বারা লিখুন। রোমান হরফে, I, II, III ইত্যাদির মাধ্যমেও মাসের নাম বোঝান যেতে পারে। এর জন্য একটি সূচীপত্র তৈরি করতে হয়।
7) প্রত্যেক মাসকে পরপর— দ্বারা যোগ করা।
8) ফাঁক জায়গা দেখে (wind rose) চিত্র আঁকা।
9) জলবায়ুর উপাদানগুলির জন্য পৃথক পৃথক ভাবে সুচীপত্র (Index) তৈরি করা। কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ এ সূচীপত্রই প্রধান, কারণ এই চিত্রের জন্য আলাদা কোন হিসাব করতে হয় না।

উদাহরণ—নিচে প্রদত্ত রাশিতথ্যের দ্বারা কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ অংকন করুন এবং বেলুন ইহা কি ধরনের জলবায়ু নির্দেশ করছে (চিত্র 10.5)

MONTH	pressure in mb	Temp in ^{0}C	Rainfall in cm	Cloud Amount	wind speed km/h	No.of rainy days
JANUARY	993	49.6	1.20	2		5
FEBRUARY	990		2.80	2	2.8	1.5
MARCH	987	27	3.41	3	5.0	1.8
APRIL	98.4	30	5.00	3	6.5	1.7
MAY	985	30.4	13.40	4	7.8	1.2
JUNE	978	29.9	29.00	5	6.0	9.0
JULY	979	28.9	33.10	5	5.6	18.0
AUGUST	984	28.7	34.30	6	5.7	15.0
SEPTEMBER	982	28.9	25.32	7	4.8	10.5
OCTOBER	987	27.6	12.70	3	3.57	4.0
NOVEMBER	991	23.4	2.71	2	2.9	1.0
DECEMBER	992	19.7	0.40	1	2.5	0.5

WIND DIRECTION

SL	N	NE	E	SE	S	SW	SW	NW	CALM
1	5	4	1	1	2	1	0	1	16
2	4	3	1	1	2	1	1	15	15
3	1	2	1	2	9	3	3	9	9
4	1	1	0	2	16	2	2	3	3
5	1	3	2	9	10	0	0	5	5
6	0	0	1	8	10	1	0	7	7
7	0	1	2	5	13	2	1	6	6
8	0	2	2	8	4	2	0	3	3
9	2	0	1	1	5	3	0	10	10
10	1	6	5	1	0	0	1	16	16
11	8	3	0	1	1	1	5	10	10
12	11	7	1	0	0	0	1	11	11



চিত্র 10.5 কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ

ব্যাখ্যা ঃ অংকিত কম্পোজিট ও ক্লাইমোগ্রাফ কোন স্থানের মৌসুমী জলবায়ু নির্দেশ করে, কারণ গরমের মাসগুলিতে বায়ুর চাপ কম, বায়ুপ্রবাহ দক্ষিণ পশ্চিম ও দক্ষিণ দিক থেকে এবং মেঘাচ্ছন্নতা ও বৃষ্টিপাতের দিনের সংখ্যাও বেশী। অন্যদিকে শীতের মাসগুলিতে উল্লিখিত অবস্থান বিপরীত অবস্থায় দেখা যায়।

10.5 উইন্ড রোজ (Wind rose)

উইন্ড রোজ এক ধরনের তারকাচিত্র (star diagram)। সচরাচর বিদ্যমান (Prevailling) বায়ুপ্রবাহ বোঝাতে এই ধরনের চিত্র আঁকা হয়। এটি কম্পোজিট্ ক্লাইমোগ্রাফের অঙ্গাঙ্গী অংশ বিশেষ। ক্লাইমোগ্রাফ আঁকলে তার পাশে পৃথকভাবে উইন্ড রোজ আঁকতেই হবে। প্রতি মাসের বায়ুপ্রবাহের দিকের সংখ্যা ও শান্ত (calm) অবস্থার সংখ্যা নিয়ে উইন্ড রোজ আঁকতে হয় (চিত্র 10.5) । অনেক সময় বায়ু প্রবাহের দিন চরম সংখ্যার (absolute number) বদলে শতকরা হিসাবে পাওয়া যায়। যেভাবেই পরিসংখ্যা দেওয়া থাক না কেন একে রৈখিক স্কেলের সাহায্যে আঁকতে হয়। প্রবাহের দিকের মান সবসময় দৈর্ঘ্যের আনুপাতিক হয়।

অংকন পদ্ধতি ঃ বার মাসের বায়ুপ্রবাহের দিকের গড় মান বা সর্বাধিক চরম মান দিয়ে উইন্ড রোজ আঁকা হয়। কতকগুলি ধাপ অনুসরণ করলে এই চিত্র আঁকা হয়ে যায়। ধাপগুলি এরূপ

1) শান্ত অবস্থার বার মাসের গড় সংখ্যা দিয়ে এক সেমি ব্যাস এর (ব্যাস বা ব্যাসার্ধের নির্দিষ্ট কোন মান নেওয়ার বাধ্যবাধকতা নেই) একটি বৃত্ত অংকন করুন। গড় মানের বদলে সর্বাধিক মানযুক্ত মাসের চরম মান দিয়েও ঐ একই আকৃতির বৃত্ত আঁকা যায়।
2) বৃত্তের ভিতরে শান্ত অবস্থার মান সংখ্যায় লিখে দেবেন।
3) বৃত্তকে কেন্দ্র করে সমান কৌণিক দূরত্বে (45^0) আটটি সরলরেখা মোটামুটি পরিমাপ মত বৃত্তের প্রান্ত সীমানা থেকে টানুন। প্রতিটি রেখা এক একটি দিক নির্দেশ করে।
4) যে সরল রেখা যে দিক নির্দেশ করে সেই দিকের বায়ু প্রবাহের বার মাসের গড় মান অথবা যে মাসের মান সর্বাধিক সেই মানের সাপেক্ষে একটি নির্দিষ্ট স্কেল অনুযায়ী আনুপাতিক দৈর্ঘ্য পরিমাপ করে বৃত্তের প্রান্ত ভাগ থেকে ঐ দৈর্ঘ্য নিয়ে ঐ সরল রেখাকে কেটে নিন। এবার ঐ রেখার বর্ধিত অংশ মুছে দিন। উদাহরণ দিয়ে বিষয়টি বোঝান যাক। ধরা যাক উত্তর পূর্ব দিকের বায়ুপ্রবাহের মান জানুয়ারী মাসে সবচেয়ে বেশী 15 আছে। অন্য মাসগুলিতে এর চেয়ে কম। যদি এক সেমিতে 5 ধরা যায় তাহলে উত্তর পূর্ব দিকের সরল রেখার দৈর্ঘ্য হবে 3 সেমি। এভাবে বায়ু প্রবাহের আট দিক এঁকে নিন।

INDEX



TABLE NO–1

CALCULATION FOR WIND ROSE

DIRECTION	N	NE	E	SE	S	SW	W	NW	N
TOTAL	34	32	17	25	39	74	16	14	116
AVERAGE	2.8	2.67	1.4	2.08	3.25	6.16	1.3	1.16	9.67
SCALE	1.4	1.33	.7	1.04	1.6	3.08	.65	.58	4.83

5) সরলরেখাগুলির প্রান্ত ভাগ যোগ করে সীমানা চিহ্নিত করুন। কেমন সরলরেখা কি দিক নির্দেশ করে তা লিখে দিন।

6) এভাবে অংকিত উইন্ড রোজ এর পাশে স্কেল লৈখিকভাবে (Graphical) এঁকে দিন অথবা ভাষায় লিখে দিন।

ব্যবহার ঃ কোন স্থানের মাসিক বা বাৎসরিক বায়ুপ্রবাহের দিক, দিকের পরিবর্তন বা স্থায়িত্ব বোঝাতে উইন্ড রোজ ব্যবহার করা হয়। উপকূলবর্তী দিন রাতে সমুদ্র বায়ু ও স্থলবায়ুর দিক পরিবর্তন এই চিত্রের সাহয্যে তুলে ধরা যায়। বায়ুর দৈনিক বা ঋতুকালীন দিক পরিবর্তন, বা তার স্থায়িত্ব কোন অঞ্চলের আবহাওয়া ও জলবায়ুর বিশ্লেষনে গুরুত্বপূর্ণ উপাদানরূপে বিবেচনা করা হয়।

10.6 প্রশ্নাবলী

1) প্রদত্ত রাশিতথ্যের সাহায্যে কম্পোজিট্ ক্লাইমোগ্রাফ অংকন করুন ও এর জলবায়ুগত বৈশিষ্ট্য লিখুন।

MONTH	pressure in mb	Temp in ^{0}C	Rainfall in cm	Cloud Amount	No. of rainyday	wind speed	WIND DIRECTION								Calm
							N	NE	E	SE	S	SW	W	NW	
JAN	–	7.35	0.97	6.7	–	2.56	4	15	8	1	8	5	3	0	56
FEB	–	5.75	0.79	6.6.	–	3.15	3	11	6	0	7	6	7	0	60
MAR	–	0.30	0.71	6.1	–	4.66	2	9	8	5	11	5	6	0	54
APR	–	6.00	0.58	5.2	–	6.29	1	6	7	4	21	5	5	1	50
MAY	–	10.20	0.56	4.4.	–	6.53	1	4	5	5	28	9	4	1	53
JN	–	14.30	0.46	3.9	–	5.83	1	4	5	4	17	7	6	1	55
JL	–	17.35	1.19	4.6	–	4.43	2	5	5	2	8	5	5	0	68
AUG	–	17.10	1.50	4.7	–	3.96	1	5	6	2	14	3	2	0	67
SEPT	–	13.15	0.69	3.6	–	3.03	1	7	5	3	8	3	6	1	66
OCT	–	6.90	0.25	2.7	–	4.43	2	8	5	2	6	4	6	0	67
NOV	–	0.88	1.02	3.2	–	4.43	0	14	8	1	4	5	2	1	65
DEC	–	4.40	0.49	5.8	–	3.26	3	16	8	1	5	4	0	1	62

2) (a) নিম্নে প্রদত্ত রাশিতথ্যের দ্বারা ক্লাইমোগ্রাফ অংকন করুন, ইহা কি জলবায়ু নির্দেশ করছে তা বলুন

MONTH	pressure in mb	Temp in ^{0}C	Rainfall in cm	Cloud Amount	No. of rainyday	wind speed	WIND DIRECTION								Calm
							N	NE	E	SE	S	SW	W	NW	
JAN	1019.9	23.60	0.51	2.4	0.3	9.09	26	23	6	6	3	0	0	1	25
FEB	1011.2	25.16	1.35	2.6	0.6	8.86	20	15	7	18	10	1	0	1	28
MAR	1012.0	27.38	1.07	2.9	0.5	10.02	14	6	4	20	23	7	2	1	23
APR	1009.8	29.94	1.75	4.3	0.9	13.52	1	1	1	20	49	17	3	1	07
MAY	1005.6	32.50	3.35	4.6	2.0	15.39	1	1	1	13	30	18	13	14	09
JN	1003.2	31.88	10.71	6.0	6.2	17.72	2	0	0	3	5	8	34	42	06
JL	1003.1	29.50	16.23	7.8	10.7	19.39	0	0	0	0	4	12	40	35	09
AUG	1004.9	29.00	15.90	7.2	10.2	14.69	1	0	0	0	4	12	38	35	11
SEPT	1006.8	31.66	16.18	6.7	9.9	10.49	1	1	1	1	5	13	26	35	17
OCT	1010.4	27.94	21.84	4.8	6.5	8.39	18	14	4	5	5	4	9	17	24
NOV	1013.4	25.50	14.68	3.9	4.7	9.79	28	30	8	4	10	0	1	5	14
DEC	1015.8	23.61	1.61	2.5	0.9	9.79	40	31	8	3	0	0	0	1	17

(b)

MONTH	pressure in mb	Temp in ^{0}C	Rainfall incm	Cloud Amount	wind speed	No.of rainy day
JAN	992	19.6	1.20	2	3.0	0.5
FEB	990	22.0	2.80	2	2.8	1.5
MAR	987	27.1	3.41	3	5.0	1.8
APR	984	30.1	5.00	3	6.5	1.7
MAY	985	30.4	13.40	4	7.8	1.2
JN	978	29.9	29.00	5	6.0	9.0
JL	979	28.9	33.10	5	5.6	18.0
AUG	984	28.7	34.30	6	5.7	15.0
SEPT	982	28.9	25.32	7	4.8	10.5
OCT	987	27.6	12.70	3	3.5	4.0
NOV	991	23.4	2.71	2	2.9	1.0
DEC	992	19.7	0.40	1	2.5	0.5

WIND DIRECTION

MONTH	N	NE	E	SE	S	SW	W	NW	CALM
Jan	5	4	1	1	1	2	1	0	16
Feb	4	3	1	1	1	2	1	1	15
Mar	1	2	1	1	2	9	3	3	9
Apr	1	1	0	1	2	18	2	2	3
May	1	1	2	3	9	10	0	0	5
Jun	0	0	1	3	8	10	1	0	7
July	0	1	2	1	5	13	2	1	6
Aug	4	2	2	4	8	4	2	0	8
Sept	2	0	1	8	1	5	3	0	10
Oct	1	6	5	1	1	0	0	1	16
Nov	8	3	0	1	1	1	1	5	10
Dec	11	7	1	0	0	0	0	1	11

3) প্রদত্ত রাশিতথ্যের দ্বারা ক্লাইমোগ্রাফ এবং উইন্ড রোজ অংকন করুন এবং জলবায়ু সনাক্ত করুন

TABlE -1

Month	Temperature in^{0}C		Rainfall in mm	station level Pressure in mt	No. of Mean Rainy days	Wind speed kmph	cloud amount oktas of sky
	Highest in month	Lowest in month					
January	30.4	4.5	26.4	971.9	2.3	3.4	2.3
February	33.7	6.0	21.5	969.9	1.0	4.0	1.7
March	38.7	10.3	14.9	967.8	1.4	4.6	1.5
April	42.1	15.3	9.4	964.9	0.8	5.5	1.7
May	44.6	21.1	15.0	960.6	1.3	7.1	1.7
June	43.3	22.5	170.4	957.3	9.2	8.6	4.7
July	35.5	21.9	505.0	956.6	19.6	8.2	7.2
August	33.3	22.1	400.7	958.3	17.3	7.6	7.2
September	33.6	20.9	212.4	961.7	10.3	5.7	5.4
October	33.9	13.3	50.1	967.5	3.3	3.5	2.5
November	31.9	7.5	16.7	971.1	0.7	2.8	1.5
December	30.2	4.8	5.0	972.3	0.5	2.7	1.4

Table -II Wind

Percentage no. of day of wind

MONTH	N	NE	E	SE	S	SW	W	NW	CALM
January	5	8	4	33	9	1	1	2	37
February	3	5	3	36	9	3	3	2	36
March	3	5	4	32	12	6	3	3	32
April	2	5	3	25	13	13	9	2	28
May	2	2	1	10	11	29	26	3	16
June	1	7	1	4	9	41	18	9	10
July	0	2	1	4	7	41	31	4	10
August	2	3	1	4	6	38	31	3	12
September	2	6	4	9	9	25	21	4	20
October	2	8	5	30	15	4	4	1	31
November	1	4	4	48	11	1	1	1	29
December	3	4	4	44	8	1	0	1	35

Notes

This document was created with Win2PDF available at http://www.win2pdf.com.
The unregistered version of Win2PDF is for evaluation or non-commercial use only.
This page will not be added after purchasing Win2PDF.